


# দৈনন্দিন জীবনে ইসলাম

## যাকাত অধ্যায়



শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

# দৈনন্দিন জীবনে ইসলাম যাকাত অধ্যায়



শরীফুল ইসলাম বিন য়ায়নুল আবেদীন  
লিসান্স, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়, সউদী আরব।

দৈনন্দিন জীবনে ইসলাম-যাকাত অধ্যায়  
শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

প্রকাশক  
শরীফুল ইসলাম  
গ্রাম: পিয়ারপুর, পোঃ ধুরইল  
থানা- মোহনপুর, যেলাঃ রাজশাহী।

১ম প্রকাশ  
ছফর : ১৪৩৫ হিজরী  
ডিসেম্বর : ২০১৩ খ্রিষ্টাব্দ  
পৌষ : ১৪২০ বঙ্গাব্দ

[লেখক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত]

প্রচ্ছদ ডিজাইন  
সুলতান, কালার এফিক্স, রাজশাহী।

নির্ধারিত মূল্য  
৮৫ (পঁয়তাল্লিশ) টাকা মাত্র।

---

**DAYNONDIN JIBONE ISLAM- ZAKAT ODDHAI by  
Shariful Islam bin Joynul Abedin, Published by Shariful  
Islam, Piarpur, Mohonpur, Rajshahi, Bangladesh. 1<sup>st</sup> Edition  
December 2013. Price : \$5 (five) only.**

# সূচীপত্র

অনুমিক নং

বিষয়

পৃষ্ঠা নং

১ ভূমিকা

৭

## প্রথম পরিচেছে যাকাত পরিচিতি

২	যাকাতের পরিচয়	৯
৩	যাকাত ফরয হওয়ার সময়	৯
৪	যাকাতের গুরুত্ব ও ফয়েলত	৯
৫	ইসলামী শরী'আতে যাকাতের হুকুম ও তার অবস্থান	২৬
৬	যাকাত ত্যাগকারীর হুকুম	২৭
৭	যাকাত ত্যাগকারীর পরিণতি	৩০
৮	যাকাত ওয়াজিব হওয়ার শর্তসমূহ	৩৬
৯	যে সকল মালের যাকাত ওয়াজিব হওয়ার জন্য এক বছর পূর্ণ হওয়া শর্ত নয়	৪৩
১০	বছর পূর্ণ হওয়ার পূর্বেই যাকাত আদায়ের হুকুম	৪৪
১১	এক বছর পূর্ণ হওয়ার পূর্বে নিছাব পরিমাণ মালের কিছু অংশ ব্যয় হয়ে গেলে অথবা বিক্রি করে দিলে তার হুকুম	৪৫
১২	কোন দরিদ্রকে প্রদানকৃত ঝণের টাকা সে পরিশোধ করতে অক্ষম হলে তা ফেরত না নিয়ে যাকাতের টাকা থেকে বাদ দেওয়ার হুকুম	৪৬
১৩	যে সকল মালের যাকাত ফরয	৪৬
১৪	প্রদানকৃত ঝণের যাকাত	৫০
১৫	ঝণগ্রস্ত ব্যক্তির যাকাতের হুকুম	৫০
১৬	যাকাত ওয়াজিব হওয়ার পরে তা আদায়ের পূর্বে মালিক মৃত্যবরণ করলে তার হুকুম	৫২
১৭	যাকাত ওয়াজিব হওয়ার পরে তা আদায়ের পূর্বে নষ্ট বা হারিয়ে গেলে তার হুকুম	৫৩
১৮	যাকাতের নির্দিষ্ট অংশ বের করার পরে তা হকদারের নিকট পৌঁছানোর পূর্বে নষ্ট হলে বা হারিয়ে গেলে তার হুকুম	৫৩
১৯	যাকাত ওয়াজিব হওয়ার পরে তা আদায়ের পূর্বে বিক্রি করলে তার হুকুম	৫৪

২০	খণ্ডস্ত নিছাব পরিমাণ সম্পদের মালিক মৃত্যবরণ করলে কোনটি আগে আদায় করবে?	৫৪
২১	যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী দান করার হুকুম	৫৫
২২	কিরণ সম্পদ দ্বারা যাকাত আদায় করা উচিত?	৫৭
২৩	যাকাতের সম্পদ আত্মসাংকারীর পরিণাম	৫৮

### দ্বিতীয় পরিচ্ছেদ গৃহপালিত পশুর যাকাত

২৪	গৃহপালিত পশুর যাকাত ফরয হওয়ার দলীল	৬০
২৫	গৃহপালিত পশুর যাকাত ফরয হওয়ার শর্তসমূহ	৬০
২৬	গৃহপালিত পশুর যাকাত আদায়ের নিয়ম	৬২
২৭	ছাগলের যাকাত	৬৪
২৮	গরুর যাকাত	৬৪
২৯	উটের যাকাত	৬৫
৩০	গৃহপালিত পশুর যাকাত আদায়ে কতিপয় লক্ষণীয় বিষয়	৬৬
৩১	নিছাব পরিমাণ পশুর মালিক একাধিক হলে যাকাত আদায়ের হুকুম	৬৯
৩২	গাড়ী চালানো অথবা জমি চামের কাজে নিয়োজিত পশুর যাকাতের বিধান	৭১
৩৩	মহিষের যাকাত আদায়ের হুকুম	৭১
৩৪	ঘোড়ার যাকাত আদায়ের হুকুম	৭১
৩৫	পশুর পরিবর্তে তার মূল্য দ্বারা যাকাত আদায়ের হুকুম	৭২

### তৃতীয় পরিচ্ছেদ স্বর্ণ ও রৌপ্যের যাকাত

৩৬	স্বর্ণ ও রৌপ্যের যাকাত ফরয হওয়ার দলীল	৭৪
৩৭	স্বর্ণ ও রৌপ্যের নিছাব	৭৫
	খাদ সহ স্বর্ণের নিছাব	৭৬
৩৮	স্বর্ণ ও রৌপ্য উভয়টি মিলে নিছাব পরিমাণ হলে যাকাত ফরয হবে কি?	৭৭
৩৯	যাকাত ফরয হওয়ার জন্য একক মালিকানায় নিছাব পরিমাণ স্বর্ণ ও রৌপ্য থাকা শর্ত কি?	৭৭
৪০	ব্যবহৃত অলংকারের যাকাত	৭৮

৪১	নারীর ব্যবহৃত অঙ্কারে যাকাত ফরয নয় মর্মে পেশকৃত দলীলের জবাব	৮০
৪২	নগদ অর্থের যাকাত	৮২
৪৩	নগদ অর্থের নিছাব	৮৩
৪৪	চাকুরিজীবীদের প্রভিডেন্ট ফাল্ডে জমাকৃত টাকার যাকাত আদায়ের বিধান	৮৩
৪৫	নির্দিষ্ট মেয়াদের ভিত্তিতে ব্যাংকে জমাকৃত টাকার যাকাত আদায়ের বিধান	৮৪
৪৬	মুদ্রাসমূহের যাকাত বের করার পদ্ধতি	৮৪

### চতুর্থ পরিচ্ছেদ

#### জমিতে উৎপাদিত ফল ও ফসলের যাকাত

৪৭	জমিতে উৎপাদিত ফল ও ফসলের যাকাত ফরয হওয়ার দলীল	৮৫
৪৮	কৃষিপণ্যের যাকাতের নিছাব ও পরিমাণ	৮৬
৪৯	বৃষ্টির পানি ও কৃত্রিম সেচ উভয় মাধ্যমে উৎপাদিত শস্যের যাকাতের পরিমাণ	৮৭
৫০	এক শস্য অন্য শস্যের নিছাব পূর্ণ করবে কি?	৮৮
৫১	যে সকল শস্যের যাকাত ফরয	৮৮
৫২	কখন শস্যের যাকাত ফরয?	৮৯
৫৩	শস্য উৎপাদনের ব্যয় বাদ দিয়ে যাকাত ফরয কি?	৯০
৫৪	বাংসরিক লিজ নেয়া জমি থেকে উৎপাদিত শস্যের যাকাত	৯১
৫৫	খাজনার জমিতে উৎপাদিত শস্যের যাকাতের বিধান	৯১
৫৬	জমিতে শস্যের পরিবর্তে মাছের চাষ করা হলে তার যাকাতের বিধান	৯২
৫৭	আলুর যাকাতের বিধান	৯২
৫৮	মধুর যাকাতের হুকুম	৯২

### পঞ্চম পরিচ্ছেদ

#### ব্যবসায়িক মালের যাকাত

৫৯	ব্যবসায়িক মালের যাকাত ফরয হওয়ার দলীল	৯৪
৬০	ব্যবসায়িক মালের যাকাত ফরয হওয়ার শর্ত	৯৬
৬১	দৈনন্দিন প্রয়োজনীয় ব্যবসায়িক পণ্য-সামগ্ৰীৰ যাকাত	৯৬
৬২	জমিৰ যাকাত	৯৭

**ষষ্ঠ পরিচ্ছেদ**  
**যাকাত বণ্টনের খাতসমূহ**

৬৩	যাকাত বণ্টনের খাত ৮টি	৯৯
৬৪	শক্তিশালী ও কর্মক্ষম ব্যক্তির যাকাতের মাল ভক্ষণের হৃকুম	১০৭
৬৫	পিতা-মাতাকে যাকাত দেওয়ার বিধান	১০৮
৬৬	নিজের স্বামীকে যাকাত দেওয়ার বিধান	১০৮
৬৭	নিজের স্ত্রী ও সন্তানদেরকে যাকাত দেওয়ার বিধান	১১০
৬৮	নিকটাত্ত্বায়কে যাকাত দেওয়ার বিধান	১১১
৬৯	অমুসলিমদেরকে যাকাত দেওয়ার বিধান	১১১
৭০	যাকাতের টাকা দিয়ে মসজিদ ও গোরস্থান তৈরীর বিধান	১১২
৭১	নিজের প্রদানকৃত যাকাতের মাল পুনরায় ক্রয় করার হৃকুম	১১২
৭২	নিজের প্রদানকৃত যাকাতের মালের ওয়ারিছ হলে তার হৃকুম	১১৩
৭৩	ভুলবশত নির্ধারিত ৮টি খাতের বাইরে প্রদান করলে যাকাত আদায় হবে কি?	১১৩
৭৪	নির্ধারিত ৮টি খাতে যাকাত বণ্টনের পদ্ধতি	১১৫

**সপ্তম পরিচ্ছেদ**  
**যাকাতুল ফিতর**

৭৫	যাকাতুল ফিত্র ফরয হওয়ার দলীল	১১৬
৭৬	যাকাতুল ফিত্র ফরয হওয়ার জন্য নিছাব পরিমাণ সম্পদের মালিক হওয়া শর্ত কি?	১১৭
৭৭	যা দ্বারা যাকাতুল ফিত্র আদায় বৈধ	১১৮
৭৮	টাকা দিয়ে যাকাতুল ফিত্র আদায় করার হৃকুম	১১৯
৭৯	যাকাতুল ফিত্রের পরিমাণ	১২০
৮০	যাকাতুল ফিত্র আদায়ের সময়	১২৩
৮১	যাকাতুল ফিত্র বণ্টনের খাত সমূহ	১২৫
৮২	উপসংহার	১২৭

## ভূমিকা

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الْحَمْدُ لِلَّهِ نَحْمَدُهُ وَنَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَسْتَهْدِيهُ وَنُؤْمِنُ بِهِ وَنَتَوَكَّلُ عَلَيْهِ  
وَنَعُوذُ بِاللَّهِ مِنْ شُرُورِ أَنفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا مَنْ يَهْدِي اللَّهُ فَلَا مُضِلٌّ لَهُ  
وَمَنْ يُضْلِلُ فَلَا هَادِيَ لَهُ وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ  
أَنْ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ أَرْسَلَهُ بِالْهُدَى وَدِينُ الْحَقِّ لِيُظْهِرُهُ عَلَى الدِّينِ كُلِّهِ  
وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ وَجَعَلَهُ رَحْمَةً لِلْعَالَمِينَ بَشِيرًا وَنَذِيرًا وَدَاعِيًا إِلَى اللَّهِ بِإِذْنِهِ  
وَسِرَاجًاً مُنِيرًا مَنْ يُطِيعُ اللَّهَ وَرَسُولَهُ فَقَدْ رَشَدَ وَمَنْ يَعْصِيهِمَا فَقَدْ غَوَى -

আল্লাহ তা'আলা মানব জাতিকে আশরাফুল মাখলুকাত তথা সৃষ্টির শ্রেষ্ঠ জীব হিসাবে পৃথিবীতে পাঠিয়েছেন। আর তাদের সার্বিক জীবন পরিচালনার জন্য ইসলামকে একমাত্র দ্বীন হিসাবে মনোনীত করেছেন; যা পাঁচটি স্তম্ভের উপর প্রতিষ্ঠিত; এর অন্যতম স্তম্ভ হল যাকাত। শ্রেষ্ঠ ইবাদত ছালাতের পরেই যাকাতের স্থান। কুরআনুল কারীমের অধিকাংশ জায়গায় আল্লাহ তা'আলা ছালাতের পরেই যাকাত আদায়ের নির্দেশ দিয়েছেন। ছালাত যেমন ফরয ইবাদত এবং তা অস্বীকারকারী কাফির; যাকাত তেমনি ফরয ইবাদত এবং তা কাজ থেকে বিরত রাখে; যাকাত তেমনি মানুষকে ক্রপণতার কালিমা থেকে মুক্ত করে, অর্জিত সম্পদকে পরিচ্ছন্ন ও পরিশুন্দ করে এবং অবৈধ ধনলিঙ্গা দূর করে। অতএব যাকাতের বিধান ইসলামের একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে, যা আদায় করা সামর্থ্যবান সকলের উপর ফরয। আর এটাই দারিদ্র্য বিমোচনের প্রধান মাধ্যম। প্রত্যেক সমাজের ধনী ব্যক্তিরা যদি পূর্ণ মাত্রায় তাদের সম্পদের যাকাত বের করে এবং স্ব-স্ব সমাজের গরীবদের মাঝে সুষ্ঠু বণ্টন করে, তাহলে সমাজ থেকে দারিদ্র্যতা মুছে যাবে। সাথে সাথে গড়ে উঠবে মুসলমানদের পরস্পরের মধ্যে ভাতৃত্ববোধের শক্ত প্রাচীর। আর এর মাধ্যমেই ইহলোকিক জীবনে নেমে আসবে অনাবিল শান্তি এবং পরলোকিক জীবনে অর্জিত হবে জান্নাতের অফুরন্ত নে'আমত। কিন্তু দুঃখের

বিষয় হল, অধিকাংশ মানুষ ছালাত, ছিয়াম সহ অন্যান্য ইবাদত পালনে আগ্রহী হলেও তারা তাদের সম্পদের যাকাত আদায়ের প্রতি অনিহা প্রদর্শন করে। কেননা মানুষের নিকট দুনিয়ার সবচেয়ে ভালবাসার বক্ষ হল তার অর্জিত ধন-সম্পদ। কখনোই সে তা নিজের হাত ছাড়া করতে ইচ্ছুক নয়। যেমন- রাসূল (ছাঃ)-এর মৃত্যুর পরে কুরাইশদের মধ্যে অনেকেই ইসলামের অন্যান্য বিধান মেনে চলার স্বীকৃতি দিলেও যাকাত আদায়ে অঙ্গীকৃতি জানিয়েছিল। আরু বকর (রাঃ) যুদ্ধ করে হলেও তাদের থেকে যাকাত আদায় করেছিলেন। আল্লাহ তা'আলা এরপ যাকাতের বিধান অমান্যকারীদের জন্য পরকালে রেখেছেন কঠোর শাস্তির ব্যবস্থা। আল্লাহ আমাদেরকে যাকাতের বিধান মানার মাধ্যমে তাঁর নির্ধারিত শাস্তি হতে মুক্তিদান করুন- আমীন!

বাংলা ভাষায় এমন কোন ছহীহ ফিকহের কিতাব পাওয়া যায় না, যার মাধ্যমে মানুষ সঠিক দিশা পেতে পারে। ফিকহের কিতাব বলতে যতটুকু রয়েছে তা নির্দিষ্ট কোন এক মাযহাবের শিকলে আবদ্ধ। এর গণিতে আটকেপড়ে মানুষ অনেক ক্ষেত্রে কুরআন ও ছহীহ হাদীছ মানতে বাধাপ্রাপ্ত হয়। তাই আমি যখন ‘মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের’ শরী‘আহ বিভাগের ছাত্র ছিলাম তখন থেকেই আমার মনে বাংলা ভাষাভাষীদের সামনে কুরআন ও সুন্নাতের ছহীহ দলীল ভিত্তিক ইসলামের যাবতীয় মাসায়েল তুলে ধরার গভীর আগ্রহ সৃষ্টি হয়। আর এই আগ্রহকে সম্বল করেই ‘দৈনন্দিন জীবনে ইসলাম’ শিরোনামে ছহীহ দলীল ভিত্তিক মাসআলা-মাসায়েলল লেখা আরম্ভ করি। সর্বপ্রথম ‘পবিত্রতা অধ্যায়’ বই আকারে প্রকাশিত হয়। অতঃপর মানুষের প্রয়োজনের দিকে লক্ষ্য করে ‘যাকাত অধ্যায়’ বই আকারে প্রকাশ করা হল। এদুটি বইই বাংলাদেশের গবেষণাধর্মী অনন্য পত্রিকা ‘মাসিক আত-তাহরীক’-এ ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছে।

বইটি পাঠকদের সামান্যতম উপকারে আসলে আমরা আমাদের শ্রম সার্থক মনে করব। বিজ্ঞ পাঠক মহলের কাছে সুচিত্তিত পরামর্শ কামনা করছি। বইটি প্রণয়নে যারা আমাকে বিভিন্নভাবে সহযোগিতা করেছেন, তাদের প্রতি আমি কৃতজ্ঞ। আল্লাহ তাদের সকলকে উত্তম প্রতিদান দান করুন। আর এ ক্ষুদ্রকর্মের বিনিময় আমরা মহান আল্লাহর দরবারে প্রার্থনা করছি। তিনি আমাদের এ প্রচেষ্টা করুল করুন- আমীন!

# প্রথম পরিচ্ছেদ

## যাকাত পরিচিতি

### যাকাতের পরিচয়

**আভিধানিক অর্থ :** অর্থাৎ আল্লাহর পূজা ও নিষ্ঠা এবং বৃদ্ধি, আধিক্য ও প্রশংসা। উল্লিখিত সব কয়টি অর্থই কুরআন ও হাদীছে উদ্ভৃত হয়েছে।

**পারিভাষিক অর্থ :** ইসলামী শরী'আত কর্তৃক নির্ধারিত নিছাব পরিমাণ মালের নির্দিষ্ট অংশ নির্দিষ্ট খাতে ব্যয় করার নাম যাকাত।<sup>১</sup>

কুরআন ও হাদীছের অনেক স্থানে ‘যাকাত’-কে ‘ছাদাক্তাহ’ নামে অভিহিত করা হয়েছে। কুরআন মাজীদের ৮ টি মাঝী ও ২২টি মাদানী সূরার ৩০টি আয়াতে ‘যাকাত’ শব্দটি উল্লিখিত হয়েছে। এর মধ্যে ২৭টি আয়াতে ‘ছালাত’-এর সাথেই ‘যাকাত’ শব্দ এসেছে।

### যাকাত ফরয হওয়ার সময়

যাকাত মকায় ফরয হয়। কিন্তু নিছাব নির্ধারণ, কোন কোন সম্পদে যাকাত ফরয এবং তা ব্যয়ের খাত সমূহের বর্ণনা মদীনায় দ্বিতীয় হিজরীতে অবতীর্ণ হয়েছে।<sup>২</sup>

### যাকাতের গুরুত্ব ও ফয়লত

(১) যাকাত ইসলামের পঞ্চমস্তৰের একটি : আল্লাহ কর্তৃক মানব জাতির জন্য একমাত্র মনোনীত দ্বীন ইসলাম পাঁচটি স্তরের উপর দণ্ডয়মান। আর যাকাত হল তার তৃতীয় স্তর। হাদীছে এসেছে,

عَنْ أَبِي عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بُنْيَ إِلَيْهِ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ شَهَادَةً أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، وَإِقَامَ الصَّلَاةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَالْحَجَّ، وَصَوْمُ رَمَضَانَ -

১. ফিকুল্ল মুয়াসসার ১২১ পৃঃ।

২. মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন, শারহুল মুমতে আলা যাদিল মুসতাকনি ৬/১২ পৃঃ।

ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘ইসলাম পাঁচটি স্তম্ভের উপর দণ্ডয়মান। ১- আল্লাহ ব্যতীত কোন সত্য ইলাহ নেই এবং মুহাম্মাদ (ছাঃ) আল্লাহর রাসূল-এ কথার সাক্ষ্য প্রদান করা। ২- ছালাত কৃয়েম করা। ৩- যাকাত আদায় করা। ৪- হজ্জ সম্পাদন করা এবং ৫- রামাযানের ছিয়াম পালন করা।’<sup>৩</sup>

(২) যাকাত অস্বীকারকারী কাফির : যাকাত ইসলামের পঞ্চস্তম্ভের একটি। আর ইসলামের কোন বিধানকে অস্বীকার করলে সে ইসলামের গাঁথি থেকে বের হয়ে কাফিরে পরিণত হবে। অতএব যদি কোন ব্যক্তি যাকাত আদায়ে অস্বীকৃতি জ্ঞাপন করে তাহলে সে কাফির বা মুরতাদের অন্তর্ভুক্ত হবে।

আল্লাহ তা'আলা বলেন,

فَإِنْ تَأْبُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاءَ فَخَلُوْا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ-

‘কিন্তু যদি তারা তওবা করে, ছালাত কৃয়েম করে ও যাকাত আদায় করে তবে তাদের পথ ছেড়ে দিবে; নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু’ (তওবা ৯/৫)।

হাদীছে এসেছে,

عَنْ أَبْنَى عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أَمْرَتُ أَنْ أَقْاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنَّ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّداً رَسُولُ اللَّهِ، وَيُقِيمُوا الصَّلَاةَ، وَيُؤْمِنُوا بِالزَّكَاءِ، فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءُهُمْ وَأَمْوَالُهُمْ إِلَّا بِحَقِّ الْإِسْلَامِ، وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ-

ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘আমি লোকদের সাথে যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য আদিষ্ট হয়েছি, যতক্ষণ না তারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই ও মুহাম্মাদ (ছাঃ) আল্লাহর রাসূল, আর ছালাত কৃয়েম করে ও যাকাত আদায় করে। তারা যদি এগুলো

৩. বুখারী হা/৪, ‘ঈমান’ অধ্যায়, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ১/১৪ পৃঃ; মুসলিম হা/১৬; মিশকাত হা/৩, বঙ্গানুবাদ মিশকাত (এমদাদিয়া) ১/১৬ পৃঃ।

করে, তবে আমার পক্ষ হতে তাদের জান ও মালের নিরাপত্তা লাভ করল; অবশ্য ইসলামের বিধান অনুযায়ী যদি কোন কারণ থাকে, তাহলে স্বতন্ত্র কথা। আর তাদের হিসাবের ভার আল্লাহর উপর ন্যান্ত'।<sup>৪</sup>

রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর পরে কুরাইশরা তাদের সম্পদের যাকাত আদায়ে অঙ্গীকৃতি জ্ঞাপন করলে আবু বকর (রাঃ) তাদের বিরংদে যুদ্ধের ঘোষণা দিয়েছিলেন।

হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ وَاللَّهُ لَوْ مَنْعَوْنِي  
عَنَّاقًا كَانُوا يُؤْدُونَهَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَاتَلُوكُمْ عَلَى مَنْعِهَا -

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আবু বকর (রাঃ) বলেছেন, ‘আল্লাহর কসম! যদি তারা একটি মেষ শাবক যাকাত দিতেও অঙ্গীকৃতি জানায় যা আল্লাহর রাসূল (ছাঃ)-এর কাছে তারা দিত, তাহলে যাকাত না দেওয়ার কারণে তাদের বিরংদে আমি অবশ্যই যুদ্ধ করব’।<sup>৫</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ لَمَّا تُوفِيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتُخْلَفَ أَبُو  
بَكْرٍ بَعْدُهُ وَكَفَرَ مَنْ كَفَرَ مِنَ الْعَرَبِ قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ لِأَبِي بَكْرٍ كَيْفَ  
تُقَاتِلُ النَّاسَ وَقَدْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمْرَتُ أَنْ أَفَاتِلَ النَّاسَ  
حَتَّىٰ يَقُولُوا لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَمَنْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَدْ عَصَمَ مِنِيْ مَالَهُ وَنَفْسَهُ إِلَّا  
بِحَقِّهِ وَحَسَابُهُ عَلَى اللَّهِ فَقَالَ أَبُو بَكْرٍ وَاللَّهُ لَأُفَاتِلَنَّ مَنْ فَرَقَ بَيْنَ الصَّلَاةِ  
وَالزَّكَاهِ فَإِنَّ الزَّكَاهَ حَقُّ الْمَالِ وَاللَّهُ لَوْ مَنْعَوْنِي عِقَالًا كَانُوا يُؤْدُونَهُ إِلَى رَسُولِ

8. বুখারী হা/২৫, ‘ঈমান’ অধ্যায়, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ১/২১ পৃঃ; মুসলিম হা/২২; মিশকাত হা/১২।

৫. বুখারী হা/১৪০০, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/৭৮ পৃঃ; মিশকাত হা/১৯৫০।

اللَّهُ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَاتَتْهُمْ عَلَى مَعْنَيهِ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ فَوَاللَّهِ مَا هُوَ إِلَّا أَنْ رَأَيْتُ اللَّهَ عَزَّ وَجَلَّ قَدْ شَرَحَ صَدْرَ أَبِي بَكْرٍ لِلْقِتَالِ فَعَرَفْتُ أَنَّهُ  
الْحَقُّ-

আবু হুরায়াহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর পরে যখন আবু বকর (রাঃ) খলীফা নির্বাচিত হলেন, তখন আরবদের কিছু লোক (যাকাত আদায়ে) অস্বীকৃতি জ্ঞাপন করল। (আবু বকর (রাঃ) তাদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা দিলেন)। তখন ওমর (রাঃ) বললেন, আপনি কিভাবে লোকদের সাথে যুদ্ধ করবেন? কারণ রাসূল (ছাঃ) বলেছেন, আমাকে লোকদের সাথে যুদ্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে যতক্ষণ না তারা 'লা-ইল্লাহা ইল্লাল্লাহ'-কে স্বীকার করে। আর যে ব্যক্তি তা স্বীকার করবে সে তার সম্পদ ও প্রাণ আমার হাত থেকে সংরক্ষিত করে নিবে। তবে ইসলামের অধিকার ব্যতীত। আর অন্য সবকিছুর হিসাব আল্লাহ'র কাছে রয়েছে। অতঃপর আবু বকর (রাঃ) বললেন, আল্লাহ'র শপথ! যে ব্যক্তি ছালাত ও যাকাতের মধ্যে পার্থক্য নির্দেশ করবে আমি তার সাথে যুদ্ধে লিঙ্গ হব। কারণ যাকাত হচ্ছে আল্লাহ'র সম্পদের হক। আল্লাহ'র শপথ! তারা যদি উটের গলার একটি রশিও দিতে অস্বীকার করে, যা তারা রাসূল (ছাঃ)-এর যামানায় দিত, তাহলে এ অস্বীকৃতির কারণে আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ করব। ওমর (রাঃ) বললেন, আল্লাহ'র শপথ! আমি দেখলাম আল্লাহ আবু বকর (রাঃ)-এর হাদয়কে যুদ্ধের জন্য উন্মুক্ত করে দিয়েছেন। কাজেই আমি বুঝতে পারলাম, আবু বকর (রাঃ)-এর সিদ্ধান্তই সঠিক ছিল।<sup>৬</sup>

(৩) যাকাত ইসলামী অর্থনৈতির প্রধান উৎস : ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন বিধান। যার মধ্যে নিহিত আছে মানব জীবনের যাবতীয় সমস্যার সুর্তু সমাধান। আর অর্থনৈতিক সমস্যা মানব জীবনের সবচেয়ে বড় সমস্যা। বর্তমান বিশ্বের অধিকাংশ দেশে দু'টি প্রধান অর্থনৈতিক মতবাদ প্রচলিত রয়েছে। পুঁজিবাদ বা ধনতাত্ত্বিক অর্থব্যবস্থা এবং সমাজতাত্ত্বিক অর্থব্যবস্থা।

৬. বুখারী হা/১৪০০, 'যাকাত' অধ্যায়, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৭৮ পৃঃ; মিশকাত হা/১৯১০।

এ্যাডম স্মীথের হাত ধরে যে পুঁজিবাদের যাত্রা তাতে শুধুই ব্যক্তিগত ও ইন্দ্রিয়পরায়ণতার গন্ধ। ব্যক্তির ভোগ ও তৎপৰ চূড়ান্ত হতে হবে, সর্বোচ্চ পরিমাণ তৎপৰ বা উপযোগ লাভের সর্বাত্মক চেষ্টা পুঁজিবাদের মূল দর্শন। সমাজের হতদরিদ্র বা বধিতদের জন্য ছাড় দেওয়ার কোন সুযোগ সেখানে নেই। সমাজতান্ত্রিক অর্থব্যবস্থাও এর কোন সমাধান বের করতে পারেনি। আদর্শিকভাবে এই দুই বিপরীত মেরুর বিরুদ্ধেই ইসলামের অবস্থান। সুতরাং ইসলামী অর্থনীতি উল্লিখিত দুই অর্থনীতির আদর্শ, উদ্দেশ্য ও কর্মকৌশলের দিক থেকে ভিন্ন। যেমন-

(ক) ইসলামী অর্থনীতির মূল উৎস হল কুরআন ও ছহীহ হাদীছ। অপরাদিকে ধনতান্ত্রিক ও সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা মানব রচিত। এ্যাডম স্মিথ, রিকার্ডো, মার্শাল, কার্লমার্কস, লেলিন প্রমুখ অর্থনীতিবিদ ও দার্শনিক এসব অর্থব্যবস্থার প্রবক্তা।

(খ) পুঁজিবাদী অর্থনীতিতে সম্পদের ব্যক্তি মালিকানা স্বীকৃত। সমাজতান্ত্রিক অর্থনীতিতে সম্পদের সামাজিক বা রাষ্ট্রীয় মালিকানা স্বীকৃত। অপরাদিকে ইসলামী অর্থনীতিতে পথিবীর সকল সম্পদের মালিক হলেন মহান আল্লাহ। আল্লাহর প্রতিনিধি হিসাবে কুরআন ও ছহীহ হাদীছের নির্দেশিত পথে এ সকল সম্পদ মানুষ ভোগ ও রক্ষণাবেক্ষণ করে থাকে।

(গ) পুঁজিবাদে উৎপাদনকারীর সার্বভৌমত্ব স্বীকার করে। সমাজতন্ত্রে রাষ্ট্রীয় সার্বভৌমত্ব স্বীকার করে। পক্ষান্তরে ইসলামী অর্থনীতি আল্লাহর সার্বভৌমত্ব স্বীকার করে। পুঁজিবাদী অর্থনীতি চলে মুনাফা অনুযায়ী, তাতে জনগণের ক্ষতি অবশ্যস্তবী। আবার সমাজতন্ত্রে উৎপাদন চলে রাষ্ট্রীয় পরিকল্পনা অনুযায়ী; এতে জনগণের ভোগের স্বাধীনতা থাকে না। অপরাদিকে ইসলামী অর্থনীতিতে উৎপাদন পদ্ধতিতে ব্যক্তি ও সমাজ উভয়ের কল্যাণের দিকে নয়র রাখা হয়।

(ঘ) পুঁজিবাদী ও সমাজতান্ত্রিক আর্থনীতিতে অর্থ উপার্জনের ক্ষেত্রে হারাম ও হালাল যাচাই করা হয় না। কিন্তু ইসলামী অর্থনীতিতে প্রতিটি ক্ষেত্রে ধর্মীয় মূল্যবোধ দ্বারা হালাল ও হারাম বিবেচনা করা হয়।

(ঙ) পুঁজিবাদী ও সমাজতান্ত্রিক অর্থনীতিতে সম্পদের মূল ভিত্তি হল সূদ। অন্যদিকে ইসলামী অর্থনীতিতে সূদ সম্পূর্ণরূপে হারাম।

অতএব ইসলামী অর্থনীতির মধ্যেই মানব জাতির অর্থনৈতিক সকল সমস্যার সমাধান নিহিত রয়েছে। আর ইসলামী অর্থনীতির প্রধান উৎস হল, যাকাত ব্যবস্থা। সামাজিক সাম্য অর্জনের অন্যতম মৌলিক প্রাতিষ্ঠানিক ব্যবস্থা হিসাবেই যাকাত বিবেচিত হয়ে থাকে। সমাজে আয় ও সম্পদ বণ্টনের ক্ষেত্রে বিরাজমান ব্যাপক পার্থক্য হ্রাসের জন্য যাকাত অত্যন্ত উপযোগী হাতিয়ার। যাকাত কোন স্বেচ্ছামূলক দান নয়; বরং দরিদ্র, অভাবগ্রস্ত ও বিশেষ শ্রেণীর লোকদের জন্য আল্লাহ কর্তৃক নির্ধারিত বাধ্যতামূলকভাবে প্রদেয় অর্থ। সামাজিক নিরাপত্তা অর্জন বিশেষতঃ দুষ্ট ও অভাবগ্রস্তদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করার জন্যই যাকাতের ক্ষেত্রে এত কঠোর তাকীদ রয়েছে।

(৪) রাসূল (ছাঃ) তাঁর ছাহাবায়ে কেরামের খেকে যাকাত আদায়ের প্রতিশ্রুতির বায়‘আত গ্রহণ করেছেন :

হাদীছে এসেছে,

عَنْ حَرِيرٍ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ بَأَيْعُتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى إِقَامِ  
الصَّلَاةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَأَنْصَحْ لِكُلِّ مُسْلِمٍ -

জারীর ইবনু আব্দুল্লাহ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-এর হাতে ছালাত প্রতিষ্ঠা করা, যাকাত আদায় করা এবং প্রত্যেক মুসলিমের জন্য কল্যাণ কামনা করার জন্য বায়‘আত গ্রহণ করেছি।<sup>১</sup>

(৫) যাকাত সম্পদের পরিত্রকারী : যাকাত আদায় করলে সম্পদের অকল্যাণ ও অমঙ্গল দূরিভূত হয়ে তা পরিত্র হয়। আল্লাহ তা‘আলা বলেন,

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُظَهِّرُهُمْ وَتُرْكِيْهِمْ بِهَا

‘উহাদের সম্পদ হতে ছাদাক্তাত্ গ্রহণ করবে। এর দ্বারা তুমি তাদেরকে পরিত্র করবে এবং পরিশোধিত করবে’ (তওবা ৯/১০৩)।

হাদীছে এসেছে,

১. বুখারী হা/১৪০১, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত দেওয়ার উপর বায়‘আত’ অনুচ্ছেদ, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/৮৯ পঃ; মুসলিম হা/৫৬; মিশকাত হা/৪৯৬৭।

عَنْ جَابِرٍ قَالَ رَجُلٌ مِّنَ الْقَوْمِ : يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ إِذَا أَدَى رَجُلٌ زَكَةَ مَالِهِ فَقَالَ رَسُولُ اللَّهِ مَنْ أَدَى زَكَةَ مَالِهِ فَقَدْ ذَهَبَ عَنْهُ شَرُوهُ -

জাবের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, সম্পদায়ের এক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! যদি কেউ তার সম্পদের যাকাত আদায় করে তাহলে কি হবে? রাসূল (ছাঃ) বললেন, যদি কেউ তার সম্পদের যাকাত আদায় করে, তাহলে তার সম্পদের অকল্যাণ ও অমঙ্গল দূর হয়ে যাবে।<sup>৮</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ خَالِدِ بْنِ أَسْلَمَ قَالَ خَرَجْنَا مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رضي الله عنهم فَقَالَ أَعْرَابِيٌّ أَخْبِرْنِيْ قَوْلَ اللَّهِ (وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ) قَالَ أَبْنُ عُمَرَ رضي الله عنهم مَنْ كَنَزَهَا فَلَمْ يُؤْدِ زَكَاتَهَا فَوَيْلٌ لَهُ، إِنَّمَا كَانَ هَذَا قَبْلَ أَنْ تُنْزَلَ الزَّكَاءُ فَلَمَّا أُنْزِلَتْ جَعَلَهَا اللَّهُ طُهْرًا لِلأَمْوَالِ -

খালিদ ইবনু আসলাম (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ)-এর সাথে বের হলাম। তখন এক বেদুঈন বলল, আমাকে আল্লাহর বাণী- ‘যারা স্বর্ণ ও রৌপ্য পুঁজি ভূত করে এবং তা আল্লাহর পথে ব্যয় করে না, তাদেরকে মর্মন্দ শাস্তির সংবাদ দাও’ (তওবা ৯/৩৪) এ সম্পর্কে বলুন। তখন ইবনু ওমর (রাঃ) বললেন, যে ব্যক্তি সম্পদ জমা করেছে এবং যাকাত আদায় করেনি তার জন্য ধ্বংস অনিবার্য। এই বিধান ছিল যাকাতের বিধান অবতীর্ণ হওয়ার পূর্বে। যখন যাকাতের বিধান অবতীর্ণ হল, তখন আল্লাহ তা‘আলা তাকে সম্পদের জন্য পরিত্রাত্র কারণ নির্ধারণ করলেন।<sup>৯</sup>

(৬) যাকাত আদায় করলে সম্পদ বৃদ্ধি পায় : বাহ্যিক দৃষ্টিতে যাকাত আদায়ের মাধ্যমে সম্পদ কমে যায় বলে মনে হলেও প্রকৃতপক্ষে তা কমে যায় না; বরং তা বৃদ্ধি পায়। আল্লাহ তা‘আলা বলেন,

৮. ড্রাবারানী, ছবীহ তারগীব হা/৭৪৩।

৯. বুখারী হা/১৪০৪, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৯১ পৃঃ।

يَمْحُقُ اللَّهُ الرَّبِّا وَيُرِيبِي الصَّدَقَاتِ وَاللَّهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ أَتْيَمٍ-

‘আল্লাহ সুন্দকে ধৰংস করেন এবং দানকে বর্ধিত করেন। আল্লাহ কোন অকৃতজ্ঞ পাপীকে ভালবাসেন না’ (বাছ্তারাহ ২/২৭৬)।

তিনি অন্যত্র বলেন,

وَمَا آتَيْتُمْ مِنْ رِبَا لِيَرْبُوَ فِيْ أَمْوَالِ النَّاسِ فَلَا يَرْبُو عِنْدَ اللَّهِ وَمَا آتَيْتُمْ مِنْ زَكَاةً  
ثُرِيدُونَ وَجْهَ اللَّهِ فَأُولَئِكَ هُمُ الْمُضْعِفُونَ-

‘আর মানুষের সম্পদ বৃদ্ধি পাবে বলে তোমরা সুন্দে যা দিয়ে থাক, আল্লাহর নিকট তা বৃদ্ধি পায় না; কিন্তু আল্লাহর সন্তুষ্টিলাভের জন্য যে যাকাত তোমরা দিয়ে থাক তা-ই বৃদ্ধি পায়, তারাই সমৃদ্ধিশালী’ (রহম ৩০/৩৯)।

অতএব যাকাত আদায় করলে এবং দান করলে সম্পদ কমে যায় না। বরং তা বৃদ্ধি পায়। যে কোন মাধ্যমে আল্লাহ তার রিযিক বৃদ্ধি করে দেন।

হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَا نَقَصَتْ صَدَقَةٌ مِنْ  
مَالٍ وَمَا زَادَ اللَّهُ عَبْدًا بِعَفْوٍ إِلَّا عِزًّاً وَمَا تَوَاضَعَ أَحَدٌ لِلَّهِ إِلَّا رَفَعَهُ اللَّهُ-

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘দান সম্পদ কমায় না; ক্ষমা দ্বারা আল্লাহ কোন বান্দার সম্মান বৃদ্ধি ছাড়া হ্রাস করেন না এবং যে কেহ আল্লাহর ওয়াস্তে বিনয় প্রকাশ করে, আল্লাহ তাকে উন্নত করেন’।<sup>১০</sup>

(৭) যাকাত ঈমানের সত্যায়নকারী : আল্লাহ তা‘আলা বলেন,

الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَمَمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ - أُولَئِكَ هُمُ الْمُؤْمِنُونَ حَقًا لَهُمْ  
دَرَجَاتٌ عِنْدَ رَبِّهِمْ وَمَغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ-

১০. মুসলিম হা/২৫৮৮; মিশকাত হা/১৮৮৯।

‘যারা ছালাত কূর্যাম করে এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি তা হতে ব্যয় করে (যাকাত আদায় করে); তারাই প্রকৃত মুমিন। তাদের প্রতিপালকের নিকট তাদেরই জন্য রয়েছে মর্যাদা, ক্ষমা এবং সম্মানজনক জীবিকা’ (আনফাল ৮/৩-৪)।

হাদীছে এসেছে,

عَنْ أَنَسٍ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّىٰ أَكُونَ  
أَحَبَّ إِلَيْهِ مِنْ وَالِدِهِ وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعِينَ-

আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী (ছাঃ) বলেছেন, তোমাদের মধ্যে কেউ ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত আমি তার নিকট তার পিতা-মাতা, স্বতান-সন্তুতি এবং সকল মানুষের চেয়ে আধিক প্রিয় না হব।<sup>১১</sup>

আর পৃথিবীতে মানুষের নিকটে সবচেয়ে প্রিয় বস্তু হল তার ধন-সম্পদ। আর সে কখনই তা দান করে না, যতক্ষণ পর্যন্ত আল্লাহ ও তাঁর রাসূল তাঁর নিকটে অধিক প্রিয় না হয়। আর যখনই সে তার সম্পদের যাকাত আদায় করে তখনই সে ঈমানের প্রকৃত স্বাদ গ্রহণ করে। হাদীছে এসেছে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُعَاوِيَةَ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَلَاثٌ مِنْ فَعَلْهُنَّ  
فَقَدْ طَعِمَ طَعْمَ الْإِيمَانِ مَنْ عَبَدَ اللَّهَ وَحْدَهُ وَأَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَعْطَى زَكَةً مَالِهِ  
طَيِّبَةً بِهَا نَفْسُهُ رَافِدَةً عَلَيْهِ كُلُّ عَامٍ وَلَا يُعْطِي الْهَرَمَةَ وَلَا الدَّرَنَةَ وَلَا الْمَرِيضَةَ  
وَلَا الشَّرَطَ الْلَّثِيمَةَ وَلَكِنْ مِنْ وَسَطِ أَمْوَالِكُمْ فَإِنَّ اللَّهَ لَمْ يَسْأَلْكُمْ خَيْرَهُ وَلَمْ  
يَأْمُرْكُمْ بِشَرِّهِ-

আব্দুল্লাহ ইবনু মাওবিয়া (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি তিনটি কাজ করবে সে পরিপূর্ণ ঈমানের স্বাদ গ্রহণ করবে। যে ব্যক্তি একমাত্র আল্লাহর ইবাদতে লিপ্ত থাকে এবং স্বীকার করে যে

১১. বুখারী হা/১৫, ‘ঈমান’ অধ্যায়, বঙ্গলুবাদ বুখারী (তাওহীদ পাবলিশেশন) ১/১৭ পৃঃ; মুসলিম হা/৪৪; মিশকাত হা/৭।

আল্লাহ ব্যতীত কোন সত্য ইলাহ নেই; যে ব্যক্তি প্রত্যেক বছর তার সম্পদের যাকাত হিসাবে উত্তম মাল দান করে এবং বৃদ্ধ বয়সের, রোগগ্রস্থ, ক্রটিপূর্ণ, নিকৃষ্ট মাল প্রদান করে না; বরং মধ্যম মানের মাল প্রদান করে। আল্লাহ তোমাদের নিকট তোমাদের উত্তম মাল চান না এবং নিকৃষ্ট মাল প্রদান করতেও নির্দেশ দেননি।<sup>১২</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي مَالِكٍ الْأَشْعَرِيِّ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِسْبَاعُ الْوُضُوءِ شَطْرُ الْإِيمَانِ وَالْحَمْدُ لِلَّهِ ثَمَّاً لِلْمِيزَانَ وَالْتَّسْبِيحُ وَالْتَّكْبِيرُ يَمَدُّ السَّمَوَاتِ وَالْأَرْضَ وَالصَّلَاةُ نُورٌ وَالزَّكَاةُ بُرْهَانٌ وَالصَّبْرُ ضِيَاءُ وَالْقُرْآنُ حُجَّةٌ لَكَ أَوْ عَلَيْكَ-

আবু মালেক আশ'আরী (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, পরিপূর্ণভাবে ওযু করা ঈমানের অংশ বিশেষ। ‘আলহামদুলিল্লাহ’ পাল্লাকে পূর্ণ করে। ‘সুবহানাল্লাহ’ ও ‘আল্লাহু আকবার’ আসমান ও যমিনকে পূর্ণ করে। ছালাত হল নূর বা আলো। আর যাকাত হল প্রমাণ। ধৈর্য আলো। আর কুরআন তোমার পক্ষে অথবা বিপক্ষে প্রমাণ।<sup>১৩</sup>

(৮) যাকাত পূর্ণাঙ্গ ইসলাম মানার অন্যতম মাধ্যম : যাকাত ইসলামের পাঁচটি স্তরের মধ্যে অন্যতম। একে বাদ দিয়ে পূর্ণাঙ্গভাবে ইসলাম মানা সম্ভব নয়। বরং পূর্ণ মুমিন হওয়ার জন্য ইসলামের যাবতীয় বিধান মানা অবশ্যিক। আল্লাহ তা'আলা বলেন,

أَفَتُؤْمِنُونَ بِعَيْنِ الْكِتَابِ وَتَكْفِرُونَ بِعَيْنِ فِيمَا حَرَأَءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا  
خَرْزٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّا  
عَمَلُوا-

১২. আবুদাউদ হা/১৫৮২; সিলসিলা ছহীহাহ হা/১০৪৬; ছহীহল জামে' হা/৩০৪১।

১৩. নাসাই হা/২৪৩৭; ইবনু মাজাহ হা/২৮০; আলবানী, সনদ ছহীহ।

‘তোমরা কি কিতাবের কিছু অংশে ঈমান রাখ আর কিছু অংশ অশ্বীকার কর? সুতরাং তোমাদের মধ্যে যারা তা করে, দুনিয়ার জীবনে লাঞ্ছনা ব্যতীত তাদের কি প্রতিদান হতে পারে? ক্ষিয়ামত দিবসে তাদেরকে কঠিনতম আয়াবে নিষ্কেপ করা হবে। আর তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে উদাসীন নন’  
(বাক্তব্যাহ ২/৮৫)।

হাদীছে এসেছে,

عَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ ثَلَاثٌ أَحَلْفُ عَلَيْهِنَّ لَا يَجْعَلُ اللَّهُ عَزَّ وَجَلَّ مِنْ لَهُ سَهْمٌ فِي الإِسْلَامِ كَمَنْ لَا سَهْمَ لَهُ فَأَسْهِمُ الْإِسْلَامَ ثَلَاثَةُ الصَّلَاةُ وَالصَّوْمُ وَالرَّكَاءُ-

আয়েশা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, তিনটি বিষয় আমি শপথ করে বলছি; যে ব্যক্তির ইসলামে অংশ আছে এবং যার ইসলামে কোন অংশ নেই দু'জনকে আল্লাহ কখনোই সমান করবেন না। ইসলামের তিনটি অংশ হল, ছালাত, ছিয়াম ও যাকাত।<sup>১৪</sup>

(৯) যাকাত আদায় আল্লাহর পুরক্ষার লাভের মাধ্যম : যাকাত আদায়কারীকে আল্লাহ মহান পুরক্ষারে ভূষিত করেন। আল্লাহ তা'আলা বলেন,

وَالْمُقِيمِينَ الصَّلَاةَ وَالْمُؤْتَمِنُونَ الرَّكَاءَ وَالْمُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ أُولَئِكَ سُنُّتُهُمْ أَجْرًا عَظِيمًا-

‘যারা ছালাত প্রতিষ্ঠাকারী ও যাকাত প্রদানকারী হবে, তাদেরকে সত্ত্বে মহান পুরক্ষারে ভূষিত করা হবে’ (নিসা ৪/১৬২)।

তিনি অন্যত্র বলেন,

قُلْ إِنَّ رَبِّيْ يَسْطُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ وَمَا أَنْفَقْتُمْ مِنْ شَيْءٍ فَهُوَ يُخْلِفُهُ وَهُوَ خَيْرُ الرَّازِقِينَ-

১৪. মুসনাদে আহমাদ হা/২৫১৬৪; সিলসিলা ছহীহাহ হা/১৩৮৭; ছহীহল জামে' হা/৩০২১।

‘বল, আমার প্রতিপালক তো তাঁর বান্দাদের মধ্যে যার প্রতি ইচ্ছা তার রিযিক বর্ধিত করেন এবং যার প্রতি ইচ্ছা সীমিত করেন। তোমরা যা কিছু ব্যয় করবে তিনি তার প্রতিদান দিবেন। তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা’ (সাবা ৩৪/৩৯)।

(১০) যাকাত আদায়কারী আখেরাতে সফলকাম হবে এবং সবরকম চিন্তামুক্ত থাকবে : আল্লাহ তা‘আলা বলেন,

الَّذِينَ يُقْيِمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ بِالآخِرَةِ هُمْ يُوْقِنُونَ - أُولَئِكَ عَلَىٰ  
هُدًىٰ مِنْ رَبِّهِمْ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ -

‘যারা ছালাত কৃত্যেম করে এবং যাকাত দেয়, তারাই আখেরাতে নিশ্চিত বিশ্বাসী; তারাই তাদের প্রতিপালকের নির্দেশিত পথে আছে এবং তারাই সফলকাম’ (লুকমান ৩১/৮-৫)।

তিনি অন্যত্র বলেন,

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَأَفَامُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ لَهُمْ أَجْرٌ هُمْ  
عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزُنُونَ -

‘যারা ঈমান আনে, সৎকর্ম করে, ছালাত কৃত্যেম করে এবং যাকাত দেয়, তাদের পুরক্ষার তাদের প্রতিপালকের নিকট আছে। তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না’ (বাকারাহ ২/২৭৭)।

(১১) যাকাত জাল্লাত লাভের অন্যতম মাধ্যম : হাদীছে এসেছে,

عَنْ أَبِي مَالِكِ الْأَشْعَرِيِّ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ فِي الْجَنَّةِ  
لَعْرَفَةَ، قَدْ يُرَى ظَاهِرُهَا مِنْ بَاطِنِهَا، وَبَاطِنُهَا مِنْ ظَاهِرِهَا، أَعْدَهَا اللَّهُ لِمَنْ أَطْعَمَ  
الطَّعَامَ، وَأَلَانَ الْكَلَامَ، وَتَابَعَ الصِّيَامَ، وَصَلَّى بِاللَّيلِ وَالنَّاسُ نِيَامٌ -

আবু মালেক আল-আশ‘আরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘জাল্লাতের মধ্যে এমন সব (মসৃণ) ঘর রয়েছে যার বাইরের জিনিস সমূহ ভিতর হতে এবং ভিতরের জিনিস সমূহ বাহির হতে দেখা যায়।

সে সকল ঘরসমূহ আল্লাহ তা'আলা সেই ব্যক্তির জন্য প্রস্তুত করে রেখেছেন যে ব্যক্তি (মানুষের সাথে) নম্রতার সাথে কথা বলে, ক্ষুধার্তকে খাদ্য দান করে (যাকাত আদায় করে), পর পর ছিয়াম পালন করে এবং রাতে ছালাত আদায় করে অথচ মানুষ তখন ঘুমিয়ে থাকে'।<sup>১৫</sup>

হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ أَعْرَابِيًّا جَاءَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ دُلْنِي عَلَى عَمَلٍ إِذَا عَمِلْتُهُ دَخَلْتُ الْجَنَّةَ قَالَ تَعْبُدُ اللَّهَ لَا تُشْرِكُ بِهِ شَيْئًا وَتَقِيمُ الصَّلَاةَ الْمَكْتُوبَةَ وَتُؤْدِي الرِّزْكَةَ الْمَفْرُوضَةَ وَتَصُومُ رَمَضَانَ قَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا أَزِيدُ عَلَى هَذَا شَيْئًا أَبْدًا وَلَا أَنْقُصُ مِنْهُ فَلَمَّا وَلَى قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ سَرَّهُ أَنْ يَنْظُرْ إِلَى رَجُلٍ مِنْ أَهْلِ الْجَنَّةِ فَلَيَنْظُرْ إِلَى هَذَا—

আবু ভুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, একদা এক বেদুঈন রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট এসে বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আপনি আমাকে এমন কিছু আমলের কথা বলে দিন, যে আমলগুলি করলে আমি জান্নাতে প্রবেশ করতে পারব। তিনি বললেন, তুমি আল্লাহর ইবাদত করবে, তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না। ফরয ছালাত সমূহ আদায় করবে। নির্ধারিত যাকাত প্রদান করবে এবং রামায়ান মাসে ছিয়াম পালন করবে। লোকটি বলল, ঐ সত্তার শপথ যার হাতে আমার প্রাণ! (আপনি যতটুকু ইবাদতের কথা বললেন) আমি কখনো এর চেয়ে সামান্যতম বেশী করব না এবং সামান্যতম কমও করব না। অতঃপর লোকটি চলে গেলে রাসূল (ছাঃ) বললেন, 'যে ব্যক্তি কোন জান্নাতী লোককে দেখতে চায় সে যেন এই লোকটিকে দেখে'।<sup>১৬</sup>

**(১২) যাকাত অন্তরে প্রশান্তি লাভের মাধ্যম :** মানুষের সম্পদ যত বেশীই হোক না কেন, যদি তার কোন প্রতিবেশী অনাহারে দিনাতিপাত করে তাহলে

১৫. মুসলিমে আহমাদ হা/১৩৫১; তিরমিয়ী হা/১৯৮৪; মিশকাত হা/১২৩২; আলবানী, সনদ ছহীহ; ছহীহ তারজীব হা/৩৭১৭।

১৬. বুখারী হা/১৩৯৭, 'যাকাত' অধ্যায়, বঙ্গলুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৮৬ পঃ; মুসলিম হা/১৪; মিশকাত হা/১৪।

সে কখনও তার অন্তরে প্রশান্তি লাভ করতে পারে না। বরং যখন তার সম্পদের নির্দিষ্ট অংশ ঐ গরীব লোকটিকে দিয়ে সচ্ছল করে, তখন সে অন্তরে প্রশান্তি লাভ করে।

প্রত্যেক মানুষ যেহেতু তার সম্পদকেই অধিক ভালবাসে। এমনকি সম্পদের জন্য মানুষ নিজের জীবন বিলিয়ে দিতে কৃষ্টাবোধ করে না, সেহেতু সেই অধিক ভালবাসার বক্ষকে অন্যের জন্য পসন্দ করার মাধ্যমেই পূর্ণ ঝোমানদার হওয়া সম্ভব। হাদীছে এসেছে,

عَنْ أَنَسِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّىٰ يُحِبَّ  
لِأَخْيَهُ مَا يُحِبُّ لِنَفْسِهِ

আনাস (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘তোমাদের কেউ প্রকৃত মুমিন হতে পারবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য সেটাই পসন্দ করবে, যা তার নিজের জন্য পসন্দ করে।’<sup>১৭</sup>

(১৩) যাকাত মুসলিম ঐক্যের সোপান : যাকাত আদায়ের মাধ্যমে মুসলিম ঐক্য সুদৃঢ় হয়। এমনকি এটি সমগ্র মুসলিম জাতিকে একটি পরিবারে রূপান্তরিত করে। ধনীরা যখন গরীবদেরকে যাকাত আদায়ের মাধ্যমে সহযোগিতা করে তখন গরীবরাও তাদের সামর্থ্য অনুযায়ী ধনীদের উপর সহযোগিতার হাত প্রসারিত করে। ফলে তারা পরস্পরে ভাই ভাই হয়ে যায়। আল্লাহ তা‘আলা বলেন, ‘ওَأَحْسِنْ كَمَا أَحْسَنَ اللَّهُ إِلَيْكَ, তুমি অনুগ্রহ কর যেমন আল্লাহ তোমার প্রতি অনুগ্রহ করেছেন’ (কঢ়াছ ২৮/৭৭)।

হাদীছে এসেছে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رضى الله عنهما أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ  
الْمُسِلِمُ أَخُو الْمُسِلِمِ، لَا يَظْلِمُهُ وَلَا يُسْلِمُهُ، وَمَنْ كَانَ فِيْ حَاجَةٍ أَحِيهِ كَانَ اللَّهُ

১৭. বুখারী হা/১৩, ‘ঈমান’ অধ্যায়, বঙ্গান্বাদ বুখারী (তাওহীদ পাবলিশেশন্স) ১/১৬ পৃঃ: মুসলিম হা/৪৫; মিশকাত হা/৪৯৬।

فِيْ حَاجَتِهِ، وَمَنْ فَرَّجَ عَنْ مُسْلِمٍ كُرْبَةً فَرَّجَ اللَّهُ عَنْهُ كُرْبَةً مِنْ كُرْبَاتِ يَوْمٍ  
الْقِيَامَةِ، وَمَنْ سَرَّ مُسْلِمًا سَرَّهُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ -

আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘এক মুসলমান অপর মুসলমানের ভাঁই। সে তার উপর যুগ্ম করবে না এবং তাকে শক্র হাতে সোপর্দ করবে না। যে কেউ তার ভাইয়ের অভাব পূরণ করবে, আল্লাহ তা‘আলা ক্ষিয়ামতের দিন তার বিপদসমূহ দূর করবেন। যে ব্যক্তি কোন মুসলমানের দোষ চেকে রাখবে, আল্লাহ ক্ষিয়ামতের দিন তার দোষ চেকে রাখবেন’।<sup>১৮</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنِ النَّعْمَانَ بْنِ بَشِيرٍ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَى الْمُؤْمِنِينَ  
فِيْ تَرَاحِمِهِمْ وَتَوَادِهِمْ وَتَعَاطُفِهِمْ كَمَثَلِ الْحَسَدِ إِذَا اشْتَكَى عُضْوًا تَدَاعَى لَهُ  
سَائِرُ جَسَدِهِ بِالسَّهَرِ وَالْحُسْنِ -

নো‘মান ইবনু বাশীর (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘পারস্পরিক দয়া, ভালবাসা ও সহানুভূতি প্রদর্শনে তুমি মুমিনদের একটি দেহের মত দেখবে। যখন শরীরের একটি অঙ্গ রোগাক্রান্ত হয়, তখন শরীরের সকল অঙ্গ-প্রত্যঙ্গ রাত জাগে এবং জ্বরে আক্রান্ত হয়’।<sup>১৯</sup>

(১৪) যাকাত দারিদ্র্য বিমোচনের প্রধান মাধ্যম : প্রাচীনকাল হতে মানুষ দু’টি শ্রেণীতে বিভক্ত। ধনী ও দরিদ্র। ধনিক শ্রেণীর সম্পদের আধিক্য সীমা ছাড়িয়ে গেছে, আর দরিদ্র শ্রেণী ক্ষীণ হতে হতে মাটির সাথে মিশে একাকার হয়ে গেছে। তেলহীন প্রদীপের ন্যায় নিভু নিভু জীবন প্রদীপ জ্বালিয়ে রেখেছে মাত্র। এর কারণ হল, প্রাচীন ধর্মগ্রন্থসমূহ দরিদ্রের প্রতি দয়া-অনুগ্রহ প্রদর্শনে উৎসাহ দিলেও তা বাধ্যতামূলক করেনি এবং দানের পরিমাণও নির্ধারণ

১৮. বুখারী হা/১৪৪২, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/৫৪১ পঃ; মুসলিম হা/২৫৮০; মিশকাত হা/৪৯৫৮।

১৯. বুখারী হা/৬০১১, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ৫/৪৪৭ পঃ; মুসলিম হা/২৫৮৬; মিশকাত হা/৪৯৫৩।

করেন। পক্ষান্তরে ইসলাম ‘যাকাত’ নামে এমন এক বিধান দিয়েছে, যার মাধ্যমে ধনীদের সম্পদের নির্দিষ্ট অংশ দারিদ্রের মাঝে বণ্টন বাধ্যতামূলক করে দারিদ্র্য বিমোচনে চূড়ান্ত ভূমিকা পালন করেছে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

أَنَّ اللَّهَ افْتَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً فِي أَمْوَالِهِمْ، ثُؤْخَدُ مِنْ أَغْنِيَائِهِمْ وَتُرْدَ عَلَىٰ فُقَرَاءِهِمْ -

‘আল্লাহ তা‘আলা তাদের উপর তাদের সম্পদের মধ্য থেকে ছাদাক্তাহ (যাকাত) ফরয করেছেন। যেটা ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর দারিদ্রের মাঝে বণ্টন হবে’।<sup>১০</sup>

অতএব ধনীদের সম্পদের নির্দিষ্ট অংশ গরীবদের মাঝে বণ্টনের মাধ্যমেই কেবল দারিদ্র্য বিমোচন সম্ভব। সুন্দর ভিত্তিক অর্থনীতি কখনোই দারিদ্র্য দূর করতে পারে না। বর্তমান সউদী আরবের দিকে লক্ষ্য করলেই তার উজ্জ্বল দৃষ্টান্ত পাওয়া যায়। যেখানে যাকাত ব্যবস্থা চালু থাকার কারণে যাকাত গ্রহণ করার মত দারিদ্র মানুষ খুঁজে পাওয়া যায় না। ফলে সেই যাকাতের অর্থ অন্য রাষ্ট্রে প্রেরণ করতে হয়। পক্ষান্তরে ক্ষুদ্র ঋগের দোহাই দিয়ে যে দেশে যত সুন্দর ভিত্তিক অর্থনীতি চলছে সে দেশে তত দারিদ্রের হার বৃদ্ধি পাচ্ছে।

(১৫) যাকাত মানুষকে অর্থনৈতিক পাপ থেকে রক্ষা করে : যাকাতের অর্থনৈতিক ও সামাজিক উদ্দেশ্য হচ্ছে দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি। দারিদ্র্য মানবতার সবচেয়ে বড় দুশমন। ক্ষেত্রবিশেষে তা কুফরী পর্যন্ত নিয়ে যেতে পারে। যেকোন সমাজ ও অর্থনীতির জন্য দারিদ্র্যের বিস্তার রোধ সবচেয়ে জটিল ও কঠিন সমস্য। সমাজে ব্যাপক হতাশা ও বঞ্চনার অনুভূতি সৃষ্টি হয় দারিদ্র্যের ফলে। পরিণামে দেখা দেয় মারাত্মক সামাজিক সংঘাত। অধিকাংশ সামাজিক অপরাধও ঘটে দারিদ্র্যের জন্য। চুরি, ডাকাতিসহ অর্থ সম্পর্কিত বিভিন্ন পাপে জড়িয়ে পড়ে দারিদ্র্যের কারণেই। আর এ সকল পাপের প্রতিবিধানের জন্য যাকাত ইসলামের অন্যতম মুখ্য হাতিয়ার হিসাবে

২০. বুখারী হা/১৩৯৫, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত ওয়াজিব হওয়া’ অনুচ্ছেদ, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৭৫ পৃঃ; মুসলিম হা/১৯।

ব্যবহৃত হয়ে আসছে ইসলামের সেই সোনালী যুগ হতে। বক্ষতৎঃ যাকাতের সম্পদের পরিকল্পিত ব্যবহারের ফলে সমাজের নিম্নবিত্ত ও দরিদ্রদের জীবনে অর্থনৈতিক নিরাপত্তা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। গড়ে ওঠে এক সামাজিক নিরাপত্তা বেষ্টনী। দূরীভূত হয় সমাজ থেকে অর্থনৈতিক পাপাচার। সমাজে নেমে আসে আনাবিল শাস্তি।

### (১৬) যাকাত আল্লাহর গবেষণা থেকে পরিআণের মাধ্যম : হাদীছে এসেছে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ قَالَ أَقْبَلَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا مَعْشَرَ الْمُهَاجِرِينَ خَمْسٌ إِذَا أَبْتَلِيْتُمْ بِهِنَّ وَأَعُوْذُ بِاللَّهِ أَنْ تُنْذِرُ كُوْهْنَ لَمْ تَظْهَرِ الْفَاحِشَةُ فِيْ قَوْمٍ قَطُّ حَتَّى يُعْلَمُوا بِهَا إِلَّا فَشَا فِيهِمُ الطَّاعُونُ وَالْأَوْجَاعُ التِّي لَمْ تَكُنْ مَضَتْ فِيْ أَسْلَافِهِمُ الَّذِيْنَ مَضَوْا وَلَمْ يَنْقُصُوْا الْمِكْيَالَ وَالْمِيزَانَ إِلَّا أَخْدُوْا بِالسَّيْنِ وَشِدَّةَ الْمَؤْنَةِ وَجَوْرِ السُّلْطَانِ عَلَيْهِمْ وَلَمْ يَمْنَعُوْا زَكَاهَ أَمْوَالِهِمْ إِلَّا مُنْعُوا الْقَطْرَ مِنَ السَّمَاءِ وَلَوْلَا الْهَيَاهُمْ لَمْ يُمْطَرُوْا وَلَمْ يَنْقُضُوْا عَهْدَ اللَّهِ وَعَهْدَ رَسُولِهِ إِلَّا سَلْطَةُ اللَّهِ عَلَيْهِمْ عَدُوْا مِنْ غَيْرِهِمْ فَأَخْدُوْا بَعْضَ مَا فِيْ أَيْدِيهِمْ وَمَا لَمْ تَحْكُمْ أَئْمَتْهُمْ بِكِتَابِ اللَّهِ وَيَتَحِيرُوْا مِمَّا أَنْزَلَ اللَّهُ إِلَّا جَعَلَ اللَّهُ بِأَسْهَمِهِمْ بِيَهُمْ

আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ (ছাঃ) আমাদের নিকট আসলেন। অতঃপর বললেন, হে মুহাজিরগণ! তোমরা পাঁচটি বিষয়ে পরীক্ষার সম্মুখীন হবে। তবে আমি আল্লাহর নিকট আশ্রয় চাচ্ছি, তোমরা যেন পরীক্ষার সম্মুখীন না হও। (১) যখন কোন জাতির মধ্যে প্রকাশ্য অশ্লীলতা ছড়িয়ে পড়ে, তখন সে জাতির উপর প্লেগ রোগের আবির্ভাব হয়। এছাড়াও এমন সব রোগ-ব্যধির আবির্ভাব হয় যা পূর্বেকার লোকদের মধ্যে কখনো দেখা যায়নি। (২) যখন কোন জাতি ওজন ও মাপে কম দেয়, তখন সে জাতির উপর নেমে আসে দুর্ভিক্ষ, কঠিন বিপদ-মুছিবত এবং অত্যাচারী শাসক তাদের উপর নিপিড়ন করতে থাকে। (৩) যখন কোন জাতি তাদের সম্পদের যাকাত আদায় করে না, তখন তাদের উপর বৃষ্টি বর্ষণ বন্ধ করে দেওয়া হয়। যদি চতুর্পদ প্রাণী না থাকত তাহলে বৃষ্টিপাত হতো না। (৪)

আর যখন কোন জাতি আল্লাহ ও তাঁর রাসূলের অঙ্গিকার পূর্ণ করে না, তখন আল্লাহ তাদের বিজাতিয় দুশ্মনকে তাদের উপর বিজয়ী করেন; যারা এসে এদের হাত থেকে কিছু সম্পদ কেড়ে নিয়ে যায়। (৫) আর যখন তাদের ইমামরা আল্লাহর কিতাব অনুযায়ী বিচার ফায়চালা করে না এবং আল্লাহর নায়িলকৃত বিধানকে প্রত্যাখ্যান করে, তখন আল্লাহ তাদের পরম্পরের মধ্যে যুদ্ধ বর্ধিয়ে দেন।<sup>১</sup>

### ইসলামী শরী'আতে যাকাতের ভুকুম ও তার অবস্থান

প্রত্যেক মুসলিম স্বাধীন ব্যক্তির উপর যাকাত ফরয যা ইসলামের পাঁচটি স্তম্ভের মধ্যে তৃতীয় স্তম্ভ। আল্লাহ তা'আলা বলেন,

وَأَقِيمُوا الصَّلَاةَ وَأَثْوِوا الزَّكَاهَ وَارْكَعُوا مَعَ الرَّأْكِعِينَ -

‘তোমরা ছালাত ক্ষায়েম কর ও যাকাত দাও এবং যারা রংকু করে তাদের সাথে রংকু কর’ (বাক্তারহ ২/৪৩)।

তিনি অন্যত্র বলেন,

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُنَزِّكُهُمْ بِهَا -

‘তাদের সম্পদ হতে ছাদাক্তাত্ ঘৃণ করবে। এর দ্বারা তুমি উহাদেরকে পবিত্র করবে এবং পরিশোধিত করবে’ (তওবা ৯/১০৩)।

হাদীছে এসেছে,

عَنِ ابْنِ عَبَّاسٍ رضى الله عنهمَا أَنَّ النَّبِيَّ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ مَعَادِداً رضى الله عنه إِلَى الْيَمَنِ فَقَالَ ادْعُهُمْ إِلَى شَهَادَةِ أَنْ لَا إِلَهَ إِلَّا اللهُ، وَأَنِّي رَسُولُ اللهِ، فَإِنْ هُمْ أَطَاعُوكُمْ لِذَلِكَ فَأَعْلَمُهُمْ أَنَّ اللَّهَ قَدْ افْتَرَضَ عَلَيْهِمْ خَمْسَ صَلَوَاتٍ فِي كُلِّ يَوْمٍ وَلَيْلَةً، فَإِنْ هُمْ أَطَاعُوكُمْ لِذَلِكَ فَأَعْلَمُهُمْ أَنَّ اللَّهَ افْتَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً فِي أَمْوَالِهِمْ، ثُمَّ خُذْ مِنْ أَغْنِيَائِهِمْ وَتَرَدْ عَلَى فُقَرَائِهِمْ -

১. ইবনু মাজাহ হা/৪০১৯; আলবানী, সনদ হাসান, সিলসিলা ছহীহাহ হা/৪০০৯।

ইবনু আবুস (রাঃ) হতে বর্ণিত, নবী (ছাঃ) মু'আয (রাঃ)-কে ইয়ামান দেশে (শাসক হিসাবে) প্রেরণ করেন। অতঃপর বলেন, ‘সেখানকার অধিবাসীদেরকে এ সাক্ষ্য দানের প্রতি আহ্বান জানাবে যে, আল্লাহ ব্যতীত কোন সত্য ইলাহ নেই এবং আমি আল্লাহর রাসূল। যদি তারা তা মেনে নেয় তবে তাদেরকে অবগত কর যে, আল্লাহ তা'আলা তাদের উপর প্রতি দিনে ও রাতে পাঁচ ওয়াক্ত ছালাত ফরয করেছেন। যদি সেটাও তারা মেনে নেয় তবে তাদেরকে অবগত কর যে, আল্লাহ তা'আলা তাদের উপর তাদের সম্পদে ছাদাক্তাহ (যাকাত) ফরয করেছেন। যেটা তাদের ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর দরিদ্রের মাঝে বট্টন হবে’।<sup>২২</sup>

অন্যত্র রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

بُنِيَ الْإِسْلَامُ عَلَى خَمْسٍ شَهَادَةٍ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، وَإِقَامٌ  
الصَّلَاةِ، وَإِيتَاءِ الزَّكَاةِ، وَالْحَجَّ، وَصَوْمُ رَمَضَانَ -

‘ইসলাম পাঁচটি স্তম্ভের উপর দণ্ডায়মান। ১- আল্লাহ ব্যতীত কোন সত্য ইলাহ নেই এবং মুহাম্মাদ (ছাঃ) আল্লাহর রাসূল-এ কথার সাক্ষ্য প্রদান করা। ২- ছালাত কৃত্যেম করা। ৩- যাকাত আদায় করা। ৪- হজ্জ সম্পাদন করা এবং ৫- রামাযানের ছিয়াম পালন করা।’<sup>২৩</sup>

### যাকাত ত্যাগকারীর ভুকুম

কেউ যদি যাকাত ওয়াজিব হওয়াকে অস্বীকার করে তাহলে সে মুরতাদ হয়ে যাবে। সে তওবা করে ফিরে না আসলে তার রক্ত মুসলমানদের জন্য হালাল হয়ে যাবে। কেননা কুরআন ও সন্নাহ দ্বারা যাকাত ফরয সাব্যস্ত হয়েছে। পক্ষান্তরে কেউ যদি যাকাত ওয়াজিব হওয়াকে স্বীকার করে কিন্তু অজ্ঞতাবশত অথবা কৃপণতার কারণে যাকাত আদায় না করে তাহলে সে কাবীরা গুনাহগার হবে। তবে ইসলাম থেকে বের হবে না। রাসূলুল্লাহ (ছাঃ) যাকাত ত্যাগকারী সম্পর্কে বলেন,

২২. বুখারী হা/১৩৯৫, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত ওয়াজিব হওয়া’ অনুচ্ছেদ, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/৭৫ পৃঃ; মুসলিম হা/১৯।

২৩. বুখারী হা/৪, ‘ঈমান’ অধ্যায়, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ১/১৪ পৃঃ; মুসলিম হা/১৬; মিশকাত হা/৩।

فَيْرَى سَبِيلهِ إِمَّا إِلَى الْحَجَةِ وَإِمَّا إِلَى التَّارِ-

‘অতঃপর তাকে তার পথ দেখানো হবে জান্নাতের দিকে, না হয় জাহানামের দিকে’।<sup>২৪</sup>

অতএব ক্ষণতাবশত যাকাত ত্যাগকারী কাফের হলে তার জান্নাতের কোন পথ থাকবে না। তবে সরকার তার থেকে জোরপূর্বক যাকাত আদায় করবে। এক্ষেত্রে যাকাত আদায় করতে অস্থীকার করলে সে মুরতাদ হয়ে যাবে। আল্লাহ তা'আলা বলেন,

فَإِنْ تَأْبُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاهَ فَخَلُوْا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ-

‘কিন্তু যদি তারা তওবা করে, ছালাত কায়েম করে ও যাকাত আদায় করে তবে তাদের পথ ছেড়ে দিবে; নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু’ (তওবা ৯/৫)।

হাদীছে এসেছে,

عَنْ أَبْنَى عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ أُمِرْتُ أَنْ أَفَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّداً رَسُولُ اللَّهِ، وَيُقِيمُوا الصَّلَاةَ، وَيُؤْتُوا الزَّكَاهَ، فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءُهُمْ وَأَمْوَالُهُمْ إِلَّا بِحَقِّ الْإِسْلَامِ، وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ-

ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘আমি লোকদের সাথে যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য আদিষ্ট হয়েছি, যতক্ষণ না তারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ ব্যতীত কোন সত্য ইলাহ নেই ও মুহাম্মাদ (ছাঃ) আল্লাহর রাসূল, আর ছালাত কায়েম করে ও যাকাত আদায় করে। তারা যদি এগুলো করে, তবে আমার পক্ষ হতে তাদের জান ও মালের নিরাপত্তা লাভ করল; অবশ্য ইসলামের বিধান অনুযায়ী যদি কোন কারণ থাকে, তাহলে স্বতন্ত্র কথা। আর তাদের হিসাবের ভার আল্লাহর উপর ন্যস্ত’।<sup>২৫</sup>

২৪. মুসলিম হা/৯৮৭; মিশকাত হা/১৭৭৩, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গনুবাদ (এমদাদিয়া) ৪/১২৩ পঃ৪।

২৫. বুখারী হা/২৫, ‘ঈমান’ অধ্যায়, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ১/২১ পঃ৪; মুসলিম হা/২২।

রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর পরে কুরাইশরা তাদের সম্পদের যাকাত আদায়ে অস্বীকৃতি জ্ঞাপন করলে আবু বকর (রাঃ) তাদের বিরংক্ষে যুদ্ধের ঘোষণা দিয়েছিলেন। হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ وَاللَّهُ لَوْ مَنْعُونِيْ  
عَنَّا فَكَانُوا يُؤْدُونِهَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَاتَلُتُهُمْ عَلَى مَنْعِهَا -

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আবু বকর (রাঃ) বলেছেন, ‘আল্লাহর কসম! যদি তারা একটি মেষ শাবক যাকাত দিতেও অস্বীকৃতি জানায় যা আল্লাহর রাসূল (ছাঃ)-এর কাছে তারা দিত, তাহলে যাকাত না দেওয়ার কারণে তাদের বিরংক্ষে আমি অবশ্যই যুদ্ধ করব’।<sup>১৬</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ لَمَّا تُؤْفَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتَحْلَفَ أَبُو بَكْرٍ  
بَعْدَهُ وَكَفَرَ مَنْ كَفَرَ مِنَ الْعَرَبِ قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ لِأَبِي بَكْرٍ كَيْفَ تُقَاتِلُ  
النَّاسَ وَقَدْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُمِرْتُ أَنْ أُفَاتِلَ النَّاسَ حَتَّى  
يَقُولُوا لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَمَنْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَدْ عَصَمَ مِنِيْ مَالُهُ وَنَفْسُهُ إِلَّا بِحَقِّهِ  
وَحِسَابُهُ عَلَى اللَّهِ فَقَالَ أَبُو بَكْرٍ وَاللَّهُ لَا يُؤْتَ لِقَاتَلَنَّ مَنْ فَرَقَ بَيْنَ الصَّلَاةِ وَالزَّكَاةِ فَإِنَّ  
الزَّكَاةَ حَقُّ الْمَالِ وَاللَّهُ لَوْ مَنْعُونِيْ عِقَالًا كَانُوا يُؤْدُونِهَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ لَقَاتَلُتُهُمْ عَلَى مَنْعِهِ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ فَوَاللَّهِ مَا هُوَ إِلَّا أَنْ رَأَيْتُ  
اللَّهَ عَزَّ وَجَلَّ قَدْ شَرَحَ صَدْرَ أَبِي بَكْرٍ لِلْقِتَالِ فَعَرَفَتُ أَنَّهُ الْحَقُّ -

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ)-এর মৃত্যুর পরে যখন আবু বকর (রাঃ) খলীফা নির্বাচিত হলেন, তখন আরবদের কিছু লোক (যাকাত আদায়ে) অস্বীকৃতি জ্ঞাপন করল। (আবু বকর (রাঃ) তাদের বিরংক্ষে যুদ্ধের ঘোষণা দিলেন)। তখন ওমর (রাঃ) বললেন, আপনি কিভাবে

২৬. বুখারী হা/১৪০০, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৭৮ পৃঃ: মিশকাত হা/১৭৫০।

লোকদের সাথে যুদ্ধ করবেন? কারণ রাসূল (ছাঃ) বলেছেন, আমাকে লোকদের সাথে যুদ্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে যতক্ষণ না তারা ‘লা-ইলাহা ইল্লাহ্যাহ’-কে স্বীকার করে। আর যে ব্যক্তি তা স্বীকার করবে সে তার সম্পদ ও প্রাণ আমার হাত থেকে সংরক্ষিত করে নিবে। তবে ইসলামের অধিকার ব্যতীত। আর অন্য সবকিছুর হিসাবে আল্লাহর কাছে রয়েছে। অতঃপর আরু বকর (রাঃ) বললেন, আল্লাহর শপথ! যে ব্যক্তি ছালাত ও যাকাতের মধ্যে পার্থক্য নির্দেশ করবে আমি তার সাথে যুদ্ধে লিপ্ত হব। কারণ যাকাত হচ্ছে আল্লাহর সম্পদের হক। আল্লাহর শপথ! তারা যদি উটের গলার একটি রশিও দিতে অস্বীকার করে, যা তারা রাসূল (ছাঃ)-এর যামানায় দিত, তাহলে এ অস্বীকৃতির কারণে আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ করব। ওয়ের (রাঃ) বললেন, আল্লাহর শপথ! আমি দেখলাম আল্লাহ আরু বকর (রাঃ)-এর হৃদয়কে যুদ্ধের জন্য উন্মুক্ত করে দিয়েছেন। কাজেই আমি বুঝতে পারলাম, আরু বকর (রাঃ)-এর সিদ্ধান্তই সঠিক ছিল।<sup>২৭</sup>

### যাকাত ত্যাগকারীর পরিণতি

আল্লাহ তা‘আলা মানব জাতিকে আশরাফুল মাখলুকাত তথা সৃষ্টির শ্রেষ্ঠ জীব হিসাবে সৃষ্টি করে দুনিয়াতে পাঠিয়েছেন এবং ভাল ও মন্দ উভয় পথ দেখিয়ে দিয়েছেন। ভাল পথের অনুসারীদের জন্য জাহানাতের অফুরন্ত নে‘মত ও মন্দ পথের অনুসারীদের জন্য জাহানামের কঠিন আযাব নির্ধারণ করেছেন। নিম্নে যাকাত পরিত্যাগকারীদের পরিণতি তুলে ধরা হল :

(১) যাকাত ত্যাগকারীর জন্য জাহানাম অবধারিত : হাদীছে এসেছে,

عَنْ أَنْسِ بْنِ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَانِعُ  
الزَّكَاةِ يَوْمَ الْقِيَامَةِ فِي النَّارِ -

আনাস ইবনু মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, যাকাত ত্যাগকারী ক্রিয়ামতের দিন জাহানামে প্রবেশ করবে।<sup>২৮</sup>

২৭. বুখারী হা/১৪০০, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৭৮ পৃঃ: মিশকাত হা/১৭৯০।

২৮. ছহীহ তারগীব হা/৭৬২; ছহীল জামে‘ হা/৫৮০৭।

অন্য হাদীছে বর্ণিত আছে, মা আয়েশা (রাঃ) বলেন,

دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَأَى فِتْنَحَاتٍ مِنْ وَرِقٍ  
فَقَالَ مَا هَذَا يَا عَائِشَةُ؟ فَقُلْتُ صَنَعْتُهُنَّ أَتَزِينُ لَكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ أَتُؤَدِّي  
رَكَائِهِنَّ قُلْتُ لَا أَوْ مَا شَاءَ اللَّهُ قَالَ هُوَ حَسْبُكِ مِنَ النَّارِ -

‘একদা রাসূলুল্লাহ (ছাঃ) আমার নিকট উপস্থিত হয়ে আমার হাতে ঝুপার বড় বড় আংটি দেখতে পান এবং বলেন, হে আয়েশা! এটা কি? আমি বললাম, হে রাসূল (ছাঃ)! আপনার উদ্দেশ্যে সৌন্দর্য বর্ধনের জন্য তা তৈরী করেছি। তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি এর যাকাত দাও? আমি বললাম, না অথবা আল্লাহর যা ইচ্ছা ছিল। তিনি বললেন, তোমাকে জাহানামে নিয়ে যাওয়ার জন্য এটাই যথেষ্ট।’<sup>১৯</sup>

(২) অনাদায়ী যাকাতের সম্পদকে আগুনে উত্পন্ন করে তাদের শরীরে দাগানো হবে : যারা তাদের সম্পদের যাকাত আদায় করে না তাদের সেই সম্পদকে জাহানামের আগুনে উত্পন্ন করে তাদের শরীরে দাগানো হবে এবং বলা হবে, ইহা তোমার ঐ সম্পদ যে সম্পদের তুমি যাকাত আদায় করনি। আল্লাহ তা‘আলা বলেন,

وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشِّرُهُمْ بِعَذَابٍ أَلِيمٍ، يَوْمَ يُحْمَى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَتُكَوَى بِهَا جِبَاهُهُمْ وَجُنُوبُهُمْ وَظُهُورُهُمْ هَذَا مَا كَنَرْتُمْ لِأَنْفُسِكُمْ فَذُوقُوا مَا كُنْتُمْ تَكْنِزُونَ -

‘যারা স্বর্ণ ও রৌপ্য পুঞ্জীভূত করে এবং তা আল্লাহর পথে ব্যয় করে না, তাদেরকে মর্মন্ত্বদ শাস্তির সংবাদ দাও। যেদিন জাহানামের অগ্নিতে তা উত্পন্ন করা হবে এবং তা দ্বারা তাদের ললাট, পার্শ্বদেশ ও পৃষ্ঠদেশে দাগ দেওয়া হবে। আর বলা হবে, এটাই তা, যা তোমরা নিজেদের জন্য পুঞ্জীভূত করতে। সুতরাং তোমরা যা পুঞ্জীভূত করেছিলে তা আস্বাদন কর’ (তওবা ৯/৩৪-৩৫)।

২৯. আবুদাউদ হা/১৫৬৫; ছইই তারগীর হা/৭৬৯।

(৩) অনাদায়ী যাকাতের সম্পদ বিষধর সাপে রঞ্চান্তরিত হয়ে দৎশন করতে থাকবে : যারা তাদের সম্পদের যাকাত আদায় করে না তাদের সেই সম্পদ টাক মাথা বিশিষ্ট বিষধর সাপে রঞ্চান্তরিত হয়ে তাদের উভয় চোয়ালে কামড় ধরে বলবে আমি তোমার সেই সম্পদ যে সম্পদের তুমি যাকাত আদায় করনি । হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ آتَاهُ اللَّهُ مَا لَمْ يُؤْدَ زَكَاتُهُ مُثْلَ لَهُ يَوْمَ الْقِيَامَةِ شُجَاعًا أَقْرَعَ، لَهُ زَيْبِيَّانٌ، يُطْوَقُهُ يَوْمَ الْقِيَامَةِ، ثُمَّ يُأْخُذُ بِلَهْزِ مَتَّيْهِ يَعْنِي شِدْفَيْهِ ثُمَّ يَقُولُ أَنَا مَالِكُ، أَنَا كَنْزُكَ -

‘যাকে আল্লাহ সম্পদ দান করেছেন, কিন্তু সে এর যাকাত আদায় করেনি, ক্ষিয়ামতের দিন তার সম্পদকে টেকো (বিষের তীব্রতার কারণে) মাথা বিশিষ্ট বিষধর সাপের আকৃতি দান করে তার গলায় ঝুলিয়ে দেওয়া হবে । সাপটি তার মুখের দু’পার্শ্বে কামড়ে ধরে বলবে, আমি তোমার সম্পদ, আমি তোমার জমাকৃত মাল । অতঃপর রাসূলুল্লাহ (ছাঃ) তেলাওয়াত করেন,

وَلَا يَحْسِنَ النَّذِينَ يَيْخُلُونَ بِمَا آتَاهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ هُوَ خَيْرًا لَهُمْ بَلْ هُوَ شَرٌّ لَهُمْ سَيْطَوْقُونَ مَا يَخْلُلُوا بِهِ يَوْمَ الْقِيَامَةِ وَلَلَّهِ مِيرَاثُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاللهِ بِمَا تَعْمَلُونَ خَيْرٌ -

‘আল্লাহ যাদেরকে সম্পদশালী করেছেন অথচ তারা সে সম্পদ নিয়ে কার্পণ্য করেছে, তাদের ধারণা করা উচিত নয় যে, সেই সম্পদ তাদের জন্য কল্যাণ বয়ে আনবে, বরং তা তাদের জন্য অকল্যাণকর হবে । অচিরেই ক্ষিয়ামত দিবসে, যা নিয়ে কার্পণ্য করেছে তা দিয়ে তাদের গলদেশ শৃঙ্খলাবদ্ধ করা হবে’ (আলে-ইমরান ৩/১৮০) ।<sup>১০</sup>

(৪) অনাদায়ী যাকাতের সম্পদ দ্বারাই কঠোর শাস্তি দেওয়া হবে : মানুষ যে সম্পদের যাকাত আদায় করবে না আল্লাহ তা’আলা সে সম্পদের মাধ্যমে

৩০. বুখারী হা/১৪০৩, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/৭৯ পৃঃ: মিশকাত হা/১৭৭৪ ।

তাদেরকে বিভিন্নভাবে শাস্তি প্রদান করবেন। যেমন- স্বর্ণ ও রৌপ্যের যাকাত আদায় না করলে তা জাহানামের আগুনে উত্তপ্ত করে শরীর দাগানো হবে। উট, গরু ও ছাগলের যাকাত আদায় না করলে উক্ত পশুর ক্ষুর দ্বারা তাদেরকে মাড়াতে থাকবে। হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ رضيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ صَاحِبٍ ذَهَبٍ وَلَا فِضَّةً لَا يُؤْدِي مِنْهَا حَقَّهَا إِلَّا إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ صُفْحَتْ لَهُ صَفَائِحُ مِنْ نَارٍ فَأُحْمِيَ عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَيُكَوَّى بِهَا جَنْبَهُ وَجَيْنَهُ وَظَهَرَهُ كُلُّمَا بَرَدَتْ أُعِيدَتْ لَهُ فِي يَوْمٍ كَانَ مَقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةً حَتَّى يُقْضَى بَيْنَ الْعِبَادِ فَيُرَى سَبِيلُهُ إِمَّا إِلَى الْجَنَّةِ وَإِمَّا إِلَى النَّارِ قِيلَ يَا رَسُولَ اللَّهِ فَالِإِيمَانُ قَالَ وَلَا صَاحِبٌ إِلَّا لَا يُؤْدِي مِنْهَا حَقَّهَا وَمِنْ حَقَّهَا حَلَبَهَا يَوْمٌ وَرِدَهَا إِلَّا إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ بُطْحَ لَهَا بَقَاعٌ قَرْقَرٌ أَوْفَرٌ مَا كَانَتْ لَا يَفْقَدُ مِنْهَا فَصِيلًا وَاحِدًا تَطُوُّهُ بِأَخْفَافِهَا وَتَعْضُهُ بِأَفْوَاهِهَا كُلُّمَا مَرَ عَلَيْهِ أُولَاهَا رُدَّ عَلَيْهِ أُخْرَاهَا فِي يَوْمٍ كَانَ مَقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةً حَتَّى يُقْضَى بَيْنَ الْعِبَادِ فَيُرَى سَبِيلُهُ إِمَّا إِلَى الْجَنَّةِ وَإِمَّا إِلَى النَّارِ قِيلَ يَا رَسُولَ اللَّهِ فَالْبَقْرُ وَالْغَنَمُ قَالَ وَلَا صَاحِبٌ بَقَرٌ وَلَا غَنَمٌ لَا يُؤْدِي مِنْهَا حَقَّهَا إِلَّا إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ بُطْحَ لَهَا بَقَاعٌ قَرْقَرٌ لَا يَفْقَدُ مِنْهَا شَيْئًا لَيْسَ فِيهَا عَقْصَاءٌ وَلَا جَلْحَاءٌ وَلَا عَصْبَاءٌ تَنْطِحُهُ بِقُرُونِهَا وَتَطُوُّهُ بِأَظْلَافِهَا كُلُّمَا مَرَ عَلَيْهِ أُولَاهَا رُدَّ عَلَيْهِ أُخْرَاهَا فِي يَوْمٍ كَانَ مَقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةً حَتَّى يُقْضَى بَيْنَ الْعِبَادِ فَيُرَى سَبِيلُهُ إِمَّا إِلَى الْجَنَّةِ وَإِمَّا إِلَى النَّارِ قِيلَ يَا رَسُولَ اللَّهِ فَالْخَيْلُ قَالَ الْخَيْلُ ثَلَاثَةٌ هِيَ لِرَجُلٍ وِزْرٌ وَهِيَ لِرَجُلٍ سِرْ وَهِيَ لِرَجُلٍ أَجْرٌ فَمَا الَّتِي هِيَ لَهُ وِزْرٌ فَرَجُلٌ رَبَطَهَا رِيَاءً وَفَخْرًا وَنِوَاءً عَلَى أَهْلِ الْإِسْلَامِ فَهِيَ لَهُ وِزْرٌ وَمَا الَّتِي هِيَ لَهُ سِرْ فَرَجُلٌ رَبَطَهَا فِي سَبِيلِ اللَّهِ ثُمَّ لَمْ

يَنْسَ حَقَّ اللَّهِ فِي ظُهُورِهَا وَلَا رِقَابِهَا فَهِيَ لَهُ سِرْ وَأَمَا الَّتِي هِيَ لَهُ أَجْرٌ فَرَجُلٌ رَبَطَهَا فِي سَبِيلِ اللَّهِ لِأَهْلِ الْإِسْلَامِ فِي مَرْجٍ وَرَوْضَةٍ فَمَا أَكَلَتْ مِنْ ذَلِكَ الْمَرْجُ أَوِ الرَّوْضَةِ مِنْ شَيْءٍ إِلَّا كُتِبَ لَهُ عَدَدَ مَا أَكَلَتْ حَسَنَاتٌ وَكُتِبَ لَهُ عَدَدَ أَرْوَاثَهَا وَأَبْوَالَهَا حَسَنَاتٌ وَلَا تَقْطَعُ طَوْلَهَا فَاسْتَنَتْ شَرَفًا أَوْ شَرَفَينِ إِلَّا كَتَبَ اللَّهُ لَهُ عَدَدَ آثَارِهَا وَأَرْوَاثَهَا حَسَنَاتٌ وَلَا مَرَّ بِهَا صَاحِبُهَا عَلَى نَهْرٍ فَشَرِبَتْ مِنْهُ وَلَا يُرِيدُ أَنْ يَسْقِيَهَا إِلَّا كَتَبَ اللَّهُ لَهُ عَدَدَ مَا شَرِبَتْ حَسَنَاتٍ قِيلَ يَا رَسُولَ اللَّهِ فَالْحُمُرُ قَالَ مَا أُنْزَلَ عَلَىٰ فِي الْحُمُرِ شَيْءٌ إِلَّا هَذِهِ الْآيَةُ الْفَادِعَةُ الْجَامِعَةُ (فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ-

‘প্রত্যেক স্বর্গ ও রৌপ্যের মালিক যে উহার হক (যাকাত) আদায় করে না, ‘নিশ্চয়ই ক্ষিয়ামতের দিন তার জন্য আগুনের বহু পাত তৈরী করা হবে এবং সে সমুদয়কে জাহানামের আগুনে গরম করা হবে এবং তার পাঁজর, কপাল ও পিঠে দাগ দেওয়া হবে। যখনই তা ঠাণ্ডা হয়ে যাবে তখন পুনরায় তাকে গরম করা হবে (তার সাথে এরূপ করা হবে) সে দিনের পরিমাণ হবে পঞ্চাশ হায়ার বছরের সমান। (তার এ শান্তি চলতে থাকবে) যতদিন না বান্দাদের বিচার নিষ্পত্তি হয়। অতঃপর সে তার পথ ধরবে, হয় জান্নাতের দিকে, না হয় জাহানামের দিকে।

জিজেস করা হল হে রাসূল (ছাঃ)! উট সম্পর্কে কি হবে? রাসূল (ছাঃ) বললেন, যে উটের মালিক তার হক আদায় করবে না আর তার হকসমূহের মধ্যে পানি পানের তারিখে তার দুধ দোহন করা (এবং অন্যদের দান করাও) এক হক। ‘ক্ষিয়ামতের দিন নিশ্চয়ই তাকে এক ধূধু ময়দানে উপুড় করে ফেলা হবে, আর তার সে সকল উট যার একটি বাচ্চাও সে সেই দিন হারাবে না; বরং সকলকে পূর্ণভাবে পাবে, তাকে তার ক্ষুর দ্বারা মাড়াতে থাকবে এবং মুখ দ্বারা কামড়াতে থাকবে। এভাবে যখনই তাদের শেষ দল অতিক্রম করবে পুনরায় প্রথম দল এসে পৌছবে। এরূপ করা হবে সেই দিন, যার পরিমাণ হবে পঞ্চাশ হায়ার বছরের সমান। (তার এ শান্তি চলতে থাকবে) যতদিন না

বান্দাদের বিচার নিষ্পত্তি হয়। অতঃপর সে তার পথ ধরবে, হয় জাহানাতের দিকে, না হয় জাহানামের দিকে।

অতঃপর জিজ্ঞেস করা হল হে আল্লাহর রাসূল (ছাঃ)! গরু ছাগল সম্পর্কে কি হবে? তিনি বললেন, প্রত্যেক গরু ও ছাগলের মালিক যে তার হক আদায় করবে না, ‘ক্ষিয়ামতের দিন নিশ্চয়ই তাকে এক ধূধূ মাঠে উপুড় করে ফেলা হবে, আর তার সে সকল গরু-ছাগল তাকে শিং মারতে থাকবে এবং ক্ষুরের দ্বারা মাড়াতে থাকবে, অথচ সে দিন তার কোন একটি গরু ছাগলই শিং বাঁকা, শিং হীন বা শিং ভাঙ্গা হবে না এবং একটি মাত্র গরু-ছাগলকেও সে হারাবে না। যখনই তার প্রথম দল অতিক্রম কারবে, তখনই শেষ দল উপস্থিত হবে। এরূপ করা হবে সেই দিন, যার পরিমাণ হবে পঞ্চাশ হায়ার বছরের সমান। (তার এ শাস্তি চলতে থাকবে) যতদিন না বান্দাদের বিচার নিষ্পত্তি হয়। অতঃপর সে তার পথ ধরবে, হয় জাহানাতের দিকে, না হয় জাহানামের দিকে।

অতঃপর জিজ্ঞেস করা হল হে আল্লাহর রাসূল (ছাঃ)! ঘোড়া সম্পর্কে কি হবে? তিনি বললেন, ঘোড়া তিন প্রকার। ঘোড়া কারো জন্য পাপের কারণ, কারো জন্য আবরণ স্বরূপ, আবার কারো জন্য ছওয়াবের বিষয়। (ক) যে ঘোড়া তার মালিকের পক্ষে পাপের কারণ, তা হল সে ব্যক্তির ঘোড়া, যে তাকে পালন করেছে লোক দেখানো, গর্ব এবং মুসলমানদের প্রতি শক্রতার উদ্দেশ্য। এ ঘোড়া হল তার পাপের কারণ। (খ) যে ঘোড়া তার মালিকের জন্য আবরণস্বরূপ, তা হল সে ব্যক্তির ঘোড়া, যে তাকে পালন করেছে আল্লাহর রাস্তায়, অতঃপর ভুলে যায়নি তার সম্পর্কে ও তার পিঠ সম্পর্কে আল্লাহর হক। এই ঘোড়া তার ইয়ত-সম্মানের জন্য আবরণস্বরূপ। (গ) আর যে ঘোড়া তার মালিকের জন্য ছওয়াবের কারণ, তা হল সে ব্যক্তির ঘোড়া, যে তাকে পালন করেছে কোন চারণভূমিতে বা ঘাসের বাগানে শুধু আল্লাহর রাস্তায় মুসলমানদের (দেশ রক্ষার) জন্য। তখন তার সে ঘোড়া চারণভূমি অথবা বাগানের যা কিছু খাবে, তার পরিমাণ তার জন্য নেকী লিখা হবে এবং লিখা হবে গোবর ও পেশাব পরিমাণ নেকী। আর যদি তা আপন রশি ছিড়ে একটি বা দু'টি মাঠও বিচরণ করে, তাহলে নিশ্চয়ই উহার পদচিহ্ন ও গোবরসমূহ পরিমাণ নেকী লিখা হবে। এছাড়া মালিক যদি উক্ত ঘোড়াকে কোন নদীর কিনারে নিয়ে যায়, আর তা নদী হতে পানি পান করে, অথচ মালিকের ইচ্ছা

ছিল না পানি পান করাতে, তথাপি তার পানি পান পরিমাণ নেকী তার জন্য লিখা হবে।

অতঃপর জিজ্ঞেস করা হল, হে আল্লাহর রাসূল! গাধা সম্পর্কে কি হবে? তিনি বললেন, গাধার বিষয়ে আমার প্রতি কিছু নায়িল হয়নি। এই স্বতন্ত্র ও ব্যাপকার্থক আয়াতটি ব্যতীত, ‘যে ব্যক্তি এক অণু পরিমাণ ভাল কাজ করবে, সে তার নেক ফল পাবে, আর যে এক অণু পরিমাণ মন্দ কাজ করবে, সে তার মন্দ ফল ভোগ করবে (অর্থাৎ গাধার যাকাত দিলে তারও ছওয়াব পাওয়া যাবে)’ (যিল্যাল ৭-৮)।<sup>১</sup>

### যাকাত ওয়াজিব ছওয়ার শর্তসমূহ

আল্লাহ তা'আলা মানব জাতির জন্য ইসলামকে একমাত্র দীন হিসাবে মনোনীত করে ইসলামের যাবতীয় বিধি-বিধান জানিয়ে দিয়েছেন; যার অন্যতম হল যাকাত। কতিপয় শর্ত সাপেক্ষে আল্লাহ তা'আলা মুসলমানদের উপর যাকাত ফরয করেছেন; যা নিম্নরূপ :

(১) তথা নিয়্যাত করা : হাদীছে এসেছে,

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رضى الله عنه قَالَ سَمِعْتُ رَسُولَ اللهِ صَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَاتِ وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوَى، فَمَنْ كَانَ هِجْرَتُهُ إِلَى دُنْيَا يُصِيبُهَا، أَوْ إِلَى امْرَأَةٍ يَنْكِحُهَا، فَهِجْرَتُهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ-

ওমর ইবনুল খাতাব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি, ‘নিশ্চয়ই প্রত্যেক কাজ নিয়তের উপর নির্ভরশীল। আর মানুষ তার নিয়ত অনুযায়ী প্রতিফল পাবে। তাই যার হিজরত হবে ইহকাল লাভের অথবা কোন মহিলাকে বিবাহ করার উদ্দেশ্যে, তার হিজরত সেদিকেই গণ্য হবে, যে জন্য সে হিজরত করেছে’।<sup>২</sup>

উল্লিখিত হাদীছ থেকে প্রমাণিত হয় যে, প্রত্যেকটি আমল তার নিয়তের উপর নির্ভরশীল। অতএব একমাত্র আল্লাহর সন্তুষ্টিচিন্তে খালেছ নিয়তে সম্পদের

১. মুসলিম হা/৯৮৭; মিশকাত হা/১৭৭৩, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গানুবাদ (এমদাদিয়া) ৪/১২৩ পঃ।

২. বুখারী হা/১, ‘আল্লাহর রাসূল (ছাঃ)-এর প্রতি কিতাবে অহী শুরু হয়েছিল’ অধ্যায়।

যাকাত আদায় করতে হবে। এক্ষেত্রে কোন আনুষ্ঠানিকতা অথবা লোক দেখানো উদ্দেশ্য থাকলে তা শিরকে পরিণত হবে। আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُبْطِلُوا صَدَقَاتِكُمْ بِالْمَنْ وَالْأَذْيَ كَالَّذِي يُنْفِقُ مَالَهُ رِثَاءً  
النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَمِثْلُهُ كَمِثْلٍ صَفْوَانٌ عَلَيْهِ ثُرَابٌ فَأَصَابَهُ وَابْلُ  
فَتَرَكَهُ صَلْدًا لَا يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّمَّا كَسَبُوا وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ -

‘হে মুমিনগণ! দানের কথা বলে বেড়িয়ে এবং কষ্ট দিয়ে তোমরা তোমাদের দানকে ঐ ব্যঙ্গির ন্যায় নিষ্পত্তি কর না যে নিজের সম্পদ লোক দেখানোর জন্য ব্যয় করে থাকে এবং আল্লাহর ও পরকালে বিশ্বাস করে না। তার উপরা একটি মসৃণ পাথর যার উপর কিছু মাটি থাকে, অতঃপর উহার উপর প্রবল বৃষ্টিপাত উহাকে পরিষ্কার করে দেয়। তারা যা উপার্জন করেছে তার কিছুই তারা তাদের কাজে লাগাতে পারবে না। আল্লাহর কাফের সম্পদায়কে সৎপথে পরিচালিত করেন না’ (বাকারাহ ২/২৬৪)। হাদীছে এসেছে,

عَنْ مَحْمُودِ بْنِ لَبِيْدٍ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ أَخْوَافَ مَا  
أَخَافُ عَلَيْكُمُ الشَّرُكُ الْأَصْغَرُ قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَا الشَّرُكُ الْأَصْغَرُ قَالَ الرِّيَاءُ -

মাহমুদ ইবনু লাবীদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, আমি তোমাদের উপর সবচেয়ে বেশী ভয় করি ছোট শিরকের (তোমরা ছোট শিরকে লিপ্ত হবে)। তারা বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! ছোট শিরক কি? তিনি বললেন, লোক দেখানো আমল কারা।<sup>৩০</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ أَوَّلَ النَّاسِ  
يُقْضَى يَوْمَ الْقِيَامَةِ عَلَيْهِ رَجُلٌ اسْتُشْهِدَ فَأُتَّسْتَشْهِدَ بِهِ فَعَرَفَهُ نَعْمَهُ فَعَرَفَهَا قَالَ فَمَا  
عَمِلْتَ فِيهَا قَالَ قَاتَلْتُ فِيَّكَ حَتَّى اسْتُشْهِدْتُ قَالَ كَذَبْتَ وَلَكِنَّكَ قَاتَلْتَ لَآنَ

৩০. মুসনাদে আহমাদ হা/২৩৬৮৬; মিশকাত হা/৫৩৩৪; আলবানী, সনদ ছহীহ; সিলসিলা ছহীহাহ হা/৯৫১।

يُقَالَ جَرِيْءٌ فَقَدْ قِيلَ ثُمَّ اُمِرَ بِهِ فَسُحِبَ عَلَى وَجْهِهِ حَتَّى اُلْقِيَ فِي النَّارِ وَرَجُلٌ تَعْلَمُ الْعِلْمَ وَعَلِمَهُ وَقَرَا الْقُرْآنَ فَأَتَى بِهِ فَعَرَفَهُ نَعْمَهُ فَعَرَفَهَا قَالَ فَمَا عَمِلْتَ فِيهَا قَالَ تَعْلَمْتُ الْعِلْمَ وَعَلِمْتُهُ وَقَرَأْتُ فِيهَا الْقُرْآنَ قَالَ كَذَبْتَ وَلَكِنَّكَ تَعْلَمْتَ الْعِلْمَ لِيُقَالَ عَالِمٌ وَقَرَأْتَ الْقُرْآنَ لِيُقَالَ هُوَ قَارِئٌ فَقَدْ قِيلَ ثُمَّ اُمِرَ بِهِ فَسُحِبَ عَلَى وَجْهِهِ حَتَّى اُلْقِيَ فِي النَّارِ وَرَجُلٌ وَسَعَ اللَّهُ عَلَيْهِ وَأَعْطَاهُ مِنْ أَصْنافِ الْمَالِ كُلُّهُ فَأَتَى بِهِ فَعَرَفَهُ نَعْمَهُ فَعَرَفَهَا قَالَ فَمَا عَمِلْتَ فِيهَا قَالَ مَا تَرَكْتُ مِنْ سَيِّلٍ تُحِبُّ أَنْ يُنْفَقَ فِيهَا إِلَّا أَنْفَقْتُ فِيهَا لَكَ قَالَ كَذَبْتَ وَلَكِنَّكَ فَعَلْتَ لِيُقَالَ هُوَ جَوَادٌ فَقَدْ قِيلَ ثُمَّ اُمِرَ بِهِ فَسُحِبَ عَلَى وَجْهِهِ ثُمَّ اُلْقِيَ فِي النَّارِ-

আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল (ছাঃ)-কে বলতে শুনেছি যে, ক্রিয়ামতের দিন (রিয়াকারীদের মধ্যে) প্রথমে যে ব্যক্তির বিচার করা হবে সে হবে একজন শহীদ। তাকে আল্লাহর দরবারে হাথির করা হবে এবং আল্লাহ তাকে তাঁর দেওয়া আপন নে'আমত সমুহের কথা স্মরণ করিয়ে দিবেন আর সেও তা স্মরণ করবে। অতঃপর তাকে জিজ্ঞেস করবেন, তুমি এ নে'আমতের বিনিময়ে দুনিয়ায় কি কাজ করেছ? সে বলবে, হে আল্লাহ! তোমার সন্তুষ্টির জন্য তোমার পথে আমি কাফিরদের সাথে যুদ্ধ করেছি এমনকি শেষ পর্যন্ত আমি শহীদ হয়েছি। তখন আল্লাহ তা'আলা বলবেন, তুমি মিথ্যা বলছ; বরং তুমি যুদ্ধ করেছ এই উদ্দেশ্যে যে, যাতে তোমাকে বীরপুরুষ বলা হয়, আর তা তোমাকে বলা হয়েছে। এরপর তার সম্পর্কে ফেরেশ্তাদেরকে আদেশ দেওয়া হবে। অতঃপর তাকে উপুড় করে টেনে জাহানামে নিষ্কেপ করা হবে।

দ্বিতীয় ব্যক্তি হচ্ছে সেই লোক, যে ইলম শিক্ষা করেছে এবং অপরকে শিক্ষা দিয়েছে ও কুরআন পড়েছে ও অপরকে তা শিক্ষা দিয়েছে। তাকে আল্লাহর দরবারে হাথির করা হবে। প্রথমে আল্লাহ তাকে তাঁর দেওয়া নে'আমতের কথা স্মরণ করিয়ে দিবেন এবং সেও তা স্মরণ করবে। অতঃপর জিজ্ঞেস করবেন, তুমি এসব নে'আমতের শুকরিয়া স্বরূপ কি করেছ? সে বলবে, আমি ইলম

শিক্ষা করেছি ও অপরকে তা শিক্ষা দিয়েছি এবং তোমার সন্তুষ্টির জন্য কুরআন পড়েছি। তখন আল্লাহ বলবেন, তুমি মিথ্যা বলছ; বরং তুমি এই জন্য ইলম শিক্ষা করেছিলে যাতে তোমাকে আলেম বলা হয় এবং এই জন্য কুরআন পড়েছিলে যাতে তোমাকে কুরী বলা হয়, আর তা তোমাকে বলাও হয়েছে। অতঃপর ফেরেশ্তাদেরকে তার সম্পর্কে হ্রস্ম করা হবে; সুতরাং তাকে উপুড় করে টেনে নিয়ে জাহানামে নিষ্কেপ করা হবে।

তৃতীয় ব্যক্তি হচ্ছে, যার রিযিক আল্লাহ প্রসঙ্গ করে দিয়েছিলেন এবং তাকে সব রকমের সম্পদ দান করেছিলেন। তাকে আল্লাহর দরবারে হাফির করা হবে। আল্লাহ তা'আলা প্রথমে তাকে তাঁর দেওয়া নে'আমতের কথা স্মরণ করিয়ে দিবেন, আর সেও তা স্মরণ করবে। এরপর তিনি তাকে জিজ্ঞেস করবেন, তুমি এসবের কৃতজ্ঞতায় কি করেছ? সে বলবে, এমন সব রাস্তা যাতে দান করলে তুমি সন্তুষ্ট হবে এতে তোমার সন্তুষ্টির জন্য দান করেছি। তখন আল্লাহ বলবেন, তুমি মিথ্যা বলছ; বরং তুমি এ উদ্দেশ্যে দান করেছিলে যাতে তোমাকে দানবীর বলা হয়। আর তা তোমাকে বলাও হয়েছে। অতঃপর ফেরেশ্তাদেরকে তার সম্পর্কে হ্রস্ম করা হবে; সুতরাং তাকে উপুড় করে টেনে নিয়ে জাহানামে নিষ্কেপ করা হবে।<sup>১৪</sup>

(২) তথা স্বাধীন হওয়া : যাকাত ওয়াজিব হওয়ার জন্য ব্যক্তিকে স্বাধীন হতে হবে। কোন দাসের উপর যাকাত ওয়াজিব নয়। কেননা দাস সম্পদের মালিক হতে পারে না। হাদীছে এসেছে, عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى - آتَاهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ فِي الْعَبْدِ صَدَقَةٌ إِلَّا صَدَقَةُ الْفِطْرِ - (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘ছাদাক্তাতুল ফিৎর ব্যক্তিত ক্রীতদাসের উপর কোন ছাদাক্তাহ (যাকাত) নেই’।<sup>১৫</sup>

অন্যত্র রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

- مَنِ ابْتَاعَ عَبْدًا وَلَهُ مَالٌ فَمَالُهُ لِلَّذِي بَاعَهُ إِلَّا أَنْ يَشْتَرِطَ الْمُبْتَاعَ -

৩৪. মুসলিম হা/১৯০৫; মিশকাত হা/২০৫, 'ইলম' অধ্যায়।

৩৫. মুসলিম হা/৯৮২; মিশকাত হা/১৭৯৫।

‘যদি কেউ গোলাম (দাস) বিক্রয় করে এবং তার (দাসের) সম্পদ থাকে, তবে সে সম্পদ হবে বিক্রেতার। কিন্তু যদি ক্রেতা শর্ত করে তাহলে তা হবে তার (ক্রেতার)’<sup>৩৬</sup>

অতএব দাস যেহেতু সম্পদের মালিক নয় সেহেতু তার উপর যাকাত ওয়াজিব নয়। যেমনিভাবে ফকীরের উপর যাকাত ওয়াজিব নয়।

(৩) **سلام** **لِلّٰهِ** তথা মুসলিম হওয়া : যাকাত ওয়াজিব হওয়ার জন্য ব্যক্তিকে অবশ্যই মুসলিম হতে হবে। কোন কাফেরের উপর যাকাত ওয়াজিব নয়। কেননা যাকাত হল পবিত্রকারী। আল্লাহ তা‘আলা বলেন,

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُظْهِرُهُمْ وَتُنْزِكُّهُمْ بِهَا

‘উদাদের সম্পদ হতে ছাদাক্তাত্ গ্রহণ করবে। এর দ্বারা তুমি তাদেরকে পবিত্র করবে এবং পরিশোধিত করবে’ (তওবা ৯/১০৩)। পক্ষাত্তরে কাফেরগণ বাহ্যিকভাবে পবিত্র হলেও শিরক ও কুফরীর কারণে তাদের অন্তর অপবিত্র। যদি তারা পৃথিবী পূর্ণ স্বর্ণ দান করে তবুও তারা পবিত্র হতে পারবে না।

এছাড়াও যাকাত হল ইসলামের অন্যতম একটি ইবাদত। আর কাফেরদের কোন ইবাদত আল্লাহর নিকট গ্রহণীয় নয়। তিনি বলেন,

وَقَدِمْنَا إِلَىٰ مَا عَمِلُوا مِنْ عَمَلٍ فَجَعَلْنَاهُ هَبَاءً مُنْثُرًا-

‘আমি তাদের (কাফিরদের) কৃতকর্মের প্রতি লক্ষ্য করব, অতঃপর সেগুলিকে বিক্ষিপ্ত ধুলিকণায় পরিণত করব’ (ফুরক্তান ২৫/২৩)। তিনি অন্যত্র বলেন,

وَمَا مَنَعَهُمْ أَنْ تُفْبَلَ مِنْهُمْ نَفَقَاتُهُمْ إِلَّا أَنَّهُمْ كَفَرُوا بِاللّٰهِ وَبِرَسُولِهِ وَلَا يَأْتُونَ الصَّٰتاَةَ إِلَّا وَهُمْ كُسَالَىٰ وَلَا يُنْفَقُونَ إِلَّا وَهُمْ كَارِهُونَ-

‘তাদের (কাফিরদের) দান গ্রহণ করা নিষেধ করা হয়েছে এজন্য যে, তারা আল্লাহ ও তাঁর রাসূলকে অস্বীকার করে, ছালাতে শৈথিল্যের সাথে উপস্থিত হয় এবং অনিচ্ছাকৃতভাবে দান করে’ (তওবা ৯/৫৪)।

৩৬. বুখারী হা/২৩৭৯, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন্স) ২/৫৬৪ পৃঃ।

(8) تَخْثَابُ الْمُلْكِ نَصَابٌ : إِسْلَامِي  
শরী'আত কর্তৃক নির্ধারিত নিছাব পরিমাণ সম্পদ হলেই কেবল যাকাত ওয়াজিব।  
এর চেয়ে কম হলে যাকাত ওয়াজিব নয়। নবী করীম (ছাঃ) বলেছেন,

لَيْسَ فِيمَا أَقْلَى مِنْ خَمْسَةِ أَوْ سُقِّ صَدَقَةٌ، وَلَا فِي أَقْلَى مِنْ خَمْسَةٍ مِنَ الْإِبَالِ  
الذُّوْدِ صَدَقَةٌ، وَلَا فِي أَقْلَى مِنْ خَمْسٍ أَوْ أَقْلَى مِنَ الْوَرِقِ صَدَقَةٌ۔

'পাঁচ ওয়াসাক-এর কম উৎপন্ন দ্রব্যের যাকাত নেই এবং পাঁচটির কম উটের যাকাত নেই। এমনিভাবে পাঁচ আওকিয়ার কম পরিমাণ রৌপ্যেরও যাকাত নেই'।<sup>৩৭</sup>

**'ওয়াসাক'-এর পরিমাণ :** ১ ওয়াসাক সমান ৬০ ছা'। অতএব ৫ ওয়াসাক সমান  $60 \times 5 = 300$  ছা'। ১ ছা' সমান ২ কেজি ৫০০ গ্রাম হলে ৩০০ ছা' সমান  $300 \times 2.5 = 750$  কেজি হয়। অর্থাৎ ১৮ মন ৩০ কেজি। এই পরিমাণ শস্য বৃষ্টির পানিতে উৎপাদিত হলে ১০ ভাগের ১ ভাগ, আর নিজে পানি সেচ দিয়ে উৎপাদন করলে ২০ ভাগের ১ ভাগ যাকাত ফরয।

**আওকিয়ার পরিমাণ :** ১ আওকিয়া সমান ৪০ দিরহাম। অতএব ৫ আওকিয়া সমান  $40 \times 5 = 200$  দিরহাম। রৌপ্যের ক্ষেত্রে যার পরিমাণ হয় ৫৯৫ গ্রাম রৌপ্য। আর স্বর্ণের ক্ষেত্রে পরিমাণ হবে, ১ দীনার সমান ১০ দিরহাম হলে  $200 \text{ দিরহাম } \div 10 = 20$  দীনার। ১ দীনার সমান  $8.25$  গ্রাম স্বর্ণ হলে  $20 \text{ দীনার } \times 8.25 = 85$  গ্রাম স্বর্ণ। উল্লিখিত পরিমাণ স্বর্ণ বা রৌপ্য এক চন্দ্ৰ বছৰ যাবৎ কারো মালিকানায় থাকলে অথবা এ পরিমাণ স্বর্ণ-রৌপ্যের বিক্ৰয়মূল্য পরিমাণ টাকা এক চন্দ্ৰ বছৰ যাবৎ কারো মালিকানায় থাকলে তার উপর শতকরা ২.৫ টাকা যাকাত ফরয।

অন্যত্র রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, 'فِي كُلِّ أَرْبَعِينِ شَاهًّا شَاهًّا، 'প্রত্যেক চালিশটি ছাগলের যাকাত হল, একটি ছাগল'।<sup>৩৮</sup>

৩৭. বুখারী হা/১৪৮৪, 'যাকাত' অধ্যায়, বঙ্গানুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/১৩৫ পৃঃ: মুসলিম হা/৯৭৯; মিশকাত হা/১৭৯৪।

অতএব ইসলামী শরী'আত কর্তৃক নির্ধারিত নিছাব পরিমাণের কম হলে যাকাত ওয়াজিব নয়।

(৫) তথা সম্পদের পূর্ণ মালিক হওয়া : যাকাত ওয়াজিব হওয়ার জন্য ব্যক্তিকে সম্পদের পূর্ণ মালিক হতে হবে। আল্লাহ তা'আলা বলেন, **خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً** ‘তাদের সম্পদ হতে ছাদাক্তাহ গ্রহণ করবে’ (তওবা ৯/১০৩)। তিনি অন্যত্র বলেন, **وَالَّذِينَ فِي أَمْوَالِهِمْ حَقٌّ مَعْلُومٌ** ‘এবং যাদের ধন-সম্পদে রয়েছে নির্ধারিত হক’ (মা'আরিজ ৭০/২৪)। অতএব পূর্ণ মালিকানাধীন সম্পদের উপরই যাকাত ওয়াজিব।

(৬) তথা পূর্ণ এক বছর অতিবাহিত হওয়া : নিছাব পরিমাণ সম্পদ মালিকের নিকট পূর্ণ এক চন্দ্র বছর মওজুদ থাকলে তার উপর যাকাত ফরয। এক চন্দ্র বছর পূর্ণ হওয়ার পূর্বেই কিছু অংশ ব্যয় হয়ে গেলে তার উপর যাকাত ফরয নয়।

হাদীছে এসেছে,

عَنْ عَائِشَةَ قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَا زَكَةَ فِي مَالٍ حَتَّىٰ يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ -

আয়োশা (ৱাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি যে, ‘পূর্ণ এক বছর পূর্ণ হওয়া পর্যন্ত সম্পদের যাকাত নেই।’<sup>৩৮</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنِ ابْنِ عُمَرَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ اسْتَفَادَ مَالًا فَلَا زَكَاهُ عَلَيْهِ حَتَّىٰ يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ عِنْدَ رَبِّهِ -

৩৮. আবুদাউদ হা/১৫৬৮; তিরমিয়ী হা/৬২১; ইবনু মাজাহ হা/১৮০৫; মিশকাত হা/১৯৯৮; আলবানী, সনদ ছহীহ।

৩৯. আবুদাউদ হা/১৫৭৩; তিরমিয়ী হা/৬৩১; ইবনু মাজাহ হা/১৭৯২; আলবানী, সনদ ছহীহ।

ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি কোন সম্পদ অর্জন করে, তাহলে উক্ত সম্পদ তার মালিকানায় এক বছর পূর্ণ না হওয়া পর্যন্ত তার রবের নিকটে যাকাত ফরয বলে গণ্য হবে না।<sup>৮০</sup>

## যে সকল মালের যাকাত ওয়াজিব হওয়ার জন্য এক বছর পূর্ণ হওয়া শর্ত নয়

যাকাত ফরয হওয়ার জন্য যেসব মালে পূর্ণ এক চন্দ্র বছর মালিকানার শর্তারোপ করা হয়েছে এবং যেসব মালে করা হয়নি, এ দু'টির মধ্যে পার্থক্য হল, বর্ধনশীল ও অবর্ধনশীল হওয়া। অর্থাৎ বর্ধনশীল মালের যাকাত ফরয হওয়ার জন্য পূর্ণ এক চন্দ্র বছর মালিকানায় থাকা শর্ত। আর অবর্ধনশীল মাল পূর্ণ এক বছর মালিকানায় থাকা শর্ত নয়। যেমন-

**মাটি থেকে উৎপন্ন শস্য ও ফল :** যে সকল শস্য ও ফল মাটি থেকে উৎপন্ন হয় সেগুলোর যাকাত ওয়াজিব হওয়ার জন্য এক বছর পূর্ণ হওয়া শর্ত নয়। বরং শস্য কর্তনের পরেই তা নিছাব পরিমাণ হলে তার যাকাত দিতে হবে। কেননা শস্য কর্তনের পরে তা বৃক্ষি হয় না। বরং তা পর্যায়ক্রমে কমে যায়। আল্লাহ তা'আলা বলেন,

وَهُوَ الَّذِي أَنْشَأَ جَنَّاتٍ مَعْرُوفَاتٍ وَغَيْرَ مَعْرُوفَاتٍ وَالنَّخْلَ وَالزَّرْعَ مُخْتَلِفًا  
أُكْلُهُ وَالزَّيْتُونَ وَالرُّمَّانَ مُتَشَابِهًا وَغَيْرَ مُتَشَابِهٍ كُلُّوْ مِنْ ثَمَرٍ إِذَا أَثْمَرَ وَآتُوا حَقَّهُ  
- يَوْمَ حَصَادِهِ وَلَا تُسْرِفُوا إِنَّهُ لَآيُوبُ الْمُسْرِفِينَ -

‘তিনিই লতা ও বৃক্ষ-উদ্যানসমূহ সৃষ্টি করেছেন এবং খেজুর বৃক্ষ, বিভিন্ন স্বাদ বিশিষ্ট খাদ্যশস্য, যায়তুন ও ডালিম সৃষ্টি করেছেন- এগুলি একে অপরের সদৃশ এবং বিসদৃশও। যখন তা ফলবান হয় তখন তার ফল আহার করবে আর ফসল তুলবার দিনে তার হক (যাকাত) প্রদান করবে এবং অপচয় করবে না; নিশ্চয়ই তিনি অপচয়কারীদেরকে ভালবাসেন না’ (আন‘আম ৬/১৪১)।

৮০. তিরমিয়ী হা/৬৩২; মিশকাত হা/১৭৮৭, ‘যাকাত’ অধ্যায়; আলবানী, সনদ ছহীহ, ইরওয়াউল গজীল হা/৭৮৭; তারাজু‘আত আলবানী হা/২১২।

অনুরূপভাবে গবাদি পশুর বাচ্চা ও ব্যবসায়িক মালের লভ্যাংশের যাকাত ফরয হওয়ার জন্য পূর্ণ এক বছর মালিকানায় থাকা শর্ত নয়। বরং এটা তার মূলের অনুসরণ করবে। অর্থাৎ গবাদি পশুর বাচ্চা তার মায়ের হিসাবের অন্তর্ভুক্ত হবে এবং ব্যবসায়িক মালের লভ্যাংশ তার মূলধনের সাথে হিসাব হবে। রাসূলুল্লাহ (ছাঃ) ছাহাবায়ে কেরামকে পশু পালনকারীদের নিকট থেকে যাকাত আদায়ের নির্দেশ দিয়েছেন। কিন্তু বয়স এক বছর পূর্ণ হয়েছে কি-না তা জিজেস করতে বলেননি।<sup>১</sup>

### বছর পূর্ণ হওয়ার পূর্বেই যাকাত আদায়ের হুকুম

যাকাত ওয়াজিব হওয়ার জন্য শর্ত হল, পূর্ণ এক চন্দ্র বছর অতিবাহিত হওয়া। কিন্তু এক চন্দ্র বছর পূর্ণ হওয়ার পূর্বেই যাকাত আদায় করলে তার উপর অর্পিত ওয়াজিব আদায় হবে কি-না? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, এক চন্দ্র বছর পূর্ণ হওয়ার পূর্বে যাকাত আদায় করলে তার উপর অর্পিত ওয়াজিব আদায় হয়ে যাবে। হাদীছে এসেছে,

عَنْ عَلَىٰ بْنِ أَبِي طَالِبٍ أَنَّ الْعَبَاسَ سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي تَعْجِيلِ  
صَدَقَتِهِ قَبْلَ أَنْ تَحْلِ فَرَخَصَ لَهُ فِي ذَلِكَ -

আলী ইবনু আবী তালেব (রাঃ) হতে বর্ণিত, নিশচয়ই আবাস (রাঃ) রাসূলুল্লাহ (ছাঃ)-কে এক বছর পূর্ণ হওয়ার পূর্বেই যাকাত আদায় সম্পর্কে জিজেস করলে তিনি তাকে অনুমতি দিলেন।<sup>১২</sup>

অন্য হাদীছে রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, **لَا زَكَةَ فِي مَالٍ حَتَّىٰ يَحُولَ عَلَيْهِ** –  
**‘এক বছর পূর্ণ হওয়ার পূর্বে মালের যাকাত নেই’।<sup>১৩</sup>**

১। মুসলিম হা/১০৪৫।

২। আবুদাউদ হা/১৬২৪; তিরমিয়ী হা/৬৭৮; ইবনু মাজাহ হা/১৭৯৫; মিশকাত হা/১৭৮৮,  
বঙ্গনুবাদ (এমদাদিয়া এন্ড লাইব্রেরী) ৪/১৩২ পৃঃ, সনদ হাসান।

৩। তিরমিয়ী হা/৬৩২; ইবনু মাজাহ হা/১৭৯২; সনদ ছহীহ।

এ হাদীছে রাসূলুল্লাহ (ছাঃ) এক বছর পূর্ণ হওয়ার পূর্বে যাকাত আদায়কে নিষিদ্ধ করেননি। বরং এর দ্বারা উদ্দেশ্য হল, এক বছর পূর্ণ হওয়ার পূর্বে যাকাত ওয়াজিব নয়। অর্থাৎ এক বছর পূর্ণ হওয়ার সাথে সাথেই তার উপর যাকাত ওয়াজিব হয়ে যাবে। উক্ত ওয়াজিব আদায় না করলে সে পাপী হবে। কিন্তু যাকাত ওয়াজিব হওয়ার সময়ের পূর্বে আদায় করা জায়েয়।

যদি বলা হয় যে, ছালাত যেমন সময়ের পূর্বে আদায় করলে ছহীহ হয় না, যাকাত তেমন এক বছর পূর্ণ না হলে ছহীহ হয় না। তাহলে বলা হবে যে, ইবাদতের ক্ষেত্রে এক ইবাদত অন্য ইবাদতের উপর কিয়াস করা বৈধ নয়।<sup>88</sup> কেননা ছালাত ছহীহ হওয়ার জন্য ছালাতের সময় হওয়া শর্ত; কিন্তু যাকাত ছহীহ হওয়ার জন্য এক চন্দ্র বছর পূর্ণ হওয়া শর্ত নয়; বরং তা যাকাত ওয়াজিব হওয়ার শর্ত।

### এক বছর পূর্ণ হওয়ার পূর্বে নিছাব পরিমাণ মালের কিছু অংশ ব্যবহার করে দিলে তার ভুকুম

কারো নিকট ৪০ টি ছাগল অথবা ৭.৫০ ভরি স্বর্ণ রয়েছে। কিন্তু এক চন্দ্র বছর পূর্ণ হওয়ার পূর্বে একটি ছাগল অথবা স্বর্ণের কিছু অংশ বিক্রি করে দিল। ফলে তার মালিকানায় নিছাব পরিমাণ মাল পূর্ণ এক বছর থাকল না। এক্ষেত্রে তার উপর যাকাত ওয়াজিব নয়। কেননা নিছাব পরিমাণ মাল পূর্ণ এক বছর তার মালিকানায় ছিল না। তবে যাকাত দেওয়ার ভয়ে এক বছর পূর্ণ হওয়ার পূর্বে কিছু মাল বিক্রি করার কৌশল অবলম্বন করা জায়েয় নয়। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَاتِ وَإِنَّمَا لِكُلِّ امْرِئٍ مَا نَوَى، فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى دُبْيَا يُصِيبُهَا، أَوْ إِلَى امْرَأَةٍ يَنْكِحُهَا، فَهِيَ هِجْرَتُهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ-

‘নিশ্চয়ই প্রত্যেক কাজ নিয়তের উপর নির্ভরশীল। আর মানুষ তার নিয়ত অনুযায়ী প্রতিফল পাবে। তাই যার হিজরত হবে ইহকাল লাভের অথবা কোন

88. আরু মালেক কামাল বিল সায়েদ সালেম, ছহীহ ফিকৃহস সুন্নাহ ২/৬৪ পৃঃ।

মহিলাকে বিবাহ করার উদ্দেশ্যে, তার হিজরত সেদিকেই গণ্য হবে, যে জন্য  
সে হিজরত করেছে'।<sup>৪৫</sup>

কোন দরিদ্রকে প্রদানকৃত খণ্ডের টাকা সে পরিশোধ করতে অক্ষম  
হলে তা ফেরত না নিয়ে যাকাতের টাকা থেকে বাদ দেওয়ার হুকুম  
যদি কোন দরিদ্র ব্যক্তিকে খণ্ড প্রদান করা হয়। আর সে তা পরিশোধ করতে  
অক্ষমতা প্রকাশ করে, তাহলে তা ফেরত না নিয়ে যাকাতের টাকা থেকে বাদ  
দেওয়া যাবে। কেননা সে ঝুঁটিত্ব। আর আল্লাহ তা'আলা যাকাত বণ্টনের যে  
৮ টি খাত উল্লেখ করেছেন, ঝুঁটিত্ব ব্যক্তি তার অন্তর্ভূক্ত (মায়েদাহ ৫/৬০)।

### যে সকল মালের যাকাত ফরয

আল্লাহ তা'আলা তাঁর বান্দাদেরকে ধন-সম্পদ দান করেছেন এবং সেই  
সম্পদের কিছু অংশ গরীবদের জন্য নির্ধারণ করেছেন। তবে সকল সম্পদের  
উপর যাকাত ফরয করেননি। বরং পাঁচ প্রকার মালের যাকাত আদায় করার  
নির্দেশ এসেছে। যা নিম্নরূপ-

(১) **তথা গৃহপালিত পশু** : কারো নিকট গৃহপালিত পশু নিছাব  
পরিমাণ থাকলে তার উপর যাকাত আদায় করা ফরয। আর তা হল, (ক)  
উট, (খ) গরু ও (ঘ) ছাগল, ভেড়া ও দুষ্মা। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

مَا مِنْ رَجُلٍ تَكُونُ لَهُ إِيلٌ أَوْ بَقَرٌ أَوْ غَنَمٌ لَا يُؤَدِّي حَقَّهَا إِلَّا أُتِيَّ بِهَا يَوْمَ الْقِيَامَةِ  
أَعْظَمُ مَا تَكُونُ وَأَسْمَنُهُ، تَطُوُّهُ بِأَحْفَافِهَا، وَتَنْطَحُهُ بِقُرُونِهَا، كُلُّمَا جَازَتْ  
أُخْرَاهَا رُدَّتْ عَلَيْهِ أُولَاهَا، حَتَّى يُقْضَى بَيْنَ النَّاسِ -

‘প্রত্যেক উট, গরু ও ছাগলের অধিকারী ব্যক্তি যে তার যাকাত আদায় করবে  
না, নিশ্চয়ই ক্ষিয়ামতের দিন তাদেরকে আনা হবে বিরাটকায় ও অতি  
মোটাতজা অবস্থায়। তারা দলে দলে তাকে মাড়াতে থাকবে তাদের ক্ষুর দ্বারা  
এবং মারতে থাকবে তাদের শিং দ্বারা। যখনই তাদের শেষ দল অতিক্রম

৪৫. বুখারী হা/১, ‘আল্লাহর রাসূল (ছাঃ)-এর প্রতি কিভাবে অহী শুরু হয়েছিল’ অধ্যায়।

করবে, পুনরায় প্রথম দল এসে তার সাথে এরূপ করতে থাকবে, যাবৎ না মানুষের বিচার ফায়চালা শেষ হয়ে যায়।<sup>৪৬</sup>

(২) তথা স্বর্ণ ও রৌপ্য : কারো নিকট নিছাব পরিমাণ স্বর্ণ ও রৌপ্য থাকলে অথবা এর সমপরিমাণ অর্থ থাকলে তার উপর যাকাত ফরয। আল্লাহ তা'আলা বলেন,

وَالَّذِينَ يَكْنِزُونَ الْذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفَقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشِّرُهُمْ بِعَذَابٍ أَلِيمٍ - يَوْمَ يُحْمَى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَكُوَّى بِهَا حِبَاهُمْ وَجَنُوبُهُمْ وَظُهُورُهُمْ هَذَا مَا كَنَزْتُمْ لِأَنفُسِكُمْ فَدُوْقُوا مَا كُنْتُمْ تَكْنِزُونَ -

‘যারা স্বর্ণ ও রৌপ্য পুঞ্জীভূত করে এবং তা আল্লাহর পথে ব্যয় করে না তাদেরকে মর্মন্তদ শাস্তির সুসংবাদ দাও। যেদিন জাহানামের অগ্নিতে তা উত্তপ্ত করা হবে এবং তা দ্বারা তাদের ললাট, পার্শ্বদেশ ও পৃষ্ঠদেশে দাগ দেওয়া হবে। সেদিন বলা হবে, এটা তাই, যা তোমরা নিজেদের জন্য সঞ্চয় করতে। সুতরাং তোমরা যা সঞ্চয় করেছিলে তা আস্বাদন কর’ (তওবা ৯/৩৪-৩৫)।

হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ صَاحِبٍ ذَهَبَ وَلَا فِضَّةً لَا يُؤَدِّي مِنْهَا حَقَّهَا إِلَّا إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ صُفْحَتْ لَهُ صَفَائِحٌ مِنْ نَارٍ فَأُحْمَى عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَيَكُوَى بِهَا جَنْبَهُ وَجَبِينُهُ وَظَهُورُهُ كُلُّمَا بَرَدَتْ أُعْيَدَتْ لَهُ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ حَتَّى يُقْضَى بَيْنَ الْعِبَادِ فَيُرَى سَبِيلُهُ إِمَّا إِلَى الْجَنَّةِ وَإِمَّا إِلَى النَّارِ -

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘প্রত্যেক স্বর্ণ ও রৌপ্যের মালিক যে তার হক (যাকাত) আদায় করে না,

৪৬. বুখারী হা/১৪৬০, বঙ্গনুবাদ (তাওহীদ পাবলিকেশন) ২/১২১ পৃঃ; মুসলিম হা/৯৯০; মিশকাত হা/১৭৫, বঙ্গনুবাদ মিশকাত (এমদাদিয়া) ৪/১২৬ পৃঃ।

নিশ্চয়ই ক্রিয়ামতের দিন তার জন্য আগুনের বহু পাত তৈরী করা হবে এবং সে সমুদয়কে জাহানামের আগুনে গরম করা হবে এবং তার পাঁজর, কপাল ও পিঠে দাগ দেওয়া হবে। যখনই তা ঠাণ্ডা হয়ে যাবে তখন পুনরায় তাকে গরম করা হবে (তার সাথে এরূপ করা হবে) সে দিন, যার পরিমাণ হবে পঞ্চাশ হায়ার বছরের সমান। (তার এ শাস্তি চলতে থাকবে) যতদিন না বান্দাদের বিচার নিষ্পত্তি হয়। অতঃপর সে তার পথ ধরবে, হয় জাহানাতের দিকে, না হয় জাহানামের দিকে’।<sup>৪৭</sup>

(৩) **তথা ব্যবসায়িক মাল :** যে সকল মাল লাভের আশায় ক্রয়-বিক্রয় করা হয় সে সকল মালের যাকাত ফরয। আল্লাহ তা‘আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفَقُوا مِنْ طَبِيعَاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُمْ مِنَ الْأَرْضِ  
وَلَا تَيْمِمُوا الْخَيْثَثَ مِنْهُ تُنْفِقُونَ وَلَسْتُمْ بِآخِذِيهِ إِلَّا أَنْ تُعْصِمُوا فِيهِ وَاعْلَمُوا أَنَّ  
اللَّهُ عَنِي حَمِيدٌ-

‘হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমি যা ভূমি হতে তোমাদের জন্য উৎপাদন করে দেই তন্মধ্যে যা উৎকৃষ্ট তা ব্যয় কর এবং এর নিকৃষ্ট বন্ধ ব্যয় করার সংকল্প কর না; অথচ তোমরা তা গ্রহণ করবে না, যদি না তোমরা চোখ বন্ধ করে থাক। আর জেনে রেখ যে, নিশ্চয়ই আল্লাহ অভাবযুক্ত, প্রশংসিত’ (বাক্তারাহ ২/২৬৭)।

অত্র আয়াতে বর্ণিত মাক্সিম অর্থাৎ ‘তোমরা যা উপার্জন কর’ দ্বারা ব্যবসায়িক মালকে বুবানো হয়েছে।

(৪) **তথা শস্য ও ফল :** অর্থাৎ যে সকল শস্য ও ফল গুদামজাত করা যায় এবং ওয়নে বিক্রি হয় সে সকল শস্য ও ফলের যাকাত ফরয। যেমন- গম, যব, খেজুর, কিসমিস ইত্যাদি। আল্লাহ তা‘আলা বলেন, ‘তিনিই লতা ও বৃক্ষ-উদ্যানসমূহ সৃষ্টি করেছেন এবং খেজুর বৃক্ষ, বিভিন্ন স্বাদ

৪৭. মুসলিম হা/৯৮৭; মিশকাত হা/১৭৭৩, বঙ্গানুবাদ মিশকাত (এমদাদিয়া) ৪/১২৩ পৃঃ।

বিশিষ্ট খাদ্যশস্য, যায়তুন ও ডালিম সৃষ্টি করেছেন- এগুলি একে অপরের সদৃশ এবং বিসদৃশও। যখন তা ফলবান হয় তখন তার ফল আহার করবে আর ফসল তুলবার দিনে তার হক (যাকাত) প্রদান করবে এবং অপচয় করবে না; নিশ্চয়ই তিনি অপচয়কারীদেরকে ভালবাসেন না' (আন'আম ৬/১৪১)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

فِيمَا سَقَتِ السَّمَاءُ وَالْعُيُونُ أَوْ كَانَ عَثْرَيَا الْعَشْرُ، وَمَا سُقِيَ بِالنَّصْحِ نَصْفُ الْعَشْرِ -

‘বৃষ্টি ও ঝর্ণার পানি দ্বারা সিক্ত ভূমিতে উৎপাদিত ফসল বা নালার পানিতে উৎপন্ন ফসলের উপর ‘ওশর’ (দশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব। আর সেচ দ্বারা উৎপাদিত ফসলের উপর ‘অর্ধ ওশর’ (বিশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব’।<sup>৪৮</sup>

المعادن : تথاً خَنِيجٍ وَ مَاتِرٍ تَهْتَرِي بُلْكَاهِيَّةً سَمْبَدٌ  
 (৫) المعدن : تথاً خَنِيجٍ وَ مَاتِرٍ تَهْتَرِي بُلْكَاهِيَّةً سَمْبَدٌ  
 হল খনিজ সম্পদ, যা আল্লাহ তা'আলা মানুষের জন্য সৃষ্টি করে মাটির নিচে রেখেছেন। যেমন- স্বর্ণ, রৌপ্য, তামা ইত্যাদি। আর হল পূর্ববর্তী যুগের মানুষের রাখা সম্পদ, যা মানুষ মাটির ভেতরে পেয়ে থাকে। আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنْفِقُوا مِنْ طَيِّبَاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجَنَا لَكُمْ مِنَ الْأَرْضِ  
 ‘হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমি যা ভূমি হতে তোমাদের জন্য উৎপাদন করে দেই তন্মধ্যে যা উৎকৃষ্ট তা ব্যয় কর’ (বাক্তারাহ ২/২৬৭)।

অত্র আয়াতের ব্যাখ্যায় ইমাম কুরতুবী (রহঃ) বলেন, ভূমি হতে উৎপাদন বলতে শস্য, খনিজ সম্পদ ও মানুষের লুকিয়ে রাখা সম্পদকে বুঝানো হয়েছে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

الْعَجْمَاءُ جَبَارٌ، وَالْبِئْرُ جَبَارٌ، وَالْمَعْدِنُ جَبَارٌ، وَفِي الرِّكَازِ الْخُمُسُ -

৪৮. বুখারী হা/১৪৮৩, ‘যাকাত’ অধ্যায়, এই, বঙ্গানুবাদ ২/১১৯ পৃঃ; মিশকাত হা/১৭৯৭।

‘চতুর্ষিংহ জষ্ঠুর আঘাত দায়মুক্ত। কৃপ (খননে শ্রমিকের মৃত্যুতে মালিক) দায়মুক্ত, খণি (খননে কেউ মারা গেলে মালিক) দায়মুক্ত। রিকায়ে (মানুষের লুক্ষায়িত সম্পদ) এক-পথগ্রামে ওয়াজিব।’<sup>৪৯</sup>

### প্রদানকৃত ঝণের যাকাত

কোন ব্যক্তি কাউকে ঝণ প্রদান করলে এবং তা এক চন্দ্ৰ বছৰ অতিক্রম করলে উক্ত টাকার যাকাত আদায় করতে হবে কি-না? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, যদি প্রদানকৃত ঝণের টাকা সহজে পাওয়ার নিশ্চিত সন্তুবনা থাকে, তবে তার যাকাত আদায় করতে হবে। আর যদি সহজে পাওয়ার নিশ্চিত সন্তুবনা না থাকে, তবে তা হাতে না পাওয়া পর্যন্ত যাকাত আদায় করতে হবে না। এমন সম্পদ অনেক বছৰ পরে হাতে আসলেও মাত্র এক বছৰের যাকাত আদায় করতে হবে।’<sup>৫০</sup>

### ঝণগ্রহণ ব্যক্তির যাকাতের ভুক্তি

ঝণগ্রহণ ব্যক্তি যাকাত আদায়ের পূর্বে তার ঝণ পরিশোধ করবে এবং অবশিষ্ট সম্পদ নিছাব পরিমাণ হলে তার যাকাত আদায় করবে। ওছমান (রাঃ) বলেন,

هَذَا شَهْرُ رَكَاتِكُمْ فَمَنْ كَانَ عَلَيْهِ دِينٌ فَلْيُؤْدِ دِينَهُ حَتَّى تَحْصُلَ أَمْوَالُكُمْ  
فَتَئَدُّونَ مِنْهُ الزَّكَاهَ—

‘এটি (রামায়ান) যাকাতের মাস। অতএব যদি কারো উপর ঝণ থাকে তাহলে সে যেন প্রথমে ঝণ পরিশোধ করে। এরপর অবশিষ্ট সম্পদ নিছাব পরিমাণ হলে সে তার যাকাত আদায় করবে’।<sup>৫১</sup> আর যদি ঝণ পরিশোধ না করে তার নিকট গোচ্ছিত রাখে, তাহলে যাকাতযোগ্য সব সম্পদের উপরেই যাকাত আদায় করা ফরয। আল্লাহ তা‘আলা বলেন,

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُنَزِّكُهُمْ بِهَا—

৪৯. বুখারী হা/১৪৯৯, ‘যাকাত’ অধ্যায়, বসন্তবাদ (তাওহীদ পাবলিকেশন) ২/১২৭ পৃঃ; মুসলিম হা/১৭১০; মিশকাত হা/১৭১৮।

৫০. ফিকহস সুন্নাহ ১/২৩০ পৃঃ, ‘যাকাত’ অধ্যায়, ‘ঝণগ্রহণের যাকাত’ অনুচ্ছেদ; উছায়মীন, ফাতাওয়া আরকানুল ইসলাম, মাসআলা নং ৩৫৭।

৫১. মুওয়াত্তা মালেক হা/৮-৭৩; আলবানী, সনদ ছহীহ; ইরওয়াউল গালীল হা/৭৮৯।

‘তাদের সম্পদ হতে ছাদাক্ষাহ (যাকাত) গ্রহণ করবে। যার দ্বারা তুমি তাদেরকে পরিশ্রম করবে এবং পরিশোধিত করবে’ (তওবা ৯/১০৩)।

হাদীছে এসেছে,

عَنْ أَبْنَىْ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ اسْتَفَادَ مَالًا فَلَا  
زَكَةَ عَلَيْهِ حَتَّىٰ يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ عِنْدَ رَبِّهِ-

ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, যে ব্যক্তি কোন সম্পদ অর্জন করে, তাহলে উক্ত সম্পদ তার মালিকানায় এক বছর পূর্ণ না হওয়া পর্যন্ত তার রবের নিকটে যাকাত ফরয বলে গণ্য হবে না।<sup>৫২</sup>

রাসূলুল্লাহ (ছাঃ) মু'আয ইবনু জাবাল (রাঃ)-কে ইয়ামেনের উদ্দেশ্যে প্রেরণ করে বললেন, তুমি তাদেরকে জানিয়ে দিবে,

أَنَّ اللَّهَ افْرَضَ عَلَيْهِمْ صَدَقَةً فِي أَمْوَالِهِمْ، ثُوْخِدُ مِنْ أَغْنِيَائِهِمْ وَثَرِدُ عَلَىٰ  
فُقَرَاءِهِمْ-

‘আল্লাহ তা‘আলা তাদের উপর তাদের সম্পদের মধ্য থেকে ছাদাক্ষাহ (যাকাত) ফরয করেছেন। যেটা তাদের ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর তাদের দরিদ্রদের মাঝে বণ্টন করা হবে’।<sup>৫০</sup>

তিনি অন্যত্র বলেন,

فِيمَا سَقَتِ السَّمَاءُ وَالْعُيُونُ أَوْ كَانَ عَثْرَيَاً الْعُشُرُ، وَمَا سُقِيَ بِالْتَّضْحِيَ نِصْفُ الْعُشْرِ -

‘বৃষ্টি ও ঝর্ণার পানি দ্বারা সিঙ্ক ভূমিতে উৎপাদিত ফসল বা নালার পানিতে উৎপন্ন ফসলের উপর ‘ওশর’ (দশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব। আর সেচ দ্বারা উৎপাদিত ফসলের উপর ‘অর্ধ ওশর’ (বিশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব’।<sup>৫৪</sup>

৫২. তিরমিয়ী হা/৬৩২; মিশকাত হা/১৭৮৭, ‘যাকাত’ অধ্যায়; আলবানী, সনদ ছহীহ, ইরওয়াউল গজীল হা/৭৮৭; তারাজু‘আত আলবানী হা/২১২।

৫৩. বুখারী হা/১৩৯৫, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত ওয়াজিব হওয়া’ অনুচ্ছেদ, বঙ্গানুবাদ, তাওহীদ পাবলিকেশন ২/৭৫ পৃঃ; মুসলিম হা/১৯।

৫৪. বুখারী হা/১৪৮৩, ‘যাকাত’ অধ্যায়, এই, বঙ্গানুবাদ ২/১১৯ পৃঃ; মিশকাত হা/১৭৯৭।

উল্লিখিত দলীলসমূহে যাকাত আদায়ের সাধারণ নির্দেশ দেওয়া হয়েছে। এথেকে খণ্ডস্ত ব্যক্তিকে পৃথক করা হয়নি। এছাড়াও রাসূলুল্লাহ (ছাঃ) ছাহাবায়ে কেরামকে কৃষক ও পশুপালনকারীদের নিকটে যাকাত আদায়ের জন্য পাঠাতেন। কিন্তু কখনই তিনি খণ্ডের কথা জিজেস করার নির্দেশ দেননি। বরং নিছাব পরিমাণ মালের অধিকারী সকল ব্যক্তির নিকট থেকেই যাকাত আদায়ের নির্দেশ দিয়েছেন।<sup>৫৫</sup> কেননা খণ্ড ব্যক্তির সাথে সম্পর্কিত, মালের সাথে নয়। অর্থাৎ সম্পদ থাকুক বা না থাকুক তার উপর খণ্ড পরিশোধ করা ওয়াজিব। পক্ষান্তরে যাকাত মালের সাথে সম্পর্কিত, ব্যক্তির সাথে নয়। অর্থাৎ নিছাব পরিমাণ মাল থাকলেই কেবল তার উপর যাকাত ফরয; অন্যথা ফরয নয়।

### যাকাত ওয়াজিব হওয়ার পরে তা আদায়ের পূর্বে মালিক মৃত্যুবরণ করলে তার হৃকুম

কেন ব্যক্তির নিকট নিছাব পরিমাণ মাল এক বছর যাবৎ গচ্ছিত রয়েছে, যার উপর এখন যাকাত ওয়াজিব। কিন্তু যাকাত আদায়ের পূর্বেই মালিক মৃত্যুবরণ করলে পরিত্যক্ত সম্পদ থেকে তার উপর ওয়াজিব হওয়া যাকাত আদায় করতে হবে। যাকাত আদায়ের পূর্বে ওয়ারিছগণ উক্ত সম্পদের কিছুই গ্রহণ করতে পারবে না। কেননা যাকাত খণ্ডের অন্তর্ভুক্ত, যা পরিশোধ করা ওয়াজিব।<sup>৫৬</sup> হাদীছে এসেছে,

عَنْ أَبْنِ عَبَّاسٍ رضيَ اللَّهُ عَنْهُمَا قَالَ أَتَى رَجُلٌ النَّبِيَّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُ إِنَّ أُخْتِي نَذَرَتْ أَنْ تَحْجَجَ وَإِنَّهَا مَاتَتْ فَقَالَ النَّبِيُّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْ كَانَ عَلَيْهَا دِينٌ أَكْنُتَ قَاضِيَهُ قَالَ نَعَمْ قَالَ فَاقْضِ اللَّهُ فَهُوَ أَحَقُّ بِالْقَضَاءِ

ইবনু আবুআস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি নবী (ছাঃ)-এর নিকট এসে বলল, আমার বোন হজ্জ করতে মানত করেছিলেন; কিন্তু তা আদায় করার পূর্বে তিনি মৃত্যুবরণ করেছেন। রাসূলুল্লাহ (ছাঃ) বললেন,

৫৫. মুসলিম হা/১০৪৫।

৫৬. ফাতাওয়া উচায়মীন ‘যাকাত’ অধ্যায় প্রশ্ন নং ৩৪; আল-মাওয়াদী, আল-হাবী ফি ফিকুহীশ শাফেদ্দি ৩/২১৩ পৃঃ।

তোমার বোনের উপর কারো খণ্ড থাকলে তুমি কি তা আদায় করতে? সে বলল, হাঁ, (তা আদায় করতাম)। তখন রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, তবে আল্লাহর খণ্ড আদায় কর। এটা আদায়ের অধিক হকদার।<sup>৫৭</sup>

অত্র হাদীছ থেকে প্রমাণিত হয় যে, মৃত ব্যক্তির খণ্ড থাকলে তা পরিশোধ করা ওয়াজিব। আর যাকাত আল্লাহর খণ্ডের অন্তর্ভুক্ত, যা আদায়ের অধিক হকদার।

### যাকাত ওয়াজিব হওয়ার পরে তা আদায়ের পূর্বে নষ্ট বা হারিয়ে গেলে তার হকুম

কোন ব্যক্তির নিছাব পরিমাণ সম্পদ থাকায় তার উপর যাকাত ওয়াজিব। কিন্তু যাকাত আদায়ের পূর্বেই তা নষ্ট হলে বা হারিয়ে গেলে তার উপর উক্ত সম্পদের যাকাত আদায় করা ওয়াজিব কি-না এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, যদি তার অবহেলা বা অসর্কর্তার কারণে নষ্ট বা হারিয়ে যায়, তাহলে তার উপর যাকাত আদায় করা ওয়াজিব। আর যদি সর্কর্তার সাথে সংরক্ষণের পরেও তা নষ্ট হয় বা হারিয়ে যায় তাহলে তার উপর যাকাত আদায় ওয়াজিব নয়।<sup>৫৮</sup>

### যাকাতের নির্দিষ্ট অংশ বের করার পরে তা হকদারের নিকট পৌছানের পূর্বে নষ্ট হলে বা হারিয়ে গেলে তার হকুম

নিছাব পরিমাণ মাল হতে যাকাতের নির্দিষ্ট অংশ পৃথক করার পরে তার অধিকারী ব্যক্তিদের নিকট পৌছানোর পূর্বে নষ্ট বা হারিয়ে গেলে তাকে পুনরায় বাকী সম্পদ থেকে যাকাত আদায় করতে হবে কি-না এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ রয়েছে। তবে ছহীহ মত হল, যদি যাকাতের নির্দিষ্ট অংশ বের করার পরে তার হকদারদের নিকট পৌছাতে অনেক দেরী করে এবং তা অরক্ষিত অবস্থায় ফেলে রাখার কারণে নষ্ট হয় বা হারিয়ে যায় তাহলে তাকে পুনরায় যাকাত আদায় করতে হবে। আর সর্কর্তার পরেও নষ্ট হলে বা হারিয়ে গেলে তাকে যাকাত আদায় করতে হবে না।

৫৭. বুখারী হা/৬৬৯১, ‘শপথ ও মানত’ অধ্যায়, বঙ্গানুবাদ (তাওহীদ পাবলিসেশন) ৬/১৩২ পঃ।  
মিশকাত হা/২৫১২, বঙ্গানুবাদ (এমদাদিয়া) ৫/১৭৭ পঃ।

৫৮. ছালেহ আল-উচায়মীন, শারহল মুমতে ৬/৪৫ পঃ; ইবনু কুদামা, আল-মুগনী ২/৭০৭ পঃ।

## যাকাত ওয়াজিব হওয়ার পরে তা আদায়ের পূর্বে বিক্রি করলে তার হ্রকুম

কোন ব্যক্তির উপর যাকাত ওয়াজিব হয়েছে। কিন্তু যাকাত আদায়ের পূর্বেই তা বিক্রি করে দিয়েছে। এক্ষেত্রে উক্ত বিক্রয় বৈধ হবে কি-না? আর কার উপর উক্ত সম্পদের যাকাত আদায় করা ওয়াজিব? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ রয়েছে। তবে ছহীহ মত হল, উক্ত বিক্রয় বৈধ। তবে বিক্রেতার উপর উক্ত সম্পদের যাকাত আদায় করা ওয়াজিব। অর্থাৎ অবশ্যই তাকে উক্ত বিক্রয়কৃত সম্পদের যাকাত আদায় করতে হবে।

### খণ্ডন্ত নিছাব পরিমাণ সম্পদের মালিক মৃত্যুবরণ করলে কোনটি আগে আদায় করবে?

খণ্ডন্ত ব্যক্তি যার উপর যাকাত ওয়াজিব, এরূপ ব্যক্তি মৃত্যুবরণ করলে ওয়ারিছগণ তার পরিত্যাক্ত সম্পদ থেকে প্রথমে যাকাত আদায় করবে, না প্রথমে খণ পরিশোধ করবে? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, খণ ও যাকাত উভয়টিকেই সমান মর্যাদায় রাখতে হবে। অর্থাৎ কারো যদি ১০০ টাকা খণ ও ১০০ টাকা যাকাত ওয়াজিব হয়ে থাকে। আর পরিত্যক্ত সম্পদের পরিমাণ যদি ১০০ টাকা হয়। তাহলে ৫০ টাকা খণ পরিশোধ করতে হবে। আর ৫০ টাকা যাকাত দিতে হবে।

পক্ষান্তরে রাসূল (ছাঃ)-এর বাণী- ‘فَاقْضِ اللَّهُ، فَهُوَ أَحَقُّ بِالْقَضَاءِ’ আল্লাহর খণ আদায় কর। এটা আদায়ের অধিক হকদার’।<sup>৫৯</sup> এর দ্বারা খণের পূর্বে যাকাত আদায়ের কথা বুঝানো হয়নি। বরং বুঝানো হয়েছে যে, মৃত্যুর পরে মানুষের খণ পরিশোধ করা অপরিহার্য হলে আল্লাহর খণ (যাকাত) পরিশোধ করাও অপরিহার্য।<sup>৬০</sup>

৫৯. বুখারী হা/৬৬৯৯, ‘শপথ ও মানত’ অধ্যায়, বঙ্গানুবাদ (তাওহীদ পাবলিসেশন) ৬/১৩২ পঃ; মিশ্কাত হা/২৫১২, বঙ্গানুবাদ (এমদাদিয়া) ৫/১৭৭ পঃ।

৬০. শারহল মুমতে আলা যাদিল মুসতাকনি ৬/৪৮ পঃ।

## যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী দান করার ভকুম

যাকাতের নির্দিষ্ট অংশের চেয়ে বেশী পরিমাণ দান করা জায়েয় এবং এই অতিরিক্ত দানের জন্য অতিরিক্ত নেকী অর্জিত হবে। হাদীছে এসেছে,

عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ بَعَثَنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُصَدِّقًا فَمَرَرْتُ بِرَجُلٍ فَلَمَّا جَمَعَ لِي مَالَهُ لَمْ أَجِدْ عَلَيْهِ فِيهِ إِلَّا ابْنَةً مَخَاضٍ فَقُلْتُ لَهُ أَدْ ابْنَةً مَخَاضٍ فَإِنَّهَا صَدَقَتْكَ فَقَالَ ذَاكَ مَا لَا لَبَنَ فِيهِ وَلَا ظَهَرَ وَلَكِنْ هَذِهِ نَاقَةٌ فَتَيَّةٌ عَظِيمَةٌ سَمِينَةٌ فَخُذْهَا فَقُلْتُ لَهُ مَا أَنَا بِآخِذٍ مَا لَمْ أُوْمِرْ بِهِ وَهَذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْكَ قَرِيبٌ فَإِنْ أَحَبْتَ أَنْ تَأْتِيَهُ فَتَعْرِضَ عَلَيْهِ مَا عَرَضْتَ عَلَيَّ فَافْعُلْ فَإِنْ قَبِيلَهُ مِنْكَ قَبِيلَهُ وَإِنْ رَدَهُ عَلَيْكَ رَدَدَهُ قَالَ فَإِنَّمَا فَاعِلُ فَخَرَجَ مَعِيْ وَخَرَجَ بِالنَّاقَةِ الَّتِي عَرَضَ عَلَيَّ حَتَّى قَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُ يَا أَبْنَى اللَّهِ أَتَانِي رَسُولُكَ لِيُاخْدُنَ مِنِّي صَدَقَةً مَالِيْ وَإِيمُونِيْ اللَّهُ مَا قَامَ فِيْ مَالِيْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا رَسُولُهُ قَطُّ قَبْلَهُ فَجَمَعْتُ لَهُ مَالِيْ فَرَعَمْ أَنَّ مَا عَلَىَ فِيهِ ابْنَةً مَخَاضٍ وَذَلِكَ مَا لَا لَبَنَ فِيهِ وَلَا ظَهَرَ وَقَدْ عَرَضْتُ عَلَيْهِ نَاقَةً فَتَيَّةً عَظِيمَةً لِيُاخْدُنَهَا فَأَبَى عَلَيَّ وَهَا هِيَ ذِهِ قَدْ جِئْتُكَ بِهَا يَا رَسُولَ اللَّهِ خُذْهَا فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاكَ الَّذِي عَلَيْكَ قَدْ طَلَوَعْتَ بِخَيْرِ آحَرَكَ اللَّهُ فِيهِ وَقَبِلْنَاهُ مِنْكَ قَالَ فَهَا هِيَ ذِهِ يَا رَسُولَ اللَّهِ قَدْ جِئْتُكَ بِهَا فَخُذْهَا قَالَ فَأَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَبْضِهَا وَدَعَا لَهُ فِيْ مَالِهِ بِالْبَرَكَةِ -

উবাই ইবনু কাব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী (ছাঃ) আমাকে যাকাত আদায় করার জন্য প্রেরণ করলেন। আমি এক ব্যক্তির নিকট পৌছলাম, সে আমার সামনে তার সম্পদ উপস্থিত করল। তার যে সম্পদ ছিল তাতে তার

উপর একটি এক বছর বয়সের উট যাকাত ফরয ছিল। আমি বললাম, এক বছরের একটি উষ্ট্রি দিয়ে দাও। সে বলল, সে তো দুধও দিবে না এবং তার পিঠে আরহণ করাও যাবে না। কাজেই আমার এই ঘোবনে পদার্পণকারী মোটা তাজা উষ্ট্রিটিই গ্রহণ করুন। তখন আমি বললাম, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-এর অনুমতি ছাড়া এটি গ্রহণ করতে পারব না। তবে রাসূল (ছাঃ) তোমার থেকে নিকটবর্তী কোন স্থানে অবস্থান করছেন। তুমি যদি চাও তাহলে তুমি তোমার যে উষ্ট্রিটি আমার নিকট পেশ করছিলে তা রাসূল (ছাঃ)-এর নিকট পেশ করতে পার। যদি তিনি তা গ্রহণ করেন তাহলে আমিও তা গ্রহণ করব। আর যদি তিনি তা প্রত্যাখ্যান করেন তাহলে আমিও তা প্রত্যাখ্যান করব। সে বলল, আমি তা (রাসূল (ছাঃ)-এর নিকট) পেশ করব। অতঃপর যে উষ্ট্রিটি সে আমার নিকট পেশ করছিল সে উষ্ট্রিটি নিয়ে আমার সাথে রওনা দিল। এমকি আমরা রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট পৌছে গেলাম। তখন সে বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আপনার নিয়োজিত যাকাত আদায়কারী আমার কাছে যাকাত আদায়ের উদ্দেশ্যে এসেছিল। আর আল্লাহর শপথ! ইতিপূর্বে আপনার পক্ষ থেকে কেউ আমার নিকট যাকাত আদায়ের জন্য আসেনি। আমি তার সামনে আমার সম্পদ পেশ করলাম। তখন তিনি বললেন, আমার উপর একটি এক বছরের উষ্ট্রি যাকাত ফরয। অথচ সেটি দুধও দিবে না এবং তার পিঠে আরহণও করা যাবে না। আমি তার নিকট ঘোবনে পদার্পণকারী মোটা তাজা উষ্ট্রি গ্রহণ করার জন্য পেশ করলাম। কিন্তু তিনি তা গ্রহণ করতে অস্বীকৃতি জানালেন। আর এই হচ্ছে সেই উষ্ট্রি যা আমি আপনার নিকট নিয়ে এসেছি, আপনি তা গ্রহণ করুন। রাসূল (ছাঃ) বললেন, তোমার উপর ফরয ছিল তাই যা সে বলেছে। কিন্তু যদি তুমি নিজের খুশীতে ভাল কাজ করতে চাও তাহলে আল্লাহ তা'আলা তোমাকে উত্তম প্রতিদান দিবেন। আর আমরাও তা গ্রহণ করব। সে বলল, এই হচ্ছে সেই উষ্ট্রি যা আপনার নিকট নিয়ে এসেছি। অতএব আপনি তা গ্রহণ করুন। অতঃপর রাসূল (ছাঃ) তা গ্রহণ করার নির্দেশ দিলেন এবং তার সম্পদের বরকতের জন্য দো'আ করলেন।<sup>৬১</sup>

৬১. আবুদাউদ হা/১৫৮৩; ছবীহ ইবনু খায়ায়মাহ হা/২২৭৭; আলবানী, সনদ হাসান।

## কিরণ সম্পদ দ্বারা যাকাত আদায় করা উচিত?

যার নিকটে যে মানের সম্পদ বিদ্যমান সে ব্যক্তি সে মানের সম্পদই যাকাত হিসাবে প্রদান করবে। কিন্তু যদি এমন হয় যে, তার নিকট একই প্রকারের বিভিন্ন মানের সম্পদ রয়েছে তাহলে সে যাকাত হিসাবে মধ্যম মানের সম্পদ দান করবে। হাদীছে এসেছে,

عَنْ أَبْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا بَعَثَ مُعَاذًا إِلَى الْيَمَنِ قَالَ إِنَّكَ تَقْدُمُ عَلَى قَوْمٍ أَهْلُ كِتَابٍ فَلَيْكُنْ أَوَّلَ مَا تَدْعُوهُمْ إِلَيْهِ عِبَادَةُ اللَّهِ عَزَّ وَجَلَّ فَإِذَا أَرَفُوا اللَّهَ فَأَخْبِرْهُمْ أَنَّ اللَّهَ فَرَضَ عَلَيْهِمْ خَمْسَ صَلَوَاتٍ فِي يَوْمِهِمْ وَلَيْلِهِمْ فَإِذَا فَعَلُوا فَأَخْبِرْهُمْ أَنَّ اللَّهَ قَدْ فَرَضَ عَلَيْهِمْ زَكَةً تُؤْخَذُ مِنْ أَغْنِيَاهُمْ فَتَرَدَ عَلَى فُقَرَائِهِمْ فَإِذَا أَطَاعُوْهُمْ وَتَوَقَّعُ كَرَائِمَ أَمْوَالِهِمْ -

ইবনু আবুস (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) যখন মু'আয ইবনু জাবাল (রাঃ)-কে শাসনকর্তা হিসাবে ইয়ামানে পাঠালেন, তখন বলেছিলেন, তুমি আহলে কিতাব লোকদের নিকট যাচ্ছ। সেহেতু তাদের আল্লাহর ইবাদতের দা'ওয়াত দিবে। যখন তারা আল্লাহর পরিচয় লাভ করবে, তখন তুমি তাদেরকে বলবে যে, আল্লাহ দিন-রাতে তাদের উপর পাঁচ ওয়াক্ত ছালাত ফরয করেছেন। যখন তারা তা আদায় করতে থাকবে, তখন তাদের জানিয়ে দিবে যে, আল্লাহ তাদের উপর যাকাত ফরয করেছেন, যা তাদের ধনীদের থেকে গ্রহণ করা হবে এবং তাদের দরিদ্রদের মাঝে বণ্টন করা হবে। যখন তারা এর অনুসরণ করবে তখন তাদের হতে তা গ্রহণ করবে এবং লোকদের উন্নত মাল গ্রহণ করা হতে বিরত থাকবে।<sup>১২</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَنَسِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ أَبَا بَكْرِ رَضِيَ اللَّهُ عَنْهُ كَتَبَ لَهُ الصَّدَقَةَ الَّتِي أَمْرَ اللَّهُ رَسُولُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا يُخْرَجُ فِي الصَّدَقَةِ هَرَمَةً، وَلَا ذَاتُ عَوَارٍ، وَلَا يَسِّسُ، إِلَّا مَا شَاءَ الْمُصَدِّقُ -

আনাস (রাঃ) হতে বর্ণিত, আল্লাহ তা'আলা তাঁর রাসূল (ছাঃ)-এর প্রতি যাকাতের যে বিধান দিয়েছেন তা আবু বকর (রাঃ) তাঁর (আনাস) নিকট লিখে পাঠান। তাতে রয়েছে, অধিক বয়সের দাঁত পড়া বৃদ্ধ ও ক্রটিযুক্ত বকরী এবং পাঁঠা যাকাত হিসাবে গ্রহণ করা যাবে না। তবে যাকাত প্রদানকারী ইচ্ছা করলে (পাঁঠা) দিতে পারেন।<sup>৬৩</sup>

### যাকাতের সম্পদ আত্মসাংকারীর পরিণাম

যাকাতের সম্পদ আত্মসাংকারী ক্ষিয়ামতের দিন তার সেই সম্পদ কাঁধে নিয়ে উপস্থিত হবে। হাদীছে এসেছে,

عَنْ عُبَادَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَهُ عَلَى الصَّدَقَةِ فَقَالَ يَا أَبَا الْوَلِيدِ إِنَّمَا لَأَتَّقِي يَوْمَ الْقِيَامَةِ بِبَعِيرٍ تَحْمِلُهُ رُعَاءُ أَوْ بَقْرَةً لَهَا حُوَارٌ أَوْ شَاةً لَهَا ثُؤَاجٌ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ ذَلِكَ لَكَائِنٌ قَالَ إِنِّي وَاللَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّ ذَلِكَ لَكَذِيلٌ إِلَّا مَنْ رَحِمَ اللَّهُ قَالَ فَوَاللَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَا أَعْمَلُ عَلَى شَيْءٍ أَبْدَأَ -

উবাদাহ ইবনু ছাবেত (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) তাঁকে যাকাত আদায় করার জন্য প্রেরণ করলেন। অতঃপর বললেন, হে আবুল ওয়ালীদ! (যাকাতের সম্পদের ব্যাপারে) আল্লাহকে ভয় কর। ক্ষিয়ামতের দিন এমন অবস্থা যেন না আসে যে, তুমি কাঁধের উপর উট বহন করবে যা শব্দ করতে থাকবে অথবা গাভী বহন করবে যা শব্দ করবে অথবা ছাগল বহন করবে যা শব্দ করবে। উবাদাহ (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! যাকাতের সম্পদ আত্মসাং করার জন্য কি এরূপ হবে? তিনি বললেন, সেই সন্তার শপথ! যার হাতে আমার প্রাণ। এটাই হবে পরিণতি। তখন উবাদাহ (রাঃ) বললেন, সেই সন্তার শপথ! যিনি আমাকে সত্য সহ প্রেরণ করেছেন। আমি এরূপ যাকাত আদায়ের কাজ কখনো করব না।<sup>৬৪</sup>

অন্য হাদীছে এসেছে,

৬৩. বুখারী হা/১৪৫৫; মিশকাত হা/১৭৯৬।

৬৪. ছহীহ তারগীব হা/১৮০; সিলসিলা ছহীহাহ হা/৮৫৭।

عَنْ سَعْدِ بْنِ عُبَادَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ قُمْ عَلَى صَدَقَةٍ  
بَنِي فُلَانٍ وَأَنْظُرْ لَا تَأْتِيْ يَوْمَ الْقِيَامَةِ بِكُنْجِرْ تَحْمِلُهُ عَلَى عَاتِقِكَ أَوْ عَلَى كَاهِلِكَ  
لَهُ رُغَاءُ يَوْمَ الْقِيَامَةِ قَالَ يَا رَسُولَ اللَّهِ اصْرِفْهَا عَنِّيْ فَصَرَفَهَا عَنْهُ -

সাঁদ ইবনু উবাদাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) তাঁকে বললেন, যা ও অমুক গোত্রের যাকাত আদায় করে নিয়ে আস। আর মনে রেখ, ক্ষয়ামতের দিন এমন অবস্থায় যেন প্রত্যাবর্তন না কর যে, তুমি কাঁধের উপর কিংবা পিঠের উপর উট বহন করবে য শব্দ করতে থাকবে। সাঁদ (রাঃ) বললেন, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমাকে এই দায়িত্ব থেকে অব্যাহতি দিন, তিনি তাঁকে অব্যাহতি দিয়ে দিলেন।<sup>৬৫</sup>

## দ্বিতীয় পরিচেদ

### গৃহপালিত পশুর যাকাত

#### গৃহপালিত পশুর যাকাত ফরয হওয়ার দলীল :

বিভিন্ন প্রকার পশুর মধ্যে আল্লাহ তা'আলা কেবলমাত্র জীবিম্বة الأنعام তথা উট, গরু ও ছাগলের যাকাত ফরয করেছেন। মহিষ গরুর অস্তর্ভূক্ত এবং ভেড়া ও দুম্বা ছাগলের অস্তর্ভূক্ত। হাদীছে এসেছে,

عَنْ أَبِي ذَرٍّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ رَجُلٍ تَكُونُ لَهُ إِبَالٌ  
أَوْ بَقَرٌ أَوْ غَنَمٌ لَا يُؤَدِّي حَقَّهَا إِلَّا نَحْنُ بِهَا يَوْمَ الْقِيَامَةِ أَعْظَمُ مَا تَكُونُ وَأَسْمَنَهُ،  
تَطْلُؤُهُ بِأَخْفَافِهَا، وَتَسْطِحُهُ بِقُرُونِهَا، كُلُّمَا جَازَتْ أُخْرَاهَا رُدَّتْ عَلَيْهِ أُولَاهَا،  
حَتَّىٰ يُقْضَى بَيْنَ النَّاسِ -

আবু যার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, প্রত্যেক উট, গরু ও ছাগলের অধিকারী ব্যক্তি যে তার যাকাত আদায় করবে না, নিশ্চয়ই ক্ষিয়ামতের দিন তাদেরকে আনা হবে বিরাটকায় ও অতি মোটাতাজা অবস্থায়। তারা দলে দলে তাকে মাড়াতে থাকবে তাদের ক্ষুর দ্বারা এবং মারতে থাকবে তাদের শিং দ্বারা। যখনই তাদের শেষ দল অতিক্রম করবে, পুনরায় প্রথম দল এসে তার সাথে এরূপ করতে থাকবে, যাৰৎ না মানুষের বিচার ফায়ছালা শেষ হয়ে যায়।<sup>৬৬</sup>

### গৃহপালিত পশুর যাকাত ফরয হওয়ার শর্তসমূহ

(ক) নিছাব পরিমাণ হওয়া : গৃহপালিত পশুর যাকাত ফরয হওয়ার জন্য ইসলামী শরী'আত কর্তৃক নির্ধারিত নিছাব সংখ্যক পশুর মালিক হতে হবে। আর তা হল, ছাগল, ভেড়া ও দুম্বা ৪০ টি, গরু ৩০ টি এবং উট ৫ টি। উল্লিখিত সংখ্যা হতে কম হলে তার উপর যাকাত ফরয নয়। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

৬৬. বুখারী হা/১৪৬০; মুসলিম হা/৯৯০; মিশকাত হা/১৭৭৫।

لَيْسَ فِيمَا دُونَ حَمْسٍ ذُوْدٍ صَدَقَةً مِنَ الْإِبْلِ-

‘পাঁচের কম সংখ্যক উটের যাকাত নেই।’<sup>৬৭</sup> অন্য হাদীছে এসেছে,

عَنْ مُعاذِ بْنِ جَبَلٍ قَالَ بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ وَأَمْرَنِي أَنْ آخُذَ مِنَ الْبَقَرِ مِنْ كُلِّ أَرْبَعِينَ مُسْتَهْنَةً وَمِنْ كُلِّ ثَلَاثِينَ تَبِيعًا أَوْ تَبِيعَةً-

মু’আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যখন আমাকে ইয়ামানের উদ্দেশ্যে পাঠালেন, তখন তিনি আমাকে নির্দেশ দিলেন, গরুর যাকাতে প্রত্যেক চল্লিশটিতে একটি ‘মুসিন্নাহ’ (দু’বছর অতিক্রম করে তৃতীয় বছরে পদার্পণকারী গরু) এবং প্রত্যেক ত্রিশটিতে একটি ‘তাবী’ অথবা ‘তাবী’আহ’ (এক বছর অতিক্রম করে দ্বিতীয় বছরে পদার্পণকারী গরু) গ্রহণ করবে।<sup>৬৮</sup>

অন্যত্র রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

فَإِذَا كَانَتْ سَائِمَةُ الرَّجُلِ نَاقِصَةً مِنْ أَرْبَعِينَ شَاهَةً وَاحِدَةً فَلِيُسَرِّعْ فِيهَا صَدَقَةً-

‘কারো গৃহপালিত ছাগলের সংখ্যা চল্লিশ হতে একটিও কম হলে তার উপর যাকাত নেই।’<sup>৬৯</sup>

(খ) পূর্ণ এক চন্দ্ৰ বছর মালিকানায় থাকা : হাদীছে এসেছে,

عَنْ عَائِشَةَ قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَا زَكَةَ فِي مَالٍ حَتَّى يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ-

আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে বলতে শুনেছি যে, ‘পূর্ণ এক বছর পূর্ণ হওয়া পর্যন্ত সম্পদের যাকাত নেই।’<sup>৭০</sup>

তবে গৃহপালিত পশুর বাচ্চা তার মায়ের হিসাবের অন্তর্ভুক্ত হবে। অর্থাৎ বছরে একবার গৃহপালিত পশুর যাকাত আদায় করা হবে। আর আদায়ের সময় বাচ্চা মায়ের হিসাবের অন্তর্ভুক্ত হবে।

৬৭. বুখারী হা/১৪৪৭, ‘যাকাত’ অধ্যায়, ‘রৌপ্যের যাকাত’ অনুচ্ছেদ; মুসলিম হা/৯৭৯।

৬৮. তিরমিয়ী হা/৬২৩; নাসাই হা/২৪৫০; ইবনু মাজাহ হা/১৮০৩; মিশকাত হা/১৮০০, ‘যাকাত’ অধ্যায়, আলবানী, সনদ ছহীহ।

৬৯. বুখারী হা/১৪৫৪, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাগলের যাকাত’ অনুচ্ছেদ; মিশকাত হা/১৭৯৬।

৭০. আবুদ্বাউদ হা/১৫৭৩; তিরমিয়ী হা/৬৩১; ইবনু মাজাহ হা/১৭৯২; আলবানী, সনদ ছহীহ।

(গ) ‘সায়েমা’ তথা বিচরণশীল হতে হবে : যে পশু বছরের অধিকাংশ সময় নিজেই বিচরণ করে খাদ্য গ্রহণ করে তাকে সায়েমা বলা হয়। অতএব বছরের অধিকাংশ সময় মালিক নিজে খাদ্য সংগ্রহ করে পশুকে খাওয়ালে সে পশুর উপর যাকাত ফরয নয়। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

وَفِيْ صَدَقَةِ الْعَيْمٍ فِيْ سَائِمَتِهَا إِذَا كَانَتْ أَرْبَعِينَ إِلَى عِشْرِينَ وَمِائَةً شَاءَ—

‘বিচরণশীল ছাগলের যাকাতে চল্লিশটি হতে একশত বিশটি পর্যন্ত একটি ছাগল।<sup>১১</sup> তিনি অন্যত্র বলেন,

فِيْ كُلِّ إِبْلٍ سَائِمَةٍ مِنْ كُلِّ أَرْبَعِينَ ابْنَةً لَبُونٍ—

‘বিচরণশীল প্রত্যেক চল্লিশটি উটে একটি বিনতু লাবুন (দু’বছর অতিক্রম করে তৃতীয় বছরে পদার্পণকারী উট)।<sup>১২</sup>

### গৃহপালিত পশুর যাকাত আদায়ের নিয়ম

গৃহপালিত পশুর যাকাত আদায়ের নিয়ম সম্পর্কে হাদীছে এসেছে,

عَنْ أَنَسِيْ أَنَّ أَبَا بَكْرِ رَضِيَ اللَّهُ عَنْهُ كَتَبَ لَهُ هَذَا الْكِتَابَ لَمَّا وَجَهَهُ إِلَى الْبَحْرَيْنِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ هَذِهِ فَرِيضَةُ الصَّدَقَةِ الَّتِي فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْمُسْلِمِيْنَ، وَالَّتِيْ أَمَرَ اللَّهُ بِهَا رَسُولُهُ، فَمَنْ سُئِلَهَا مِنْ الْمُسْلِمِيْنَ عَلَى وَجْهِهَا فَلِيُعْطِهَا، وَمَنْ سُئِلَ فَوْقَهَا فَلَا يُعْطِ فِيْ أَرْبَعِ وَعِشْرِينَ مِنَ الْإِبْلِ فَمَا دُوْهَا مِنَ الْعَيْمَ مِنْ كُلِّ خَمْسٍ شَاءَ، إِذَا بَلَغَتْ خَمْسًا وَعِشْرِينَ إِلَى خَمْسِ وَثَلَاثِيْنَ فَفِيهَا بِنْتُ مَخَاضٍ أُنْثَى، فَإِذَا بَلَغَتْ سِيَّا وَثَلَاثِيْنَ إِلَى خَمْسٍ وَأَرْبَعِينَ فَفِيهَا بِنْتُ لَبُونٍ أُنْثَى، فَإِذَا بَلَغَتْ سِيَّا وَأَرْبَعِينَ إِلَى سِتِّيْنَ فَفِيهَا حِقَّةُ طَرُوفَةُ الْجَمَلِ، فَإِذَا بَلَغَتْ وَاحِدَةً وَسِتِّيْنَ إِلَى خَمْسِ وَسِعْيَنَ فَفِيهَا

১১. বুখারী হা/১৪৫৪, যাকাত’ অধ্যায়; মিশকাত হা/১৭৯৬।

১২. নাসাও হা/২৪৪৯; আলবানী, সনদ হাসান।

জَذَعَةُ، فِإِذَا بَلَغَتْ يَعْنِي سِنَّا وَسَبْعِينَ إِلَى تِسْعِينَ فَفِيهَا بِنْتًا لَبُونٍ، فِإِذَا بَلَغَتْ إِحْدَى وَتِسْعِينَ إِلَى عِشْرِينَ وَمِائَةً فَفِيهَا حِقْتَانٌ طَرُوقَةُ الْجَحَّمِ، فِإِذَا زَادَتْ عَلَى عِشْرِينَ وَمِائَةً فَفِي كُلِّ أَرْبَعِينَ بَنْتُ لَبُونٍ، وَفِي كُلِّ خَمْسِينَ حَقَّةً، وَمَنْ لَمْ يَكُنْ مَعْهُ إِلَّا أَرْبَعُ مِنَ الْإِيلِيلِ فَلَيْسَ فِيهَا صَدَقَةً، إِلَّا أَنْ يَشَاءَ رَبُّهَا، فِإِذَا بَلَغَتْ خَمْسًا مِنَ الْإِيلِيلِ فَفِيهَا شَاهٌ، وَفِي صَدَقَةِ الْعَنْمِ فِي سَائِمَتِهَا إِذَا كَانَتْ أَرْبَعِينَ إِلَى عِشْرِينَ وَمِائَةً شَاهٌ، فِإِذَا زَادَتْ عَلَى عِشْرِينَ وَمِائَةً إِلَى مِائَتَيْنِ شَاهَاتَانَ، فِإِذَا زَادَتْ عَلَى مِائَتَيْنِ إِلَى ثَلَاثَمَائَةِ فَفِيهَا ثَلَاثَ، فِإِذَا زَادَتْ عَلَى ثَلَاثَمَائَةِ فَفِي كُلِّ مِائَةِ شَاهٌ، فِإِذَا كَانَتْ سَائِمَةُ الرَّجُلِ نَاقِصَةً مِنْ أَرْبَعِينَ شَاهَةً وَاحِدَةً فَلَيْسَ فِيهَا صَدَقَةً، إِلَّا أَنْ يَشَاءَ رَبُّهَا، وَفِي الرَّقَّةِ رُبُعُ الْعُشْرِ، فَإِنْ لَمْ تَكُنْ إِلَّا تِسْعِينَ وَمِائَةً فَلَيْسَ فِيهَا شَيْءٌ، إِلَّا أَنْ يَشَاءَ رَبُّهَا -

আবু বকর (রাঃ) আলাস (রাঃ)-কে বাহরাইনের উদ্দেশ্যে প্রেরণকালে গৃহপালিত পশুর যাকাত আদায়ের নিয়ম সম্পর্কে তাঁকে লিখে দিয়েছিলেন যে, ২৪টি ও তার চেয়ে কম সংখ্যক উটের যাকাত ছাগল দ্বারা আদায় করবে। প্রত্যেক ৫টি উটে ১টি ছাগল এবং উটের সংখ্যা ২৫টি হতে ৩৫টি পর্যন্ত হলে ১টি মাদী বিনতু মাখায। ৩৬টি হতে ৪৫টি পর্যন্ত ১টি মাদী বিনতু লাবুন। ৪৬টি হতে ৬০টি পর্যন্ত ১টি হিকাহ। ৬১ টি হতে ৭৫টি পর্যন্ত ১টি জায়’আহ। ৭৬টি হতে ৯০টি পর্যন্ত ২টি বিনতু লাবুন। ৯১টি হতে ১২০টি পর্যন্ত ২টি হিকাহ। আর ১২০ টির বেশী হলে অতিরিক্ত প্রতি ৪০ টিতে ১টি করে বিনতু লাবুন এবং অতিরিক্ত প্রতি ৫০ টিতে ১টি করে হিকাহ। যার ৪ টির বেশী উট নেই, তার উপর কোন যাকাত নেই। তবে মালিক স্বেচ্ছায় কিছু দিতে চাইলে দিতে পারবে। কিন্তু যখন ৫ টিতে পৌছবে তখন তার উপর ১টি ছাগল যাকাত দেওয়া ওয়াজিব।

আর ছাগলের ক্ষেত্রে গৃহপালিত ছাগল ৪০টি হতে ১২০টি পর্যন্ত ১টি ছাগল। এর বেশী হলে ২০০টি পর্যন্ত ২টি ছাগল। ২০০-এর অধিক হলে ৩০০টি

পর্যন্ত ৩টি ছাগল। ৩০০-এর অধিক হলে প্রতি ১০০ টিতে ১টি করে ছাগল যাকাত দিবে। কারো গৃহপালিত ছাগলের সংখ্যা ৪০টি হতে ১টিও কম হলে তার উপর যাকাত নেই। তবে স্বেচ্ছায় দান করতে চাইলে করতে পারে’।<sup>৭০</sup>

উপরোক্ত হাদীছ সহ আরো অন্যান্য হাদীছের আলোকে উট, গরু ও ছাগলের যাকাত পৃথকভাবে ছকের মাধ্যমে দেখানো হল।

### ছাগলের যাকাত

নিম্নের ছকে ছাগলের যাকাতের নিছাব, সংখ্যা ও যাকাতের পরিমাণ বর্ণনা করা হল :

নিছাব	সংখ্যা		যাকাতের পরিমাণ
	থেকে	পর্যন্ত	
(এর কম হলে যাকাত ফরয নয়)।	৪০	১২০	১ টি ছাগল
	১২১	২০০	২ টি ছাগল
	২০১	৩০০	৩ টি ছাগল

বি : দ্র : এর পরে প্রত্যেক একশত ছাগলে একটি করে ছাগল যাকাত দিতে হবে।

### গরুর যাকাত

নিম্নের ছকে গরুর যাকাতের নিছাব, সংখ্যা ও যাকাতের পরিমাণ বর্ণনা করা হল :

নিছাব	সংখ্যা		যাকাতের পরিমাণ
	থেকে	পর্যন্ত	
৩০ টি (এর কম হলে যাকাত ফরয নয়)।	৩০	৩৯	তাবী‘/তাবী‘আহ (দ্বিতীয় বছরে পাদার্পণকারী গরু)
	৪০	৫৯	মুসিন্নাহ (ত্বরিত বছরে পাদার্পণকারী গরু)
	৬০	৬৯	২ টি তাবী‘/তাবী‘আহ
	৭০	৭৯	১টি তাবী‘/তাবী‘আহ ও ১টি মুসিন্নাহ

৭০. বুখারী হা/১৪৫৪, ‘যাকাত’ অধ্যায়; মিশকাত হা/১৭৯৬।

	৮০	৮৯	২ টি মুসিন্নাহ
	৯০	৯৯	৩ টি তাৰী' / তাৰী'আহ্
	১০০	১০৯	২টি তাৰী' / তাৰী'আহ্ ও ১টি মুসিন্নাহ

বি : দ্র : এর পরে প্রত্যেক ত্রিশটি গরুতে একটি তাৰী' অথবা তাৰী'আহ্ অর্থাৎ এক বছর বয়সের একটি গরুর বাচ্চুর এবং প্রত্যেক চাল্লিশটি গরুর বিনিময়ে একটি মুসিন্নাহ তথা দু'বছর বয়সের গরুর বাচ্চুর যাকাত দিতে হবে।

### উটের যাকাত

নিম্নের ছকে উটের যাকাতের নিছাব, সংখ্যা ও যাকাতের পরিমাণ বর্ণনা করা হল :

নিছাব	সংখ্যা		যাকাতের পরিমাণ
	থেকে	পর্যন্ত	
(এর কম হলে যাকাত ফরয নয়)।	৫	৯	১ টি ছাগল
	১০	১৪	২ টি ছাগল
	১৫	১৯	৩ টি ছাগল
	২০	২৪	৪ টি ছাগল
	২৫	৩৫	বিনতু মাখায (দ্বিতীয় বছরে পদার্পণকারী উদ্ধৃ)
	৩৬	৪৫	বিনতু লাবূন (তৃতীয় বছরে পদার্পণকারী উদ্ধৃ)
	৪৬	৬০	হিকাহ (চতুর্থ বছরে পদার্পণকারী উদ্ধৃ)
	৬১	৭৫	জায'আহ্ (পঞ্চম বছরে পদার্পণকারী উদ্ধৃ)
	৭৬	৯০	২টি বিনতু লাবূন
	৯১	১২০	২ টি হিকাহ

বি : দ্র : উটের সংখ্যা ১২০ টির বেশী হলে প্রত্যেক ৪০ টিতে একটি বিনতু লাবূন এবং প্রত্যেক ৫০ টিতে একটি হিকাহ যাকাত দিবে। যা নিম্নে ছকের মাধ্যমে দেখানো হল :

সংখ্যা		যাকাতের পরিমাণ
থেকে	পর্যন্ত	
১২১	১২৯	৩ টি বিনতু লাবূন
১৩০	১৩৯	১ টি হিকাহ ও ২ টি বিনতু লাবূন
১৪০	১৪৯	২ টি হিকাহ ও ১ টি বিনতু লাবূন
১৫০	১৫৯	৩ টি হিকাহ
১৬০	১৬৯	৪ টি বিনতু লাবূন
১৭০	১৭৯	৩ টি বিনতু লাবূন ও ১ টি হিকাহ
১৮০	১৮৯	২ টি হিকাহ ও ২ টি বিনতু লাবূন
১৯০	১৯৯	৩ টি হিকাহ ও ১ টি বিনতু লাবূন
২০০	২০৯	৪ টি হিকাহ ও ৫ টি বিনতু লাবূন

### গৃহপালিত পশুর যাকাত আদায়ে কতিপয় লক্ষণীয় বিষয়

গৃহপালিত পশুর মালিক যাকাত বাবদ যা দিবে এবং যাকাত আদায়কারী যা গ্রহণ করবে, তাতে নিম্নোক্ত বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখা আবশ্যক ।

(ক) দোষ-ক্রটি মুক্ত হওয়া : রোগ মুক্ত পশু থাকতে রোগাত্মক, অঙ্গহীন, জীর্ণশীর্ণ পশু যা ক্রয়-বিক্রয়ে অযোগ্য এবং যা দ্বারা কুরবানী বৈধ নয়, এমন পশু দ্বারা যাকাত আদায় করা জায়েয় নয় । এরপ বিধান এই জন্য যে, ক্রটিযুক্ত পশু গ্রহণ করা হলে তাতে দরিদ্র লোকদের ক্ষতি সাধিত হবে । আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفَقُوا مِنْ طَبَابِاتِ مَا كَسَبُتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُمْ مِنَ الْأَرْضِ  
وَلَا تَيْمِمُوا الْحَبِি�ْثَ مِنْهُ تُنْفِقُونَ وَلَسْتُمْ بِآخِذِيهِ إِلَّا أَنْ تُعْمِلُوا فِيهِ وَاعْلَمُوا أَنَّ  
اللَّهَ عَنِّي حَمِيدٌ -

‘হে ঈমানদারগণ! তোমরা স্বীয় উপার্জন থেকে এবং যা আমি তোমাদের জন্যে ভূমি থেকে উৎপন্ন করেছি, তা থেকে উৎকৃষ্ট বস্ত্র ব্যয় কর (যাকাত দাও) এবং তা থেকে নিকৃষ্ট জিনিস ব্যয় করতে মনস্ত করো না । কেননা তা

তোমরা কখনও গ্রহণ করবে না; তবে যদি তোমরা চোখ বন্ধ করে নিয়ে নাও।  
জেনে রেখো, আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত' (বাক্তুরাহ ২/২৬৭)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

تَلَاثٌ مِنْ فَعَلَهُنَّ فَقَدْ طَعْمَ طَعْمَ الْيَمَانِ مِنْ عَبْدِ اللَّهِ وَحْدَهُ وَأَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَعْطَى زَكَةً مَالِهِ طَيِّبَةً بِهَا نَفْسُهُ رَافِدَةً عَلَيْهِ كُلُّ عَامٍ وَلَا يُعْطِيُ الْهَرَمَةَ وَلَا الدَّرَنَةَ وَلَا الْمَرِيْضَةَ وَلَا الشَّرَّطَ الْلَّثِيمَةَ وَلَكِنْ مِنْ وَسْطِ أَمْوَالِكُمْ فَإِنَّ اللَّهَ لَمْ يَسْأَلْكُمْ خَيْرَهُ وَلَمْ يَأْمُرْكُمْ بِشَرِّهِ -

‘তিনি ধরনের লোক যারা একুশ করবে, তারা পরিপূর্ণ সুমানের স্বাদ গ্রহণ করবে- যে ব্যক্তি কেবলমাত্র আল্লাহর ইবাদতে রত থাকে এবং স্বীকার করে যে, আল্লাহ ছাড়া কোন সত্য ইলাহ নেই; যে ব্যক্তি পত্যেক বছর তার মালের যাকাত হিসাবে উত্তম মাল প্রদান করে এবং বৃদ্ধ বয়সের, রোগগ্রস্ত, ত্রুটিপূর্ণ, নিকৃষ্ট মাল প্রদান করে না, বরং মধ্যম মানের মাল প্রদান করে। আল্লাহ তোমাদের নিকট তোমাদের উত্তম মাল চান না এবং নিকৃষ্ট মাল প্রদান করতেও নির্দেশ দেননি’।<sup>১৪</sup>

(খ) শরী‘আত কর্তৃক নির্ধারিত বয়সের হওয়া : হাদীছে যে বয়সের পশ্চ দ্বারা যাকাত আদায়ের নির্দেশ দেওয়া হয়েছে ঠিক সেই বয়সের পশ্চ দ্বারাই যাকাত আদায় করতে হবে। কেননা এর চেয়ে কম বয়সের নেওয়া হলে পশ্চর মালিক ক্ষতিগ্রস্ত হয়। আর বেশী বয়সের নেওয়া হলে পশ্চর না থাকলে তার নিকট বিদ্যমান পশ্চ দ্বারাই যাকাত আদায় করবে। তবে ক্ষতিপূরণ স্বরূপ সাথে দুঁটি ছাগল অথবা ২০ দিরহাম দিবে।

হাদীছে এসেছে,

عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ أَبَا بَكْرِ رَضِيَ اللَّهُ عَنْهُ كَتَبَ لَهُ فَرِيْضَةَ الصَّدَّقَةِ التِّيْ أَمْرَ اللَّهُ رَسُولَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ بَاعْتَ عِنْدَهُ مِنَ الْإِبْلِ صَدَّقَةُ الْجَذَعَةِ

১৪. আবুদাউদ হা/১৫৮-২: সিলসিলা ছহীহা হা/১০৪৬।

وَلَيْسَتْ عِنْدُهُ جَذَعَةٌ وَعِنْدُهُ حَقَّةٌ، فَإِنَّهَا تُقْبَلُ مِنْهُ الْحِقَّةُ وَيَجْعَلُ مَعَهَا شَائِئِينَ إِنِّي  
اسْتَيْسِرَتَا لَهُ أَوْ عِشْرِينَ دِرْهَمًا، وَمَنْ بَلَغَتْ عِنْدُهُ صَدَقَةُ الْحِقَّةِ وَلَيْسَتْ عِنْدُهُ  
الْحِقَّةُ وَعِنْدُهُ الْجَذَعَةُ، فَإِنَّهَا تُقْبَلُ مِنْهُ الْجَذَعَةُ، وَيُعْطِيهِ الْمُصَدِّقُ عِشْرِينَ  
دِرْهَمًا أَوْ شَائِئِينَ، وَمَنْ بَلَغَتْ عِنْدُهُ صَدَقَةُ الْحِقَّةِ وَلَيْسَتْ عِنْدُهُ إِلَّا بِنْتُ لَبُونٍ  
فَإِنَّهَا تُقْبَلُ مِنْهُ بِنْتُ لَبُونٍ، وَيُعْطِي شَائِئِينَ أَوْ عِشْرِينَ دِرْهَمًا، وَمَنْ بَلَغَتْ  
صَدَقَتُهُ بِنْتَ لَبُونٍ وَعِنْدُهُ حَقَّةٌ فَإِنَّهَا تُقْبَلُ مِنْهُ الْحِقَّةُ وَيُعْطِيهِ الْمُصَدِّقُ عِشْرِينَ  
دِرْهَمًا أَوْ شَائِئِينَ، وَمَنْ بَلَغَتْ صَدَقَتُهُ بِنْتَ لَبُونٍ وَلَيْسَتْ عِنْدُهُ وَعِنْدُهُ بِنْتُ  
مَخَاضٍ، فَإِنَّهَا تُقْبَلُ مِنْهُ بِنْتُ مَخَاضٍ وَيُعْطِي مَعَهَا عِشْرِينَ دِرْهَمًا أَوْ شَائِئِينَ -

আনাস (রাঃ) হতে বর্ণিত, আবু বকর (রাঃ) তাঁর কাছে আল্লাহ তাঁর রাসূল (ছাঃ)-  
কে যাকাত সম্পর্কে যে বিধান দিয়েছেন তা লিখে পাঠান : যে ব্যক্তির উপর  
উটের যাকাত হিসাবে জায়‘আহ (পঞ্চম বছরে পদার্পণকারী উষ্ট্রি) ফরয হয়েছে,  
অথচ তার নিকট জায়‘আহ নেই বরং তার নিকট হিকাহ (চতুর্থ বছরে  
পদার্পণকারী উষ্ট্রি) রয়েছে, তখন হিকাহ গ্রহণ করা হবে। এর সাথে সম্ভব হলে  
(ক্ষতিপূরণ স্বরূপ) দু'টি ছাগল দিবে অথবা ২০ দিরহাম দিবে। আর যার উপর  
যাকাত হিসাবে হিকাহ ফরয হয়েছে, অথচ তার কাছে হিকাহ নেই বরং জায়‘আহ  
রয়েছে তখন তার নিকট হতে জায়‘আহ গ্রহণ করা হবে। আর যাকাত  
আদায়কারী (ক্ষতিপূরণ স্বরূপ) মালিককে ২০ দিরহাম অথবা দু'টি ছাগল দিবে।  
যার উপর হিকাহ ফরয হয়েছে, অথচ তার নিকট বিনতু লাবুন (তৃতীয় বছরে  
পদার্পণকারী উষ্ট্রি) রয়েছে, তখন বিনতু লাবুনই গ্রহণ করা হবে। তবে মালিক  
দু'টি ছাগল অথবা ২০ দিরহাম দিবে। আর যার উপর বিনতু লাবুন ফরয হয়েছে,  
কিন্তু তার কাছে হিকাহ রয়েছে, তখন তার নিকট হতে হিকাহ গ্রহণ করা হবে  
এবং আদায়কারী মালিককে ২০ দিরহাম অথবা দু'টি ছাগল দিবে। আর যার  
উপর বিনতু লাবুন ফরয হয়েছে, কিন্তু তার নিকটে বিনতু মাখায (দ্বিতীয় বছরে  
পদার্পণকারী উষ্ট্রি) রয়েছে, তবে তার নিকট থেকে তাই গ্রহণ করা হবে, অবশ্য  
মালিক এর সঙ্গে ২০ দিরহাম অথবা দু'টি ছাগল দিবে’।<sup>৭৫</sup>

৭৫. বুখারী হা/১৪৫৩, ‘যাকাত’ অধ্যায়; মিশকাত হা/১৭৯৬।

(গ) পশু মধ্যম মানের হওয়া : অতীব উত্তম পশু বাছাই করে গ্রহণ করা যাকাত আদায়কারীদের জন্য যেমন জায়েয় নয়, তেমনি জায়েয় নয় অতীব নিকৃষ্ট পশু গ্রহণ করা। রাসূলুল্লাহ (ছাঃ) মু'আয ইবনু জাবাল (রাঃ)-কে ইয়ামানের শাসক নিয়োগ করে পাঠানোর সময় বলেছিলেন,

فَأَخْبِرُهُمْ أَنَّ اللَّهَ قَدْ فَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ فَتَرُدُّ عَلَى فَقَرَائِهِمْ،  
فَإِنْ هُمْ أَطَاعُوا لَكَ بِذِلِّكَ فَإِيَّاكَ وَكَرَائِمَ أَمْوَالِهِمْ، وَأَنْقِ دَعْوَةَ الْمَظْلُومِ، فَإِنَّ  
لِيْسَ بَيْنِهِ وَبَيْنَ اللَّهِ حِجَابٌ-

‘তুমি তাদেরকে বলবে যে, আল্লাহ তাদের উপর ছাদাক্তাহ (যাকাত) ফরয করেছেন- যা তাদের ধর্মীদের নিকট হতে গ্রহণ করা হবে এবং তাদের গরীবদের মাঝে বণ্টন করা হবে। তোমার এ কথা যদি তারা মেনে নেয়, তবে কেবল তাদের উত্তম মাল থেকে গ্রহণ করা থেকে বিরত থাকবে এবং মাযলুমের বদদো‘আকে ভয় করবে। কেননা তার (বদদো‘আ) এবং আল্লাহর মাঝে কোন পর্দা থাকে না’।<sup>৭৬</sup>

**নিষাব পরিমাণ পশুর মালিক একাধিক হলে যাকাত আদায়ের হুকুম**  
 যদি একাধিক ব্যক্তি তাদের পশুগুলোকে একত্রিত করে এক সঙ্গে পালন করে থাকে। যেমন একজনের ২০ টি ছাগল এবং অপর জনের ২০ টি ছাগল মোট ৪০ টি ছাগল এক সঙ্গে পালন করা হয়। এমতাবস্থায় উভয় মালিকের পৃথক পৃথক নিষাব গণনা করা হবে, না উভয়ে এক নিষাবের অন্তর্ভুক্ত হবে? এক্ষেত্রে ছইই মত হল, তারা এক নিষাবের অন্তর্ভুক্ত হবে। অর্থাৎ ৪০ টি ছাগলের মালিক একাধিক হলেও তাদেরকে যাকাত হিসাবে ১ টি ছাগল দিতে হবে।

হাদীছে এসেছে,

عَنْ أَئْسِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ أَبَا بَكْرِ رَضِيَ اللَّهُ عَنْهُ كَتَبَ لَهُ فَرِيْضَةً الصَّدَقَةِ الَّتِي  
أَمْرَ اللَّهُ رَسُولُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا يُجْمِعُ بَيْنَ مُتَفَرِّقٍ، وَلَا يُفَرَّقُ بَيْنَ  
مُجْتَمِعٍ، خَشِيَّةً الصَّدَقَةِ-

আনাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যাকাত সম্পর্কে যে বিধান দিয়েছেন তা আবুকর (রাঃ) তাঁর কাছে লিখে পাঠান, ‘যাকাত দেওয়ার ভয়ে বিচ্ছিন্ন প্রাণীগুলোকে একত্রিত করা যাবে না এবং একত্রিতগুলোকে বিচ্ছিন্ন করা যাবে না’।<sup>৭৭</sup>

তবে একাধিক মালিকের পশু এক নিছাবের অন্তর্ভুক্ত হওয়ার জন্য নিম্নে বর্ণিত শর্তসমূহ অবশ্য পূরণীয়। তা হল,

(ক) সকল মালিককে মুসলিম, স্বাধীন ও পশুর পূর্ণ মালিক হতে হবে। (খ) একাধিক মালিকের মিশ্রিত পশু নিছাব পরিমাণ হতে হবে। (গ) একাধিক মালিকের মিশ্রিত পশু একসঙ্গে পূর্ণ এক বছর পালিত হতে হবে। (ঘ) পাঁচটি বিষয়ে একজনের পশু অন্যজনের পশু থেকে আলাদা হবে না। যেমন-

(১) تথا **الفحل** একই এড়ে অথবা পাঠা দিয়ে গর্ভধারণ করানোর ব্যবস্থা করতে হবে।

(২) تथا **المسرح** একাধিক মালিকের মিশ্রিত সকল পশুর একই সময়ে চারণভূমিতে চরাতে হবে।

(৩) تथা **المرعى** একাধিক মালিকের মিশ্রিত সকল পশুর চারণভূমি একই হতে হবে।

(৪) تथা **الخلب** একাধিক মালিকের সকল পশুর দুঃখ দোহনের স্থান একই হতে হবে।

(৫) تথা একাধিক মালিকের মিশ্রিত সকল পশুর রাত্রি যাপনের স্থান একই হতে হবে।

উপরোক্তাখ্যিত শর্তসমূহ না থাকলে তারা এক নিছাবের অন্তর্ভুক্ত হবে না। বরং প্রত্যেক মালিকের পৃথক পৃথক নিছাব ধরে যাকাত আদায় করতে হবে।<sup>৭৮</sup>

৭৭. বুখারী হা/১৪৫০, ‘যাকাত’ অধ্যায়; মিশকাত হা/১৭৯৬।

৭৮. মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন, শারহুল মুমতে ৬/৬৩-৬৪ পৃঃ; ফিকহস সুন্নাহ ২/৩৯ পৃঃ।

## গাড়ী চালানো অথবা জমি চাষের কাজে নিয়োজিত পশুর যাকাতের বিধান

গাড়ী চালানো অথবা জমি চাষের কাজে নিয়োজিত পশু যত বেশীই হোক না কেন তার যাকাত দিতে হবে না। হাদীছে এসেছে,

عَنْ عَلَىٰ بْنِ أَبِي طَالِبٍ رضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ فِي الْخَضْرَاوَاتِ صَدَقَةً وَلَا فِي الْعَرَابِيَّ صَدَقَةً وَلَا فِي أَفَلِّ مِنْ خَمْسَةَ أَوْ سُنْقَى صَدَقَةً وَلَا فِي الْعَوَامِلِ صَدَقَةً وَلَا فِي الْجَبَّاهَةِ صَدَقَةً، قَالَ الصَّقْرُ الْجَبَّاهَةُ الْخَيْلُ وَالْبِغَالُ وَالْعَيْدُ۔

আলী ইবনু আবি ত্বালেব (রাঃ) হতে বর্ণিত, নবী (ছাঃ) বলেছেন, শাক-শজিতে যাকাত নেই, আরিয়াতে<sup>৭৯</sup> যাকাত নেই, পাঁচ ওসাকের কমে যাকাত নেই, কাজে নিয়োজিত পশুতে যাকাত নেই এবং যাবহাতেও যাকাত নেই। সাকার বলেন, জাবহা অর্থ হল, ঘোড়া, খচ্ছর এবং দাস-দাসী।<sup>৮০</sup>

### মহিষের যাকাত আদায়ের হুকুম

মহিষ ও গরু একই জাতবিশিষ্ট পশু এতে সকল বিদ্঵ান ঐক্যমত পোষণ করেছেন। হাসান (রাঃ) বলেন, ‘মহিষ গরুর স্থলাভিষিক্ত’<sup>৮১</sup> অতএব নিছাব পরিমাণ গরুর মালিকের উপর যেমন যাকাত ফরয, তেমনি নিছাব পরিমাণ মহিষের মালিকের উপরেও যাকাত ফরয। আর গরু ও মহিষের নিছাব একই।

### ঘোড়ার যাকাত আদায়ের হুকুম

কুরআন ও ছহীহ হাদীছ দ্বারা যেসব পুঁশুর যাকাত আদায় করা ফরয সাব্যস্ত হয়েছে, ঘোড়া তার অন্তর্ভূক্ত নয়। এছাড়াও রাসূলুল্লাহ (ছাঃ) ঘোড়ার যাকাত আদায় করতে হবে না বলে উল্লেখ করেছেন। হাদীছে এসেছে,

৭৯. কোন গরীব ব্যক্তির নিকটে শুকনো খেজুর রয়েছে। কিন্তু তার ‘রূতাব’ খেজুর প্রয়োজন। এমতাবস্থায় কোন গাছের মালিকের শিকট থেকে শুকনো খেজুরের বিনিময়ে গাছে বিদ্যমান রূতাব খেজুর ক্রয় করাকে আরিয়া বলা হয়।

৮০. দারাকুত্তনী হা/১৯৩০; মিশকাত হা/১৮১৩।

৮১. মুছান্নাফ ইবনু আবী শায়বা, মির ‘আত ৫/৮১ ‘কুরবানী’ অনুচ্ছেদ।

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ عَلَى الْمُسْلِمِ فِيْ  
عَبْدِهِ وَلَا فِيْ فَرَسِيهِ صَدَقَةً—

আবু হুরায়রা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) এরশাদ করেন, ‘মুসলমানদের উপর তাদের গোলাম ও ঘোড়ার যাকাত নেই’।<sup>৮২</sup>

অন্যত্র রাসূল (ছাঃ) বলেছেন, ‘শাক-শজিতে যাকাত নেই, আরিয়াতে<sup>৮৩</sup> যাকাত নেই, পাঁচ ওসাকের কমে যাকাত নেই, কাজে নিয়োজিত পশ্চতে যাকাত নেই এবং যাবহাতেও যাকাত নেই। সাকার বলেন, জাবহা অর্থ হল, ঘোড়া, খচ্ছর এবং দাস-দাসী।<sup>৮৪</sup>

উল্লেখ্য যে, প্রত্যেক ঘোড়ার ১ দিনার অথবা ২০ দিনহাম যাকাত দিতে হবে বলে যে হাদীছ রয়েছে তা যষ্টিফ।<sup>৮৫</sup>

### পশ্চর পরিবর্তে তার মূল্য দ্বারা যাকাত আদায়ের ভুকুম

পশ্চর পরিবর্তে তার মূল্য দ্বারা যাকাত আদায় করলে তা আদায় হবে না। বরং পশ্চর যাকাত পশ্চ দ্বারাই আদায় করতে হবে। হাদীছে এসেছে,

عَنْ مُعاذِ بْنِ جَبَلٍ قَالَ بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ وَأَمْرَنِيْ  
أَنْ آخُذَ مِنَ الْبَقَرِ مِنْ كُلِّ أَرْبَعِينَ مُسِنَّةً وَمِنْ كُلِّ ثَلَاثِينَ تَبِيعًاً أَوْ تَبِيعَةً—

মু’আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুন্নাহ (ছাঃ) যখন আমাকে ইয়ামানের উদ্দেশ্যে পাঠালেন, তখন তিনি আমাকে নির্দেশ দিলেন, গরংর যাকাতে প্রত্যেক চাল্লিশটিতে একটি ‘মুসিন্নাহ’ (দু’বছর অতিক্রম করে তৃতীয় বছরে পদার্পণকারী গরু) এবং প্রত্যেক ত্রিশটিতে একটি ‘তাবী’ অথবা

৮২. বুখারী হা/১৪৬৪; মুসলিম হা/১৮২; আবুদাউদ হা/১৫৯৫; নাসাই হা/২৪৬৯; ইবনু মাজাহ হা/১৮১২; মিশকাত হা/১৭৯৫।

৮৩. কোন গরীব ব্যক্তির নিকটে শুকনো খেজুর রয়েছে। কিন্তু তার ‘রূতাব’ খেজুর প্রয়োজন। এমতাবস্থায় কোন গাছের মালিকের নিকট থেকে শুকনো খেজুরের বিনিময়ে গাছে বিদ্যমান রূতাব খেজুর ক্রয় করাকে আরিয়া বলা হয়।

৮৪. দারাকুত্তনি হা/১৯৩০; মিশকাত হা/১৮১৩।

৮৫. নায়লুল আওতার ৪/১৩৭ পৃঃ ‘গোলাম, ঘোড়া ও গাধার যাকাত নেই’ অনুচ্ছেদ।

‘তাৰী‘আহ’ (এক বছৰ অতিক্ৰম কৰে দ্বিতীয় বছৰে পদার্পণকাৰী গৱৰ্ণ) এহণ  
কৰবে।<sup>৮৬</sup>

অন্যত্র রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

وَفِيْ صَدَقَةِ الْعَيْمٍ فِيْ سَائِمَتِهَا إِذَا كَانَتْ أَرْبَعِينَ إِلَى عِشْرِينَ وَمِائَةٌ شَاءَ—

‘বিচৰণশীল ছাগলের যাকাতে চল্লিশটি হতে একশত বিশটি পর্যন্ত একটি  
ছাগল।<sup>৮৭</sup>

তিনি অন্যত্র বলেন,

فِيْ كُلِّ إِبْلٍ سَائِمَةٌ مِنْ كُلِّ أَرْبَعِينَ أَبْنَةً لَبُونٍ—

‘বিচৰণশীল প্রত্যেক চল্লিশটি উটে একটি বিনতু লাবুন (দু’বছৰ অতিক্ৰম কৰে  
তৃতীয় বছৰে পদার্পণকাৰী উট)।<sup>৮৮</sup>

অতএব রাসূলুল্লাহ (ছাঃ) পশুৰ যাকাত পশু দ্বাৰাই আদায় কৱাৰ নিৰ্দেশ  
দিয়েছেন। এছাড়াও রাসূল (ছাঃ), ছাহাবায়ে কেৱাম এবং তাবেঙ্গনে ইযামেৰ  
কেউ কখনো পশুৰ পৱিত্ৰতে তাৰ মূল্য দ্বাৰা যাকাত আদায় কৱেননি। সুতৰাং  
পশুৰ যাকাত পশু দ্বাৰাই আদায় কৱতে হবে।

<sup>৮৬.</sup> তিৱমিয়ী হা/৬২৩; নাসাই হা/২৪৫০; ইবনু মাজাহ হা/১৮০৩; মিশকাত হা/১৮০০, ‘যাকাত’  
অধ্যায়, আলবানী, সনদ ছইই।

<sup>৮৭.</sup> বুখারী হা/১৪৫৪, ‘যাকাত’ অধ্যায়; মিশকাত হা/১৭৯৬।

<sup>৮৮.</sup> নাসাই হা/২৪৪৯; আলবানী, সনদ হাসান।

## তৃতীয় পরিচ্ছেদ

# স্বর্ণ ও রৌপ্যের যাকাত

### স্বর্ণ ও রৌপ্যের যাকাত ফরয হওয়ার দলীল :

স্বর্ণ ও রৌপ্য খনিজ সম্পদের অন্যতম। এ সম্পদের অপ্রতুলতা ও শ্রেষ্ঠত্বের কারণে প্রাচীনকাল থেকেই বহু জাতি এ দুটি ধাতু দ্বারা মুদ্রা তৈরী করেছে ও দ্রব্যমূল্যের মান হিসাবে গ্রহণ করেছে। এ কারণে ইসলামী শরী'আত স্বর্ণ ও রৌপ্যের উপর বিশেষ দৃষ্টি নিবন্ধ করে তার উপর যাকাত ফরয করেছে। আর যাকাত অনাদায়ে কঠোর শাস্তির ব্যবস্থা রেখেছে। আল্লাহ তা'আলা বলেন,

وَالَّذِينَ يَكْنِزُونَ الْذَّهَبَ وَالْفِضَّةَ وَلَا يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللَّهِ فَبَشِّرُهُمْ بِعَذَابٍ أَلِيمٍ - يَوْمَ يُحْمَى عَلَيْهَا فِي نَارٍ جَهَنَّمَ فَتُكْوَى بِهَا جِبَاهُهُمْ وَجَنُوبُهُمْ وَظُهُورُهُمْ هَذَا مَا كَنَزْتُمْ لِأَنفُسِكُمْ فَذُوقُوا مَا كُنْتُمْ تَكْنِزُونَ -

‘যারা স্বর্ণ ও রৌপ্য পুঞ্জীভূত করে এবং তা আল্লাহর পথে ব্যয় করে না, তাদেরকে মর্মন্ত্ব শাস্তির সুসংবাদ দাও। সেদিন জাহানামের অগ্নিতে তা উত্তপ্ত করা হবে এবং তা দ্বারা তাদের ললাট, পার্শ্বদেশ ও পৃষ্ঠদেশে দাগ দেওয়া হবে আর বলা হবে, এটাই তা, যা তোমরা নিজেদের জন্য পুঞ্জীভূত করতে। সুতরাং তোমরা যা পুঞ্জীভূত করেছিলে তা আস্বাদন কর’ (তওবা ৯/৩৪-৩৫)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

مَا مِنْ صَاحِبِ ذَهَبٍ وَلَا فِضَّةً لَا يُؤَدِّي مِنْهَا حَقَّهَا إِلَّا إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ صُفْحَتْ لَهُ صَفَائِحٌ مِنْ نَارٍ فَأُحْمِيَ عَلَيْهَا فِي نَارِ جَهَنَّمَ فَيُكْوَى بِهَا جَبَّهَهُ وَجَبِينَهُ وَظَهِيرَهُ كُلُّمَا بَرَدَتْ أُعِيدَتْ لَهُ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنةٍ حَتَّى يُقْضَى بَيْنَ الْعِبَادِ فَيُرَى سَبِيلُهُ إِمَّا إِلَى الْجَنَّةِ وَإِمَّا إِلَى النَّارِ -

‘প্রত্যেক স্বর্ণ ও রৌপ্যের মালিক যে তার হক (যাকাত) আদায় করে না, কিন্তু মতের দিন তার জন্য আগুনের বহু পাত তৈরী করা হবে এবং সে সমুদয়কে জাহানামের আগুনে গরম করা হবে। অতঃপর তার পাঁজর, কপাল ও পিঠে দাগ দেওয়া হবে। যখনই তা ঠাণ্ডা হয়ে যাবে তখন পুনরায় তাকে গরম করা হবে। (তার সাথে এরূপ করা হবে) সেদিন, যার পরিমাণ হবে পঞ্চাশ হায়ার বছরের সমান। (তার এ শাস্তি চলতে থাকবে) যতদিন না বান্দাদের বিচার নিষ্পত্তি হয়। অতঃপর সে তার পথ ধরবে, হয় জাহানাতের দিকে, না হয় জাহানামের দিকে’।<sup>৮৯</sup>

### স্বর্ণ ও রৌপ্যের নিছাব

কারো নিকটে ইসলামী শরী‘আত কর্তৃক নির্ধারিত নিছাব পরিমাণ স্বর্ণ ও রৌপ্য থাকলেই কেবল তার উপর যাকাত ফরয। এ দু’টি ধাতুর নিছাব নিম্নে উল্লেখ করা হল,

**স্বর্ণের নিছাব :** এ সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

وَيَسِّرْ عَلَيْكَ شَيْءٌ يَعْنِي فِي الْذَّهَبِ حَتَّى يَكُونَ لَكَ عِشْرُونَ دِينَارًا فَإِذَا كَانَ لَكَ عِشْرُونَ دِينَارًا وَحَالَ عَلَيْهَا الْحَوْلُ فَفِيهَا نِصْفُ دِينَارٍ فَمَا زَادَ فِي حِسَابِ ذَلِكَ -

‘বিশ দীনারের কম স্বর্ণে যাকাত ফরয নয়। যদি কোন ব্যক্তির নিকট ২০ দীনার পরিমাণ স্বর্ণ এক বছর যাবৎ থাকে তবে এর জন্য অর্ধ দীনার যাকাত দিতে হবে। এরপরে যা বৃদ্ধি পাবে তার হিসাব ঐভাবেই হবে’।<sup>৯০</sup>

উল্লেখ্য যে, হাদীছে বর্ণিত ১ দীনার সমান  $8.25$  গ্রাম স্বর্ণ। অতএব  $20$  দীনার সমান  $20 \times 8.25 = 85$  গ্রাম স্বর্ণ।  $1$  ভরি সমান  $11.66$  গ্রাম হলে,  $85 \div 11.66 = 7.29$  ভরি বা  $7$  ভরী  $5$  আনা  $5$  রত্তী স্বর্ণ। অর্থাৎ কারো নিকটে উল্লিখিত পরিমাণ স্বর্ণ এক বছর যাবৎ থাকলে তার উপর উক্ত স্বর্ণের বর্তমান বিক্রয় মূল্যের হিসাবে মোট সম্পদের  $2.50\%$  যাকাত দেওয়া ফরয।

\* লিসাস, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়, সউদী আরব।

৮৯. মুসলিম হা/১৮৭; মিশকাত হা/১৭৭৩, ‘যাকাত’ অধ্যায়; এই, বঙ্গনুবাদ (এমদাদিয়া) ৪/১২৩ পৃঃ।

৯০. আবুদাউদ হা/১৫৭৩, ‘যাকাত’ অধ্যায়, আলবানী, সনদ ছহীহ।

**রৌপ্যের নিছাব :** রৌপ্যের নিছাব উল্লেখ করে রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

وَلَا فِي أَقْلَمِ خَمْسٍ أَوْ أَقِرِّ مِنَ الْوَرِقِ صَدَقَةٌ -

‘পাঁচ উকিয়ার কম পরিমাণ রৌপ্যে যাকাত নেই’।<sup>১</sup>

উল্লেখ্য, ১ উকিয়া সমান ৪০ দিরহাম। অতএব ৫ উকিয়া সমান  $80 \times 5 = 200$  দিরহাম।

অন্যত্র রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

هَأُنُّ رُبْعَ الْعُشُورِ مِنْ كُلِّ أَرْبَعِينَ دِرْهَمًا دِرْهَمٌ وَلَيْسَ عَلَيْكُمْ شَيْءٌ حَتَّى تَتِمَّ مِائَتَيْ دِرْهَمٍ فَإِذَا كَانَتْ مِائَتَيْ دِرْهَمٍ فَقِيهَا خَمْسَةُ دَرَاهِمٍ فَمَا زَادَ فَعَلَى حِسَابِ ذَلِكَ -

‘তোমরা প্রতি ৪০ দিরহামে ১ দিরহাম যাকাত আদায় করবে। ২০০ দিরহাম পূর্ণ না হওয়া পর্যন্ত তোমাদের প্রতি কিছুই ফরয নয়। ২০০ দিরহাম পূর্ণ হলে এর যাকাত হবে পাঁচ দিরহাম এবং এর অতিরিক্ত হলে তার যাকাত উপরোক্ত হিসাব অনুযায়ী প্রদান করতে হবে’।<sup>২</sup>

অত্র হাদীছে বর্ণিত ২০০ দিরহাম সমান ৫৯৫ গ্রাম রৌপ্য। ১ ভরি সমান  $11.66$  গ্রাম হলে  $595$  গ্রাম সমান  $595 \div 11.66 = 51.02$  ভরি রৌপ্য হয়। উক্ত পরিমাণ রৌপ্য কাঠো নিকটে এক বছর যাবৎ থাকলে তার উপর বর্তমান বিক্রয় মূল্যের হিসাবে মোট সম্পদের  $2.50\%$  যাকাত আদায় করা ফরয।

### খাদ সহ স্বর্ণের নিছাব

বর্তমান বাজারে স্বর্ণ ক্রয়-বিক্রয়ের সময় খাদ বাদ দিয়ে ওজন করা হয় না; বরং খাদ সহ ওজন করা হয়। অতএব খাদ সহ স্বর্ণ নিছাব পরিমাণ হলে তার উপর যাকাত ফরয।

১. বুখারী হা/১৪৮৪, ‘যাকাত’ অধ্যায়, মুসলিম হা/১৯৭৯; মিশকাত হা/১৭৯৪।

২. আবুদাউদ হা/১৫৭২, ‘যাকাত’ অধ্যায়, আলবানী, সনদ ছহীহ।

## স্বর্ণ ও রৌপ্য উভয়টি মিলে নিছাব পরিমাণ হলে যাকাত ফরয হবে কি?

কারো নিকটে স্বর্ণ ও রৌপ্য পৃথকভাবে কোনটিই নিছাব পরিমাণ নেই। কিন্তু উভয়টি মিলে নিছাব পরিমাণ হয়। এক্ষণে তার উপর যাকাত ফরয হবে কি-না? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, স্বর্ণ ও রৌপ্য দু'টি ভিন্ন বস্তু। একটি অপরটির নিছাব পূর্ণ করতে সক্ষম নয়। সুতরাং এ দু'টি পৃথকভাবে নিছাব পরিমাণ না হলে যাকাত ফরয নয়।<sup>১৩</sup>

রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘পাঁচ উকিয়ার কম পরিমাণ রৌপ্যে যাকাত নেই’।<sup>১৪</sup> তিনি অন্যত্র বলেন, ‘বিশ দীনারের কম স্বর্ণে যাকাত ফরয নয়’।<sup>১৫</sup>

উল্লিখিত হাদীছ দু'টিতে রাসূলুল্লাহ (ছাঃ) স্বর্ণ ও রৌপ্যের নিছাব আলাদাভাবে বর্ণনা করেছেন। কারণ দু'টি বস্তু অভিন্ন নয় বরং আলাদা। অতএব পৃথকভাবে দু'টির নিছাব পূর্ণ হলেই কেবল যাকাত ফরয হবে। অন্যথা ফরয নয়।

## যাকাত ফরয হওয়ার জন্য একক মালিকানায় নিছাব পরিমাণ স্বর্ণ ও রৌপ্য থাকা শর্ত কি?

কোন পরিবারে একাধিক ব্যক্তির মালিকানায় কিছু স্বর্ণ অথবা রৌপ্য রয়েছে যা পৃথকভাবে কারোরই নিছাব পরিমাণ হয় না। কিন্তু তাদের সকলের স্বর্ণ অথবা রৌপ্য একত্রিত করলে নিছাব পরিমাণ হয়। যেমন মায়ের ৫ ভরি ও মেয়ের ৩ ভরি স্বর্ণ রয়েছে যা আলাদাভাবে কারোরই নিছাব পরিমাণ নয়। কিন্তু মা ও মেয়ের স্বর্ণ একত্রিত করলে নিছাব পরিমাণ হয়। এমতাবস্থায় তাদের উপর যাকাত ফরয হবে না। কেননা যাকাত ফরয হওয়ার অন্যতম শর্ত হল, ব্যক্তিকে নিছাব পরিমাণ সম্পদের পূর্ণ মালিক হতে হবে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

১৩. মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন, শারহল মুমতে ৬/১০১-১০২ পৃঃ; ফিকহস সুন্নাহ ২/১৮ পৃঃ; তামামুল মিন্নাহ ৩৬০ পৃঃ।

১৪. বুখারী হা/১৪৮৪, ‘যাকাত’ অধ্যায়, মুসলিম হা/৯৭৯; মিশকাত হা/১৭৯৪।

১৫. আবুদাউদ হা/১৫৭৩, ‘যাকাত’ অধ্যায়, আলবানী, সনদ ছহীহ।

مَا مِنْ صَاحِبٍ ذَهَبٌ وَلَا فِضَّةٌ لَا يُؤَدِّي مِنْهَا حَقُّهَا إِلَّا إِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ  
صُفْحَتْ لَهُ صَفَائِحَ مِنْ نَارٍ

‘প্রত্যেক স্বর্ণ ও রৌপ্যের মালিক যে তার হক (যাকাত) আদায় করে না, নিশ্চয়ই ক্ষিয়ামতের দিন তার জন্য আগন্তের বহু পাত তৈরী করা হবে’।<sup>১৬</sup>

এখানে মালিক বলতে ব্যক্তি মালিকানাকে বুঝানো হয়েছে। অতএব ব্যক্তি মালিকানায় নিছাব পরিমাণ স্বর্ণ অথবা রৌপ্য থাকলেই কেবল যাকাত ফরয। অন্যথা ফরয নয়।

উল্লেখ্য যে, পরিবারের একাধিক ব্যক্তি স্বর্ণ ও রৌপ্য ব্যবহার করলেও যদি তাতে পৃথক পৃথক মলিকান সাব্যস্ত না হয়; বরং পরিবারের কোন এক ব্যক্তির মালিকানায় থেকে থাকে, তাহলে তা নিছাব পরিমাণ হলে যাকাত আদায় করতে হবে।

### ব্যবহৃত অলংকারের যাকাত

ব্যবসায়িক স্বর্ণ অর্থাৎ যে স্বর্ণ ব্যবসার উদ্দেশ্যে গচ্ছিত রাখা হয়েছে সে স্বর্ণের যাকাত ফরয এবং হারাম কাজে ব্যবহৃত স্বর্ণ যেমন পুরুষের ব্যবহৃত স্বর্ণ এবং কোন প্রাণীর আকৃতিতে বানানো নারীর অলংকার যা ব্যবহার করা হারাম, এরূপ ব্যবহৃত স্বর্ণেরও যাকাত ফরয। এ ব্যাপারে ওলামায়ে কেরাম ঐক্যমত পোষণ করেছেন। কারণ স্বর্ণের এরূপ ব্যবহার অপ্রয়োজনীয়।

পক্ষান্তরে বৈধ পন্থায় নারীর ব্যবহৃত অলংকারের যাকাত ফরয কি-না? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, নারীর ব্যবহৃত অলংকারে যাকাত ফরয। নারীর ব্যবহারিক অলংকারের যাকাত সম্পর্কে হাদীছে এসেছে,

عَنْ عَمْرُو بْنِ شَعِيبٍ أَنَّ امْرَأَةً أَتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَعَهَا ابْنَهُ لَهَا وَفِي يَدِ ابْنِهَا مَسْكَنَاتٍ غَلِيلَاتٍ مِنْ ذَهَبٍ فَقَالَ لَهَا أَعْطِنِي زَكَةَ هَذَا قَالَتْ

১৬. মুসলিম হা/১৮৭; মিশকাত হা/১৭৭৩, ‘যাকাত’ অধ্যায়।

لَا قَالَ أَيْسُرُكَ أَنْ يُسَوِّرَكِ اللَّهُ بِهِمَا يَوْمَ الْقِيَامَةِ سِوَارَيْنِ مِنْ نَارٍ قَالَ فَخَلَعَتْهُمَا فَأَفْلَقْتُهُمَا إِلَى النَّبِيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَتْ هُمَا لِلَّهِ عَزَّ وَجَلَّ وَرِسُولِهِ-

আমর ইবনু শু'আইব (রাঃ) হতে বর্ণিত, এক মহিলা তার কন্যাসহ রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকটে আসলেন। তার কন্যার হাতে মোটা দু'টি স্বর্ণের বালা ছিল। তিনি তাকে বললেন, তুমি কি এর যাকাত দাও? মহিলাটি বললেন, না। তখন রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, তুমি কি পসন্দ কর যে, কিয়ামতের দিন আল্লাহ তা'আলা এর পরিবর্তে তোমাকে এক জোড়া আগুনের বালা পরিধান করান? রাবী বলেন, একথা শুনে মেয়েটি তার হাত থেকে তা খুলে নবী (ছাঃ)-এর সামনে রেখে দিয়ে বলল, এ দু'টি আল্লাহ ও তাঁর রাসূলের জন্য।<sup>১৭</sup>

অন্য হাদীছে বর্ণিত আছে, মা আয়েশা (রাঃ) বলেন,

دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَأَى فِي يَدِي فَتَحَاتٍ مِنْ وَرَقٍ فَقَالَ مَا هَذَا يَا عَائِشَةَ فَقُلْتُ صَنَعْتُهُنَّ أَنْتَنِ لَكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ أَنْتَ دِينَ زَكَائِهِنَّ قُلْتُ لَا أَوْ مَا شَاءَ اللَّهُ قَالَ هُوَ حَسْبُكِ مِنَ النَّارِ-

‘একদা রাসূলুল্লাহ (ছাঃ) আমার নিকট উপস্থিত হয়ে আমার হাতে রূপার বড় বড় আংটি দেখতে পান এবং বলেন, হে আয়েশা! এটা কি? আমি বললাম, হে রাসূল (ছাঃ)! আপনার উদ্দেশ্যে সৌন্দর্য বর্ধনের জন্য তা তৈরী করেছি। তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি এর যাকাত দাও? আমি বললাম, না অথবা আল্লাহর যা ইচ্ছা ছিল। তিনি বললেন, তোমাকে জাহানামে নিয়ে যাওয়ার জন্য এটাই যথেষ্ট।<sup>১৮</sup> অন্য হাদীছে এসেছে,

عَنْ أَسْمَاءَ بِنْتِ يَزِيدَ قَالَتْ دَخَلْتُ أَنَا وَخَالَتِي عَلَى النَّبِيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهَا أَسْوَرَةٌ مِنْ ذَهَبٍ فَقَالَ لَنَا أَنْطَعْبِيَانِ زَكَائَهُ قَالَتْ فَقُلْنَا لَا قَالَ أَمَا تَحَافَانِ أَنْ يُسَوِّرَ كُمَا اللَّهُ أَسْوَرَةً مِنْ نَارٍ أَدْيَا زَكَائَهُ-

১৭. আবুদাউদ হা/১৫৬৩, ‘যাকাত’ অধ্যায়, ‘গাচ্ছিত সম্পদ ও অলংকারের যাকাত’ অনুচ্ছেদ, সনদ হাসান।

১৮. আবুদাউদ হা/১৫৬৫, সনদ ছহীহ।

আসমা বিনতে ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি ও আমার খালা হাতে স্বর্ণের বালা পরিহিত অবস্থায় রাসূলুল্লাহ (ছাঃ)-এর দরবারে প্রবেশ করলাম। তখন রাসূলুল্লাহ (ছাঃ) আমাদেরকে বললেন, তোমরা এর যাকাত দাও কি? তিনি বলেন, তখন আমরা বললাম, না। তখন তিনি (ছাঃ) বললেন, ‘তোমরা কি ভয় কর না যে, এর পরিবর্তে আল্লাহ তা‘আলা আগুনের বালা পরিধান করাবেন। সুতরাং তোমরা যাকাত আদায় কর’।<sup>৯৯</sup>

ইবনু মাসউদ (রাঃ) বলেন,

سَأَلَهُ امْرَأٌ عَنْ حُلِيٍّ لَهَا أَفِيهِ زَكَةٌ؟ قَالَ إِذَا بَلَغَ مِائَتَيْ دِرْهَمٍ فَزَكِيْهِ، قَالَتْ إِنْ فِي حِجْرِيِّ أَئْتَاهَا فَأَدْفُعُهُ إِلَيْهِمْ؟ قَالَ نَعَمْ۔

‘এক মহিলা তাঁকে জিজ্ঞেস করলেন যে, অলংকারের যাকাত দিতে হবে কি? তিনি বললেন, যদি তা দুইশত দিরহামে পৌঁছে, তাহলে তার যাকাত আদায় করবে। মহিলাটি বললেন, আমার ঘরে কতিপয় ইয়াতীম রয়েছে, তাদেরকে কি (যাকাত) প্রদান করতে পারব? তিনি বললেন, হ্যাঁ’।<sup>১০০</sup>

আয়েশা (রাঃ) বলেন, ‘অলংকার পরিধানে কোন সমস্যা নেই, যদি তার যাকাত দেওয়া হয়’।<sup>১০১</sup>

উপরোক্তখিত হাদীছ ও আছার সমূহ দ্বারা প্রমাণিত হয় যে, নারীর ব্যবহৃত অলংকার নিছাব পরিমাণ হলে যাকাত দিতে হবে।

**নারীর ব্যবহৃত অলংকারে যাকাত ফরয নয় মর্মে পেশকৃত দলীলের  
জবাব**

কিছু সংখ্যক বিদ্বান নারীর ব্যবহৃত অলংকারে যাকাত ফরয নয় বলে মত পোষণ করেছেন এবং তাদের মতের স্বপক্ষে কতিপয় দলীল পেশ করেছেন। নিম্নে সেই দলীলগুলো উল্লেখ করতঃ তার জবাব দেওয়া হল।

৯৯. মুসনাদে আহমাদ হা/২৭৬৫৫; ছইই তারগীব ওয়াত তারহীব হা/৭৭০, সনদ ছইই লিগায়রিহি (হাসান)।

১০০. মুছানাফ আব্দুর রায়্যাক ৪/৮৩ পৃঃ; মু’জামুল কাবীর লিত তুবারানী ৯/৩৭১ পৃঃ; সনদ ছইই লিগায়রিহি।

১০১. দারাকুত্তনী ২/১০৭ পৃঃ; বায়হাক্তী ৪/১৩৯ পৃঃ; সনদ হাসান।

**প্রথম দলীল :** আনাস ইবনু মালেক (রাঃ) বলেন, رَكَأْتِ الْحُلَىٰ لَيْسَ فِي الْحُلَىٰ  
‘অলংকারের যাকাত নেই’।<sup>১০২</sup>

**জবাব :** প্রথমত হাদীছটি যঙ্গফ। ইমাম দারাকুত্বনী হাদীছটিকে যঙ্গফ বলেছেন।<sup>১০৩</sup> ইমাম বায়হাকী হাদীছটিকে ভিত্তিহীন বলেছেন।<sup>১০৪</sup> নাছিরুন্দীন আলবানীও হাদীছটিকে যঙ্গফ এমনকি বাতিল বলে উল্লেখ করেছেন।<sup>১০৫</sup> অতএব উক্ত হাদীছটি যঙ্গফ বলে দলীল হিসাবে গ্রহণযোগ্য নয়।

দ্বিতীয়তঃ হাদীছটি উপরোক্তাখিত ছহীহ হাদীছ ও আছার সমূহের বিরোধী হওয়ায় তা পরিত্যাজ্য।

**দ্বিতীয় দলীল :** রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, تَصَدَّقَ وَلَوْ مِنْ حُلِّيْكُنْ، ‘তোমরা তোমাদের অলংকার দ্বারা হলেও যাকাত আদায় কর’।<sup>১০৬</sup> অলংকারের যাকাত ফরয হলে রাসূল (ছাঃ) ‘তোমাদের অলংকার দ্বারা হলেও’ না বলে বলতেন ‘তোমাদের অলংকারের যাকাত আদায় কর’।

**জবাব :** অত্র হাদীছ ব্যবহৃত অলংকারের যাকাত ফরয না হওয়া প্রমাণ করে না। কেননা যদি কেউ কারো ব্যয়ভার বহন করার লক্ষ্যে এমন অর্থ প্রদান করে, যা নিচাব পরিমাণ হয়। অতঃপর সে যদি বলে, তুমি যাকাত আদায় করবে যদিও তোমাকে প্রদানকৃত অর্থ থেকে হয়। তার এরূপ কথা যেমন উল্লিখিত হাদীছ দ্বারা ও ব্যবহৃত অলংকারের যাকাত ফরয না হওয়া প্রমাণ করে না।<sup>১০৭</sup>

**তৃতীয় দলীল :** রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, لَيْسَ عَلَى الْمُسْلِمِ فِي عَبْدِهِ وَلَا فِي مُسْلِمِيهِ ‘মুসলিমের উপর তার দাস ও ঘোড়ার যাকাত নেই’।<sup>১০৮</sup> দাস

১০২. তিরিমিয়া হা/৬৩৬; দারাকুত্বনী ২/১০৭ পঃ।

১০৩. নাছুর রিওয়ায়া ২/৩৪৭ পঃ।

১০৪. মাঝেফাতুস সুনান ওয়াল আছার ৩/২৯৮ পঃ।

১০৫. যঙ্গফুল জামে’ হা/৪৯০৬; ইরওয়াউল গালীল হা/৮১৭।

১০৬. বুখারী হা/১৪৬৬; মুসলিম হা/১০০০; মিশকাত হা/১৮০৮।

১০৭. মুহাম্মাদ বিন ছালেহ আল-উচায়মীন, শারহুল মুমতে ৬/১৩০ পঃ।

১০৮. বুখারী হা/১৪৬৪; মুসলিম হা/৯৮২।

এবং ঘোড়া মানুষের প্রয়োজনীয় বস্তু হওয়ায় যাকাত ফরয নয়। তেমনি নারীর ব্যবহৃত অলংকার প্রয়োজনীয় বস্তু হওয়ায় যাকাত ফরয নয়।

**জবাব :** নারীর ব্যবহৃত অলংকারকে দাস ও ঘোড়ার উপর কিড়িয়াস করা দু'টি কারণে সঠিক নয়। (ক) উক্ত কিড়িয়াস উপরোক্তখিত ছহীছ হাদীছ সমূহের বিরোধী। আর ছহীছ হাদীছ বিরোধী কিড়িয়াস গ্রহণযোগ্য নয়। (খ) উক্ত কিড়িয়াস অসামঞ্জস্যপূর্ণ। কেননা মৌলিক দিক থেকে স্বর্ণ ও রৌপ্যের যাকাত ফরয। পক্ষান্তরে দাস ও ঘোড়ার যাকাত ফরয নয়। অতএব মৌলিক দিক থেকে যাকাত ফরয নয় এমন বস্তুর সাথে যাকাত ফরয হওয়া বস্তুর কিড়িয়াস করা সঠিক নয়।<sup>১০৯</sup>

**চতুর্থ দলীল :** নারীর ব্যবহৃত অলংকার বর্ধনশীল নয়। অতএব অবর্ধনশীল বস্তুর যাকাত ফরয নয়।

**জবাব :** স্বর্ণ ও রৌপ্যের যাকাত ফরয হওয়ার জন্য বর্ধনশীল হওয়া শর্ত নয়। যেমন কেউ যদি তার নিকট নিছাব পরিমাণ টাকা জমা করে রাখে, যা দিয়ে সে কোন ব্যবসা করে না। বরং সেই টাকা থেকে শুধু খায় ও পান করে। তবুও তার উপর যাকাত ফরয। অতএব ব্যবহৃত অলংকার বর্ধনশীল না হলেও তার উপর যাকাত ফরয।<sup>১১০</sup>

### নগদ অর্থের যাকাত

প্রাথমিক যুগের মানুষ নগদ অর্থ বলতে কিছুই জানত না। তারা পণ্যের বিনিময়ে পণ্য লেনদেন করত। তারপর ধীরে ধীরে নগদ অর্থের ব্যবহার শুরু হয়েছে। সাথে সাথে স্বর্ণ ও রৌপ্য বিশেষ বস্তু হিসাবে গৃহীত হয়েছে। যখন রাসূলুল্লাহ (ছাঃ) প্রেরিত হলেন, তৎকালীন আরব সমাজ স্বর্ণ ও রৌপ্যমুদ্রার মাধ্যমে নিজেদের মধ্যকার ক্রয়-বিক্রয় সম্পন্ন করত। স্বর্ণ দিয়ে তৈরী হত ‘দীনার’, আর রৌপ্য দিয়ে তৈরী হত ‘দিরহাম’। কিন্তু তা ছোট ও বড় হওয়ায় ওয়নের তারতম্য হত। এই কারণে জাহেলী যুগে মক্কার লোকেরা তা গণনার ভিত্তিতে ব্যবহার করত না, বরং তারা ওয়নের ভিত্তিতে ব্যবহার করত। মূলত

১০৯. মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন, শারহুল মুমতে ৬/১৩০ পঃ।

১১০. তদেব।

এই কারণেই স্বর্ণ ও রৌপ্যের নিছাব যথাক্রমে ২০ দীনার ও ২০০ দিরহামকে ওয়নের ভিত্তিতে ৮৫ গ্রাম স্বর্ণ ও ৫৯৫ গ্রাম রৌপ্য ধার্য করা হয়েছে।

### নগদ অর্থের নিছাব

বর্তমান পৃথিবীতে মানুষ যে মুদ্রার মাধ্যমে লেন দেন করছে সেটা দিরহাম, দীনার, ডলার, টাকা যাই হোক না কেন, তা যদি স্বর্ণ বা রৌপ্যের নিছাবের মূল্যে পৌছে এবং ঐ মুদ্রার উপর এক বৎসর সময়কাল অতিবাহিত হয়, তাহলে তার উপর যাকাত ফরয। রাসূলুল্লাহ (ছাঃ)-এর যামানায় এক দীনার সমান দশ দিরহাম হত। সুতরাং বিশ দীনার স্বর্ণ ও দুইশত দিরহাম রৌপ্যের মান সমান ছিল। যার কারণে রাসূলুল্লাহ (ছাঃ) স্বর্ণ ও রৌপ্যের নিছাব যথাক্রমে বিশ দীনার ও দুইশত দিরহাম বলে উল্লেখ করেছেন। কিন্তু বর্তমান বিশে উল্লিখিত পরিমাণ স্বর্ণ ও রৌপ্যের মানে বড় পার্থক্য পরিলক্ষিত হয়। এক্ষণে আমরা কি নগদ অর্থের নিছাব স্বর্ণের উপর ভিত্তি করে নির্ধারণ করব, না রৌপ্যের উপর ভিত্তি করে নির্ধারণ করব? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। স্বর্ণের মূল্যমান রূপা অপেক্ষা স্থিতিশীল এবং বিশ্বব্যাপী গ্রহণযোগ্য বিধায় অধিকাংশ বিদ্বান স্বর্ণের হিসাব অনুযায়ী যাকাত দেওয়ার পক্ষে মত প্রকাশ করেন। তবে যেহেতু যাকাত সম্পদ পবিত্র ও পরিশুল্দ হওয়ার মাধ্যম তাই রৌপ্যের হিসাবেও অর্থের যাকাত প্রদান করা যেতে পারে।

### চাকুরিজীবীদের প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত টাকার যাকাত আদায়ের বিধান

প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত টাকা খরচ করার ব্যাপারে মালিকের স্বাধীনতা থাকলে অর্থাৎ যেকোন সময়ে উঠানে সন্তুষ্ট হলে যাকাত দিতে হবে। আর স্বাধীনতা না থাকলে যখন পাবে তখন সব টাকার যাকাত দিতে হবে। কারণ যাকাত বের করার জন্য কয়েকটি শর্ত রয়েছে। তার মধ্যে একটি হচ্ছে- সম্পদের উপর মালিকের স্বাধীনতা থাকা।<sup>১১</sup>

---

১১১. ফিদুহস সুন্নাহ ১/৩৯৫ পৃঃ।

নির্দিষ্ট মেয়াদের ভিত্তিতে ব্যাংকে জমাকৃত টাকার যাকাত আদায়ের বিধান প্রথমতঃ মানুষ অধিক লাভের আশায় নির্দিষ্ট মেয়াদের ভিত্তিতে ব্যাংকে টাকা জমা করে; যা সম্পূর্ণরূপে সুদের অন্তর্ভুক্ত। আর ইসলামে সুদ হারাম। আল্লাহ তা'আলা বলেন,

الَّذِينَ يُأْكِلُونَ الرِّبَّا لَا يَقُولُونَ إِلَّا كَمَا يَقُومُ الَّذِي يَتَخَبَّطُهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ  
ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا إِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبَّا وَأَحَلَ اللَّهُ الْبَيْعَ وَ حَرَّمَ الرِّبَّا -

‘যারা সুদ খায় তারা সেই ব্যক্তির ন্যায় দাঁড়াবে যাকে শয়তান স্পর্শ দ্বারা পাগল করে। ইহা এইজন্য যে, তারা বলে, ক্রয়-বিক্রয় তো সুদের মত। অথচ আল্লাহ ক্রয়-বিক্রয়কে হালাল ও সুদকে হারাম করেছেন’ (বাক্তুরাহ ২/২৭৫)।

হাদীছে এসেছে,

عَنْ جَابِرٍ قَالَ لَعَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكَلَ الرِّبَّا وَمُوْكَلُهُ وَكَاتِبُهُ  
وَشَاهِدِيهِ وَقَالَ هُمْ سَوَاءٌ -

জাবের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ‘রাসূলুল্লাহ (ছাঃ) লান্ত করেছেন সুদ দাতা, সুদ গ্রহীতা, সুদের হিসাব লেখক এবং সুদের সাক্ষীদ্বয়ের উপর এবং বলেছেন, (পাপের দিক থেকে) তারা সকলেই সমান’।<sup>১১২</sup>

দ্বিতীয়তঃ নির্দিষ্ট মেয়াদের ভিত্তিতে ব্যাংকে জমাকৃত অর্থ নিছাব পরিমাণ হলে তার যাকাত আদায় করতে হবে। কারণ এ টাকার উপর ব্যক্তির পূর্ণ মালিকানা থাকে। সে ইচ্ছা করলে যখন-তখন তা উঠিয়ে খরাচ করতে পারে।

### মুদ্রাসমূহের যাকাত বের করার পদ্ধতি

মুদ্রার যাকাত বের করার জন্য সমস্ত সম্পদকে ৪০ দ্বারা ভাগ করে এক ভাগ বা ২.৫০% যাকাত দিতে হবে। আর এটাই স্বর্ণ-রৌপ্য ও এর হুকুমে যা আসে তার যাকাত। যেমন কাঠো নিকট  $8,00,000/=$  টাকা রয়েছে। উক্ত টাকার যাকাত বের করার নিয়ম হল,  $8,00,000 \div 40 = 10,000/=$  টাকা। উল্লিখিত পদ্ধতিতে  $8,00,000/=$  টাকা থেকে যাকাত হিসাবে  $10,000/=$  টাকা দান করতে হবে।

১১২. মুসলিম হা/১৫৯৮; মিশকাত হা/২৮০৭।

## চতুর্থ পরিচ্ছেদ

### জমিতে উৎপাদিত ফল ও ফসলের যাকাত

জমিতে উৎপাদিত ফল ও ফসলের যাকাত ফরয হওয়ার দলীল :

আল্লাহ তা'আলা মানুষকে আশরাফুল মাখলুকাত তথা সৃষ্টির শ্রেষ্ঠ জীব হিসাবে  
পৃথিবীতে প্রেরণ করেছেন। আর পৃথিবীকে করেছেন মানুষের জন্য বসবাস  
উপযোগী আবাস। যমীনকে করেছেন মানুষের জীবিকা নির্বাহের প্রধান উৎস।  
আল্লাহ তা'আলা বলেন,

وَلَقَدْ مَكَّنَاهُمْ فِي الْأَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ قَلِيلًاً مَا تَشْكُرُونَ -

‘আমরা তোমাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠিত করেছি এবং সেখানে তোমাদের  
জীবিকার ব্যবস্থাও করেছি। তোমরা অল্লাই কৃতজ্ঞতা স্বীকার কর’ (আরাফ  
৭/১০)। তিনি অন্যত্র বলেন,

أَفَرَأَيْتُمْ مَا تَحْرُثُونَ - إِنَّمَا تَرْرَعُونَهُ أَمْ نَحْنُ الَّرَّارِغُونَ - لَوْ نَشَاءُ لَجَعَلْنَا هُنَّا  
فَظَلَّتْمُ تَعْكَهُونَ - إِنَّا لَمُغْرِمُونَ - بَلْ نَحْنُ مَحْرُومُونَ -

‘তোমরা যে বীজ বপন কর, সে সম্পর্কে ভেবে দেখেছ কি? তোমরা কি তাকে  
অংকুরিত কর, না আমরা অংকুরিত করি? আমরা ইচ্ছা করলে তাকে খড়কুটায়  
পরিণত করতে পারি, তখন তোমরা হতবুদ্ধি হয়ে পড়বে। বলবে, আমরা তো  
খণ্ডের চাপে পড়ে গেলাম; বরং আমরা হত সর্বস্ব হয়ে পড়লাম’ (ওয়াকি'আ  
৫৬/৬৩-৬৭)। তিনি অন্যত্র বলেন,

فَلَيَنْطِرُ الْإِنْسَانُ إِلَى طَعَامِهِ - أَنَّا صَبَبْنَا الْمَاءَ صَبَّاً - ثُمَّ شَقَقْنَا الْأَرْضَ شَقَّاً -  
فَأَنْبَتْنَا فِيهَا حَبَّاً - وَعَنْبَأَا وَقَضْبَأَا - وَزَيْتُونَا وَنَخْلَأَا - وَحَدَائِقَ غُلْبَأَا - وَفَاكِهَةَ وَأَبَأَا -  
مَنَاعَأَا لَكُمْ وَلَأَنْعَامِكُمْ -

‘মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করলে, আমরাই প্রচুর পানি বর্ষণ করেছি,  
এরপর আমরা ভূমিকে বিদীর্ণ করেছি, অতঃপর তাতে উৎপন্ন করেছি শস্য,

আঙুর, শাক-সজি, যয়তুন, খেজুর, ঘন উদ্যান, ফল এবং ঘাস তোমাদের ও তোমাদের চতুর্ষপদ জন্মদের উপকারার্থে’ (আবাসা ৮০/২৪-৩২)।

আল্লাহ তা'আলা যমীনকে যেমন মানুষের জীবিকা নির্বাহের প্রধান উৎস বানিয়েছেন, তেমনি তা হতে উৎপাদিত ফসলের যাকাত ফরয করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفَقُوا مِنْ طَبِيعَاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُمْ مِنَ الْأَرْضِ  
وَلَا تَيْمِمُوا الْحَبِيثَ مِنْهُ تُنْفِقُونَ وَلَسْتُمْ بِآخِذِيهِ إِلَّا أَنْ تُعْمِضُوا فِيهِ وَأَعْلَمُوا أَنْ  
اللَّهُ غَنِيٌّ حَمِيدٌ۔

‘হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমরা যা ভূমি হতে তোমাদের জন্য উৎপাদন করে দেই তন্মধ্যে যা উৎকৃষ্ট তা ব্যয় কর এবং তার নিকৃষ্ট বস্তু ব্যয় করার সংকল্প কর না; অথচ তোমরা তা গ্রহণ করবে না, যদি না তোমরা চোখ বন্ধ করে থাক। আর জেনে রেখ যে, নিশ্চয়ই আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত’ (বাকুরাহ ২/২৬৭)। তিনি অন্যত্র বলেন,

وَهُوَ الَّذِي أَنْشَأَ جَنَّاتٍ مَعْرُوفَاتٍ وَغَيْرَ مَعْرُوفَاتٍ وَالنَّخْلَ وَالزَّرْعَ مُخْتَلِفًا  
أُكْلُهُ وَالزَّيْتُونُ وَالرُّمَانُ مُتَشَابِهًا وَغَيْرَ مُتَشَابِهٍ كَلُّوْمِنْ ثَمَرِهِ إِذَا أَثْمَرَ وَأَثُرَ حَقَّهُ  
يَوْمَ حَصَادِهِ وَلَا سُرِفُوا إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ۔

‘তিনিই লতা ও বৃক্ষ-উদ্যানসমূহ সৃষ্টি করেছেন এবং খেজুর গাছ, বিভিন্ন স্বাদ বিশিষ্ট খাদ্যশস্য, যয়তুন ও ডালিমও সৃষ্টি করেছেন; এগুলি একে অপরের সদৃশ এবং বিসদৃশও। যখন তা ফলবান হয় তখন তার ফল আহার করবে আর ফসল কাটার দিনে তার হক (যাকাত) প্রদান করবে এবং অপচয় করবে না; নিশ্চয়ই তিনি অপচয়কারীদেরকে ভালবাসেন না’ (আন'আম ৬/১৪১)।

### কৃষিপণ্যের যাকাতের নিছাব ও পরিমাণ

কৃষিপণ্যের যাকাতের নিছাব সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

لَيْسَ فِيمَا أَقْلَ مِنْ خَمْسَةِ أَوْ سُقْ صَدَقَةً۔

‘পাঁচ ওয়াসাক-এর কম উৎপন্ন ফসলের যাকাত নেই’।<sup>১১৩</sup>

‘ওয়াসাক’-এর পরিমাণ : ১ ওয়াসাক সমান ৬০ ছা’। অতএব ৫ ওয়াসাক সমান  $60 \times 5 = 300$  ছা’। ১ ছা’ সমান ২ কেজি ৫০০ গ্রাম হলে ৩০০ ছা’ সমান ৭৫০ কেজি হয়। অর্থাৎ ১৮ মন ৩০ কেজি। এই পরিমাণ শস্য বৃষ্টির পানিতে উৎপাদিত হলে ১০ ভাগের ১ ভাগ যাকাত ফরয। আর নিজে পানি সেচ দিয়ে উৎপাদন করলে ২০ ভাগের ১ ভাগ যাকাত ফরয।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

فِيمَا سَقَتِ السَّمَاءُ وَالْعُيُونُ أَوْ كَانَ عَنْرِيَا الْعُشْرُ، وَمَا سُقِيَ بِالنَّصْحِ نِصْفُ الْعُشْرِ -

‘বৃষ্টি ও ঝর্ণার পানি দ্বারা সিক্ত ভূমিতে উৎপাদিত ফসল বা নালার পানিতে উৎপন্ন ফসলের উপর ‘ওশর’ (দশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব। আর সেচ দ্বারা উৎপাদিত ফসলের উপর ‘অর্ধ ওশর’ (বিশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব’।<sup>১১৪</sup>

## বৃষ্টির পানি ও কৃত্রিম সেচ উভয় মাধ্যমে উৎপাদিত শস্যের যাকাতের পরিমাণ

যে শস্য শুধুমাত্র বৃষ্টির পানি অথবা শুধুমাত্র কৃত্রিম সেচের মাধ্যমে উৎপন্ন হয় না। বরং কিছু অংশ বৃষ্টির পানিতে এবং কিছু অংশ কৃত্রিম সেচের মাধ্যমে উৎপন্ন হয়, সে শস্যের যাকাত বের করার নিয়ম হল, যদি বৃষ্টির পানির পরিমাণ বেশী হয় তাহলে অর্থাৎ দশ ভাগের এক ভাগ যাকাত দিতে হবে। আর কৃত্রিম সেচের পরিমাণ বেশী হলে অর্থাৎ বিশ ভাগের এক ভাগ যাকাত দিতে হবে। আর যদি অর্ধাংশ বৃষ্টির পানিতে এবং অর্ধাংশ কৃত্রিম সেচের মাধ্যমে উৎপন্ন হয় তাহলে অর্থাৎ দশ ভাগের তিন-চতুর্থাংশ যাকাত দিতে হবে। অর্থাৎ কারো ২০ মণ ধান উৎপন্ন হওয়ার

১১৩. বুখারী হা/১৪৮৪, ‘যাকাত’ অধ্যায়, ঐ, বঙ্গনুবাদ (তাওহীদ পাবলিকেশন) ২/১২০ পঃ; মুসলিম হা/৯৭৯; মিশকাত হা/১৭৯৪।

১১৪. বুখারী হা/১৪৮৩, ‘যাকাত’ অধ্যায়, ঐ, বঙ্গনুবাদ ২/১১৯ পঃ; মিশকাত হা/১৭৯৭।

জন্য বৃষ্টির পানির পরিমাণ বেশী হলে তার দশ ভাগের এক ভাগ অর্থাৎ দুই মণ যাকাত দিতে হবে। আর কৃত্রিম সেচের পরিমাণ বেশী হলে বিশ ভাগের এক ভাগ অর্থাৎ এক মণ যাকাত দিতে হবে। আর অর্ধাংশ বৃষ্টির পানি ও অর্ধাংশ নিজের সেচের মাধ্যমে উৎপন্ন হলে তার দশ ভাগের তিন-চতুর্থাংশ অর্থাৎ এক মণ বিশ কেজি যাকাত দিতে হবে। ইবনু কুদামা (রহঃ) বলেন, এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে কোন মতভেদ আছে বলে আমার জানা নেই।<sup>১১৫</sup>

### এক শস্য অন্য শস্যের নিছাব পূর্ণ করবে কি?

কোন ব্যক্তির ১০ মণ ধান ও ১০ মণ গম উৎপন্ন হলে সে কি উভয় শস্য একত্রিত করে যাকাত আদায় করবে? না-কি পৃথকভাবে কোনটি নিছাব পরিমাণ না হওয়ায় যাকাত আদায় করা থেকে বিরত থাকবে? এ ব্যাপারে ছাইহ মত হল, গম, ঘব, ধান ইত্যাদি প্রত্যেকটি পৃথক শস্য। অতএব শস্যগুলি পৃথকভাবে নিছাব পরিমাণ হলেই কেবল যাকাত ফরয। অন্যথা ফরয নয়। তবে একই শস্যের বিভিন্ন শ্রেণী একই নিছাবের অন্তর্ভুক্ত। যেমন মিনিকেট, পারিজা, চায়না, স্বর্ণা সহ বিভিন্ন শ্রেণীর ধান একই নিছাবের অন্তর্ভুক্ত।<sup>১১৬</sup>

### যে সকল শস্যের যাকাত ফরয

যে সকল শস্য জমিতে উৎপন্ন হয় তা যদি মানুষের সাধারণ খাদ্য হিসাবে বিবেচিত হয় এবং তা ওয়ন ও গুদামজাত করা যায়, সে সকল শস্যই কেবল যাকাত ফরয। হাদীছে এসেছে,

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ قَالَ إِنَّمَا سَنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّكَأَةِ فِي  
هَذِهِ الْأَرْبَعَةِ الْحِنْطَةِ وَالشَّعِيرِ وَالزَّيْبِ وَالثَّمِيرِ -

ওমর ইবনুল খাত্বাব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) গম, ঘব, কিসমিস এবং খেজুর এই চারটি শস্যের যাকাত প্রবর্তন করেছেন।<sup>১১৭</sup>

১১৫. ইবনু কুদামা, শারহল কাবীর ২/৫৬৩ পৃঃ; মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন, শারহল মুমতে' ৬/৭৮ পৃঃ; ফাতাওয়া লাজনাহ দায়েমাহ ৯/১৭৬ পৃঃ; ফিকহস সুন্নাহ ১/৩৫৪ পৃঃ; নায়লুল আওতার ৪/২১০১ পৃঃ; ইউসুফ কারযাবী, ফিকহয যাকাত ১/৩৩৩ পৃঃ।

১১৬. ছাইহ ফিকহস সুন্নাহ ২/৪৫ পৃঃ।

১১৭. সুনানুদ দারাকুতনী হ/১৯৩৬; সিলসিলা ছাইহা হ/৮-৭৯।

অন্য হাদীছে এসেছে,

عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ قَالَ عِنْدَنَا كِتَابٌ مُعَاذٌ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ  
إِنَّمَا أَخْذَ الصَّدَقَةَ مِنَ الْحِنْطَةِ وَالشَّعِيرِ وَالزَّيْبِ وَالثَّمْرِ -

মূসা ইবনু আলহা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) কর্তৃক  
মু‘আয (রাঃ)-এর নিকট প্রেরিত পত্র আমাদের নিকট ছিল। যাতে তিনি গম,  
যব, কিসিমিস ও খেজুরের যাকাত গ্রহণ করেছেন।<sup>১১৮</sup>

উল্লিখিত হাদীছদ্বয়ে বর্ণিত চারটি শস্যের যাকাতের কথা বলা হলেও এই  
চারটিকেই নির্দিষ্ট করা হয়নি। বরং ওয়ন ও গুদামজাত সম্মত সম্মত সকল শস্যই এর  
অন্তর্ভুক্ত। যেমন ধান, ভুট্টা ইত্যাদি।

অতএব গুদামজাত অসম্মত এমন শস্যের যাকাত ফরয নয়। যেমন শাক-  
সবজি বা কাঁচা মালের কোন যাকাত (ওশর) নেই। রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ  
করেন, ‘শাক-সজিতে কোন যাকাত (ওশর)  
নেই’।<sup>১১৯</sup> উল্লেখ্য যে, এ জাতীয় সম্পদের বিক্রয়লক্ষ অর্থ এক বছর অতিক্রম  
করলে এবং নিচাব পরিমাণ হলে শতকরা ২.৫০ টাকা হারে যাকাত দিতে  
হবে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘لَا زَكَاةَ فِي مَالٍ حَتَّىٰ يَحُولَ عَلَيْهِ الْحَوْلُ’  
'এক বছর পূর্ণ হওয়ার পূর্বে মালের যাকাত নেই'।<sup>১২০</sup>

### কখন শস্যের যাকাত ফরয?

শস্য যখন পরিপক্ষ হবে এবং তা কর্তন করা হবে তখন শস্যের যাকাত আদায়  
করতে হবে। আল্লাহ তা‘আলা বলেন, ‘وَأَنُوا حَقَّهُ يَوْمٌ حَصَادُهُ’ ফসল তুলবার  
দিনে তার হক (যাকাত) প্রদান করবে’ (আন‘আম ৬/১৪১)।

উল্লেখ্য যে, শস্য কর্তন করে তা সংরক্ষণের যথাস্থানে রাখার পূর্বে নষ্ট বা  
হারিয়ে গেলে তার উপর যাকাত ফরয নয়। তবে তা সংরক্ষণের যথাস্থানে

১১৮. মুসলাদে আহমাদ হা/২২০৪১; সিলসিলা ছহীহা, হা/৮৭৯।

১১৯. ছহীহ জামেউছ ছগীর হা/৫৪১১, আলবানী, সনদ ছহীহ।

১২০. তিরিমিয়া হা/৬৩২; ইবনু মাজাহ হা/১৭৯২; আলবানী, সনদ ছহীহ।

রাখার পরে মালিকের অলসতা বা অবহেলার কারণে নষ্ট হলে বা হারিয়ে গেলে তার উপর যাকাত ফরয। আর তা সংরক্ষণের যথাসাধ্য চেষ্টা করার পরে নষ্ট বা হারিয়ে গেলে তার উপর যাকাত ফরয নয়।<sup>১২১</sup>

## শস্য উৎপাদনের ব্যয় বাদ দিয়ে যাকাত ফরয কি?

রাসূলুল্লাহ (ছাঃ) উৎপাদন খরচের দিকে লক্ষ্য রেখেই ফসলের যাকাতের পরিমাণ নির্ধারণ করেছেন। আর সেচ হচ্ছে উৎপাদনের প্রধান খরচ। তাই এর উপর ভিত্তি করে যাকাতের পরিমাণ নির্ধারণ করে দিয়েছেন। তিনি বলেন,

فِيمَا سَقَتِ السَّمَاءُ وَالْعُيُونُ أَوْ كَانَ عَثَرِيًّا الْعُشْرُ، وَمَا سُقِيَ بِالنَّضْحِ نِصْفُ الْعُشْرِ -

‘বৃষ্টি ও ঝর্ণার পানি দ্বারা সিক্ত ভূমিতে উৎপাদিত ফসল বা নালার পানিতে উৎপন্ন ফসলের উপর ‘ওশর’ (দশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব। আর সেচ দ্বারা উৎপাদিত ফসলের উপর ‘অর্ধ ওশর’ (বিশ ভাগের এক ভাগ) যাকাত ওয়াজিব।’<sup>১২২</sup>

অত্র হাদীছে বর্ণিত সেচ দ্বারা উদ্দেশ্য হল, উৎপাদন ব্যয়। কেননা সেচের মাধ্যমে মূলত উৎপাদন কর্ম-বেশী হয় না; বরং খরচ কর্ম-বেশী হয়। আর এই খরচের কর্ম-বেশীর কারণে যাকাতের হারের কর্ম-বেশী করা হয়েছে। এছাড়াও সেচ ব্যতীত অন্যান্য খরচের কারণে উৎপাদন বৃদ্ধি পায়। কৃষক যা খরচ করেন তার বিনিময়ে অতিরিক্ত উৎপাদন লাভ করেন। অতএব খরচ যাই হোক না কেন তা বাদ না দিয়ে উৎপাদিত পূর্ণ শস্যের যাকাত আদায় করতে হবে।

উল্লেখ্য যে, শস্য উৎপাদনের ক্ষেত্রে যদি কেউ খণ্ড করে থাকে, তাহলে শস্য কর্তনের পরে প্রথমে শস্য উৎপাদনের জন্য যে খণ্ড নিয়েছে তা পরিশোধ করে অবশিষ্ট শস্যের যাকাত আদায় করতে পারে।

ইবনু আবুবাস (রাঃ) বলেন,

يَقْضِي مَا أَنْفَقَ عَلَى الشَّمَرَةِ، ثُمَّ يُرْكَى مَا بَقِيَ -

১২১. শারহুল মুমতে' ৬/৮২ পৃঃ।

১২২. বুখারী হা/১৪৮৩, ‘যাকাত’ অধ্যায়, এই, বঙ্গানুবাদ ২/১১৯ পৃঃ; মিশকাত হা/১৭৯৭।

‘প্রথমত ফল উৎপাদনে যা ব্যয় করেছে তা পরিশোধ করবে, অতঃপর অবশিষ্টাংশের যাকাত আদায় করবে’।<sup>১২৩</sup> ইবনু ওমর (রাঃ) বলেন,

يَدُّا بِمَا اسْتَقْرَضَ، ثُمَّ يُرَكِّبُ مَا بَقِيَ -

‘প্রথমে যে খণ্ড নিয়েছে তা পরিশোধ করবে। অতঃপর অবশিষ্টাংশের যাকাত আদায় করবে’।<sup>১২৪</sup>

### বাস্তরিক লিজ নেয়া জমি থেকে উৎপাদিত শস্যের যাকাত

লীজের টাকা বাদ দিয়ে বাকী শস্যের যাকাত আদায় করতে হবে, না-কি উৎপাদিত সমুদয় শস্য হিসাব করে যাকাত দিতে হবে? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে গ্রহণীয় মত হল, জমিতে উৎপাদিত শস্য নিছাব পরিমাণ হলে তার ওশর বা যাকাত প্রদান করা আবশ্যিক। আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفِقُوا مِنْ طَيِّبَاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُمْ مِنَ الْأَرْضِ -

‘হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমি যা ভূমি হতে তোমাদের জন্য উৎপাদন করে দেই তন্মধ্যে যা উৎকৃষ্ট তা ব্যয় কর (যাকাত দাও)’ (বাক্তুরাহ ২/২৬৭)।

### খাজনার জমিতে উৎপাদিত শস্যের যাকাতের বিধান

যে জমির খাজনা দিতে হয় সে জমি হতে উৎপাদিত শস্যের ওশর বা যাকাত আদায় করতে হবে। ওমর বিন আব্দুল আয়ীয় (রহঃ)-কে এ বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি বলেন,

الْخَرَاجُ عَلَى الْأَرْضِ وَفِي الْحَبْ الزَّكَاةِ -

১২৩. সুনামুল কুবরা লিল বায়হাক্তী হা/৭৮৫৮।

১২৪. সুনামুল কুবরা লিল বায়হাক্তী হা/৭৩৯৭; সদন ছহীহ, আহমাদ শাকের, কিতাবুল খারাজ ১৫৩ পৃঃ।

‘খাজনা হল জমির উপর এবং যাকাত (ওশর) হল ফসলের উপর’।<sup>১২৫</sup>

পক্ষান্তরে খাজনার জমিতে ওশর দিতে হয় না মর্মে নিম্নোক্ত দলীল পেশ করা হয়ে থকে, - لَا يَجْتَمِعُ عَلَى الْمُسْلِمِ خِرَاجٌ وَعُشْرٌ - ‘মুসলমানের উপর একই সাথে খাজনা ও ওশর একত্রিত হয় না’।<sup>১২৬</sup>

ইমাম বায়হাকী (রহঃ) উল্লিখিত হাদীছটিকে বাতিল বলে উল্লেখ করেছেন। কারণ উল্লিখিত হাদীছের বর্ণনাকারী ইয়াহইয়া ইবনু আনবাসাহ হাদীছ জাল করার দোষে দুষ্ট।<sup>১২৭</sup>

### জমিতে শস্যের পরিবর্তে মাছের চাষ করা হলে তার যাকাতের বিধান

কোন জমিতে শস্যের পরিবর্তে মাছের চাষ করলে মাছের ওশর বা যাকাত দিতে হবে না। কারণ মাছের কোন ওশর নেই। তবে মাছের চাষ যদি ব্যবসায় পরিণত হয়, তাহলে বছর শেষে মূলধন ও লভ্যাংশ হিসাব করে নিছাব পরিমাণ হলে তা থেকে শতকরা ২.৫ টাকা হারে যাকাত আদায় করতে হবে।

### আলুর যাকাতের বিধান

আলুর ওশর বা যাকাত দিতে হবে না। কেননা যমীন থেকে উৎপাদিত যেসব খাদ্য-শস্য স্বাভাবিকভাবে এক বছর পর্যন্ত থাকে না বরং তার আগেই পচন দেখা দেয়, সেগুলোর ওশর নেই। তবে এগুলির বিক্রয়লক্ষ টাকা যদি এক বছর সঞ্চিত থাকে এবং নিছাব পরিমাণ হয়, তাহলে শতকরা ২.৫ টাকা বা ৪০ ভাগের ১ ভাগ হিসাবে তার যাকাত দিতে হবে।<sup>১২৮</sup>

### মধুর যাকাতের ত্রুটি

আল্লাহ তা‘আলা মানুষকে যেসব নে‘আমত দান করেছেন তার মধ্যে মধু অন্যতম। তিনি বলেন,

১২৫. সুনানুল কুবরা লিল বায়হাকী হা/৭৭৪৬।

১২৬. সুনানুল কুবরা লিল বায়হাকী হা/৭৭৪৮।

১২৭. তদেব।

১২৮. ফিকৃহস সুন্নাহ ১/৩৩৪-৩৬ পৃঃ।

وَأَوْحَى رَبُّكَ إِلَيَّ النَّحْلَ أَنَّ اتَّخِذِي مِنَ الْجِبَالِ بُيُوتًا وَمِنَ الشَّجَرِ وَمِمَّا يَعْرِشُونَ - ثُمَّ كُلِّي مِنْ كُلِّ الشَّمَرَاتِ فَاسْلُكِي سُبُّلَ رَبِّكَ ذُلْلًا يَخْرُجُ مِنْ بُطُونِهَا شَرَابٌ مُخْتَلِفٌ أَلْوَانُهُ فِيهِ شِفَاءٌ لِلنَّاسِ إِنَّ فِي ذَلِكَ لَآيَةً لِقَوْمٍ يَتَفَكَّرُونَ -

‘আর তোমার রব মৌমাছিকে ইংগিতে জানিয়েছেন যে, তুমি পাহাড়ে ও গাছে এবং তারা যে গৃহ নির্মাণ করে তাতে নিবাস বানাও। অতঃপর তুমি প্রত্যেক ফল থেকে আহার কর এবং তুমি তোমার রবের সহজ পথে চল। তার পেট হতে এমন পানীয় বের হয়, যার রং ভিল্ল ভিল্ল, যাতে রয়েছে মানুষের জন্য রোগ নিরাময়। নিশ্চয়ই এতে নির্দর্শন রয়েছে সে কওমের জন্য, যারা চিন্তা করে’ (নাহল ১৬/৬৮-৬৯)।

এক্ষণে প্রশ্ন হল, মানুষের উপর আল্লাহ তা‘আলার দানকৃত উপরোক্ত নে‘মত মধুর যাকাত আদায় করতে হবে কি-না? এ ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, মধুর যাকাত আদায় করতে হবে না। কেননা তা প্রথমতঃ কুরআন ও ছহীহ হাদীছের দলীল দ্বারা সাব্যস্ত নয়। দ্বিতীয়তঃ তা এক প্রকার প্রাণীর পেট থেকে বের হয় যা গাভীর দুধের মত। সুতরাং দুধের যেমন যাকাত ফরয নয়, তেমনি মধুর যাকাত ফরয নয়।<sup>১২৯</sup>

১২৯. শারহল মুমতে‘ আলা যাদিল মুস্তাকনি‘ ৬/৮-৭-৮-৮ পৃঃ; ফিকৃহস সুন্নাহ ২/৫০-৫২ পৃঃ।

## পঞ্চম পরিচ্ছেদ

### ব্যবসায়িক মালের যাকাত

**ব্যবসায়িক মালের যাকাত ফরয হওয়ার দলীল :**

আল্লাহ তা'আলা মুসলমানদের জন্য হালাল বস্তুর ব্যবসা হালাল করেছেন এই শর্তে যে, তারা তাদের ব্যবসায় ইসলামী বিধি-বিধান লংঘন করবে না এবং আমানতদারী ও সততা সর্বতোভাবে রক্ষা করবে। আল্লাহ তা'আলা বলেন, ‘আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন’ (বাকুরাহ ২/২৭৫)। আল্লাহ তা'আলা'র হালালকৃত ব্যবসায় যে সকল মাল ক্রয়-বিক্রয় করা হয় তাতে যাকাত ফরয।

আল্লাহ তা'আলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَنْفَقُوا مِنْ طَبَّاتِ مَا كَسَبْتُمْ وَمِمَّا أَخْرَجْنَا لَكُمْ مِنَ الْأَرْضِ  
وَلَا تَيَمِّمُوا الْخَبِيثَ مِنْهُ تُنْفِقُونَ وَلَسْتُمْ بِآخِذِيهِ إِلَّا أَنْ تُعْمِلُوا فِيهِ وَاعْلَمُوا أَنَّ  
اللَّهَ غَنِيٌّ عَنِّيْ حَمِيدٌ -

‘হে মুমিনগণ! তোমরা যা উপার্জন কর এবং আমি যা ভূমি হতে তোমাদের জন্য উৎপাদন করে দেই তন্মধ্যে যা উৎকৃষ্ট তা ব্যয় কর এবং তার নিকৃষ্ট বস্তু ব্যয় করার সংকল্প কর না; অথচ তোমরা তা গ্রহণ করবে না, যদি না তোমরা চোখ বন্ধ করে থাক। আর জেনে রেখ যে, নিশ্চয়ই আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত’ (বাকুরাহ ২/২৬৭)।

অত্র আয়াতে বর্ণিত **‘তোমরা যা উপার্জন কর’** দ্বারা ব্যবসায়িক মালকে বুঝানো হয়েছে। ইমাম বুখারী (রহঃ) বাব صَدَّقَةِ الْكَسْبِ তথা ‘উপার্জিত ও ব্যবসায়িক মালের যাকাত’ শিরোনামে অনুচ্ছেদ রচনা করেছেন।

আল্লাহ অন্যত্র বলেন,

وَفِي أَمْوَالِهِمْ حَقٌّ لِلصَّالِحِينَ وَالْمَحْرُومُونَ -

‘আর তাদের ধন-সম্পদে রয়েছে প্রার্থী ও বাস্তিতের হক’ (যারিয়াত ৫১/১৯)।

তিনি অন্যত্র বলেন,

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُرْكِيْهُمْ بِهَا -

‘তাদের সম্পদ হতে ছাদাক্তাহ গ্রহণ করবে। এর দ্বারা তুমি তাদেরকে পবিত্র করবে এবং পরিশোধিত করবে’ (তওবা ৯/১০৩)।

উল্লিখিত আয়াত সমূহে আল্লাহ তা‘আলা সম্পদের যাকাত আদায়ের নির্দেশ দিয়েছেন। ব্যবসায়িক মাল তা থেকে আলাদা নয়।

রাসূলুল্লাহ (ছাঃ) মু‘আয ইবনু জাবাল (রাঃ)-কে ইয়ামানে পাঠালেন এবং বললেন, তারা যদি দিন-রাত্রে পাঁচ ওয়াক্ত ছালাতকে মেনে নেয় তাহলে তাদেরকে জানিয়ে দাও যে,

أَنَّ اللَّهَ افْتَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً فِي أَمْوَالِهِمْ، تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ وَتُرْدَ عَلَى فُقَرَاءِهِمْ -

‘আল্লাহ তা‘আলা তাদের উপর তাদের সম্পদের মধ্য থেকে ছাদাক্তাহ (যাকাত) ফরয করেছেন। যেটা ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর দারিদ্রের মাঝে বণ্টন করা হবে’।<sup>১৩০</sup> আর ব্যবসায়িক সম্পদ হাদীছে উল্লিখিত মাল থেকে আলাদা নয়। অতএব তার উপর যাকাত ফরয।

ইবনু ওমর (রাঃ) বলেন,

لَيْسَ فِي الْعُرُوضِ زَكَّاهٌ إِلَّا مَا كَانَ لِلتَّجَارَةِ -

১৩০. বুখারী হ/১৩৯৫, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত ওয়াজিব হওয়া’ অনুচ্ছেদ, ঐ বঙ্গানুবাদ, ২/৭৫ পৃঃ: মুসলিম হ/১৯।

‘সম্পদের যাকাত নেই, কেবল ব্যবসায়িক সম্পদ ব্যতীত।’<sup>১৩১</sup>

ওমর ইবনু আবুল আয়ায় (রহঃ) তাঁর কর্মচারী রূয়াইক ইবনু হকাইমকে লিখে পাঠিয়েছিলেন যে,

أَنْ انْظُرْ مَنْ مَرَّ بِكَ مِنَ الْمُسْلِمِينَ فَعَخْذْ مِمَّا ظَهَرَ مِنْ أَمْوَالِهِمْ مِنْ التِّجَارَاتِ مِنْ كُلِّ أَرْبِعِينَ دِينَارًاً دِينَارًاً -

‘তোমার সামনে যে মুসলমানই আসবে তার ব্যবসায় ব্যবহৃত সব প্রকাশমান সম্পদ থেকে প্রতি চাল্লিশ দীনারে এক দীনার যাকাত গ্রহণ কর’<sup>১৩২</sup>

### ব্যবসায়িক মালের যাকাত ফরয হওয়ার শর্ত

(ক) যাকাত ফরয এমন দ্রব্য না হওয়া : মূলগত দিক থেকে যে দ্রব্যের যাকাত ফরয এমন বক্ষ না হওয়া। কেননা একই দ্রব্যের উভয় দিক থেকে বা দু’বার যাকাত আদায় করা সম্ভব নয়। যেমন- স্বর্ণ, রৌপ্য, গবাদী পশু ইত্যাদি নিছাব পরিমাণ হলে তার মালিকের উপর যাকাত ফরয। সুতরাং উল্লিখিত সম্পদ ব্যবসায়িক মালের অন্তর্ভুক্ত হলেও তার যাকাত মূলের দিক থেকেই আদায় হবে। ব্যবসায়িক দ্রব্য হিসাবে নয়।

(খ) ব্যবসায়িক পণ্যের মূল্য নিছাব পরিমাণ হওয়া : ব্যবসায়িক পণ্য নিছাব পরিমাণ হতে হবে। আর তা হল, ৮৫ গ্রাম স্বর্ণ অথবা ৫৯৫ গ্রাম রৌপ্যের মূল্যের সমপরিমাণ হওয়া।

(গ) পূর্ণ এক বছর মালিকানায় থাকা : নিছাব পরিমাণ ব্যবসায়িক পণ্য পূর্ণ এক বছর মালিকানায় থাকলেই কেবল যাকাত ফরয। অন্যথা যাকাত ফরয নয়।

### দৈনন্দিন প্রয়োজনীয় ব্যবসায়িক পণ্য-সামগ্রীর যাকাত

মানুষের দৈনন্দিন প্রয়োজনীয় পণ্য সামগ্রী যা দোকানে গচ্ছিত রেখে প্রতিনিয়ত ক্রয়-বিক্রয় করা হয়, তার যাকাত আদায় করা ফরয। আর এ

১৩১. সুনানুল কুবরা লিল বায়হাব্দী হা/৭৩৯৪; আলবানী সনদ ছহীহ।

১৩২. মুওয়াত্তা মালেক, হা/৮৮০।

সকল পণ্যের যাকাত আদায় করার জন্য মালিক তার দোকানে গচ্ছিত পণ্যের বর্তমান বাজারমূল্য হিসাব করে শতকরা ২.৫০ টাকা হারে যাকাত দিবেন। উল্লেখ্য যে, বিক্রয় করা হবে না এমন কোন জিনিস দোকানে থাকলে তার যাকাত আদায় করতে হবে না। যেমন ফ্রিজ যা পণ্যকে ঠাণ্ডা রাখার জন্য ব্যবহার হয়ে থাকে। অনুরূপভাবে দোকানের আসবাবপত্র যা বিক্রয় করা হয় না, তার যাকাত আদায় করতে হবে না।<sup>১৩০</sup>

### জমির যাকাত

আল্লাহ তা‘আলা মানুষকে যতগুলো সম্পদ দান করেছেন তার মধ্যে জমি অতি মূল্যবান একটি সম্পদ। এই মূল্যবান সম্পদের কখন ও কিভাবে যাকাত আদায় করতে হবে তা নিম্নে আলোচনা করা হল :

(ক) জমি যদি বসবাস অথবা চাষাবাদের কাজে ব্যবহৃত হয় তাহলে সেই জমির কোন যাকাত আদায় করতে হবে না। বরং উক্ত জমি থেকে যে শস্য উৎপাদিত হবে তা নিছাব পরিমাণ হলে তার ওশর বা যাকাত আদায় করতে হবে।

(খ) উক্ত জমি ভাড়ায় খাটানো হলে অথবা ভাড়া দেওয়ার উদ্দেশ্যে বিল্ডিং তৈরী করা হলে সেই জমির কোন যাকাত আদায় করতে হবে না। বরং তা থেকে অর্জিত নিছাব পরিমাণ অর্থ এক বছর অতিক্রম করলে শতকরা ২.৫০ টাকা হারে যাকাত দিতে হবে।

(গ) ব্যবসার উদ্দেশ্যে জমি ক্রয় করলে (সরাসরি উক্ত জমি বিক্রয় করে লাভ করার উদ্দেশ্য থাকলে) এবং তা এক বছর অতিক্রম করলে সেই জমির বর্তমান বিক্রয়মূল্য হিসাব করে শতকরা ২.৫০ টাকা হারে যাকাত দিতে হবে। উল্লেখ্য যে, উক্ত জমির বছর হিসাব করা হবে ঐ সময় থেকে, যখন থেকে তার নিকট জমি ক্রয় করার টাকা গচ্ছিত হয়েছে। এ সময় থেকে এক বছর অতিক্রম করলে উক্ত জমির বর্তমান মূল্যের শতকরা ২.৫০ টাকা হারে যাকাত প্রদান করবে। আর এক বছর অতিক্রম হওয়ার পূর্বেই জমি বিক্রয় করলে বিক্রয়লক্ষ টাকা নিছাব পরিমাণ হলে তা থেকে যাকাত আদায় করবে।

১৩০. ছহীহ ফিকহস সুন্নাহ ২/৫৭ পঃ।

অতএব মূল কথা হল, ব্যবসার উদ্দেশ্যে জমি ক্রয়-বিক্রয় করলেই কেবল সেই জমির বর্তমান বিক্রয়মূল্য হিসাব করে শতকরা ২.৫০ টাকা হারে যাকাত দিতে হবে। আর ব্যবসার উদ্দেশ্য না থাকলে সেই জমির কোন যাকাত আদায় করতে হবে না। বরং তা থেকে অর্জিত অর্থ নিছাব পরিমাণ হলে তার শতকরা ২.৫০ টাকা হারে যাকাত দিতে হবে।<sup>১৩৪</sup>

---

১৩৪. শরহল মুমতে' ৬/১৪২-১৪৩ পৃঃ।

# ষষ্ঠ পরিচ্ছেদ

## যাকাত বণ্টনের খাতসমূহ

### যাকাত বণ্টনের খাত ৮ টি

মহান আল্লাহ তা'আলা পবিত্র কুরআন মাজীদে যাকাত প্রদানের ৮টি খাত উল্লেখ করেছেন। তিনি বলেন,

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤْلَفَةِ قُلُوبُهُمْ وَفِي  
الرِّقَابِ وَالْغَارِمِينَ وَفِي سَبِيلِ اللَّهِ وَأَئْنَ السَّبِيلُ فِي رِبْضَةٍ مِّنَ اللَّهِ وَاللَّهُ عَلَيْهِ  
حَكِيمٌ

‘নিশ্চয়ই ছাদাক্তাহ্ (যাকাত) হচ্ছে ফকীর ও মিসকীনদের জন্য এবং এতে নিয়োজিত কর্মচারীদের জন্য, আর যাদের অন্তর আকৃষ্ট করতে হয় তাদের জন্য; (তা বণ্টন করা যায়) দাস আযাদ করার ক্ষেত্রে, ঝাগ়গ্রস্তদের মধ্যে, আল্লাহর রাস্তায় এবং মুসাফিরদের মধ্যে। এটি আল্লাহর পক্ষ হতে নির্ধারিত, আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়’ (তওবা ৯/৬০)।

উক্ত আয়াতে আল্লাহ তা'আলা যাকাত প্রদানের ৮টি খাত উল্লেখ করেছেন। নিম্নে প্রত্যেকটি খাত আলাদাভাবে আলোচনা করা হল-

(১) **ফকীর :** নিঃসম্বল ভিক্ষাপ্রার্থী। যাকে আল্লাহ তা'আলা যাকাতের ৮টি খাতের প্রথমেই উল্লেখ করেছেন। রাসূলুল্লাহ (ছাঃ) প্রতিনিয়ত দারিদ্র্য থেকে আল্লাহর নিকটে আশ্রয় প্রার্থনা করতেন। তিনি বলতেন, **اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ** ‘হে আল্লাহ! আমি তোমার নিকট কুফরী ও দারিদ্র্য থেকে আশ্রয় চাচ্ছি’<sup>১৩৫</sup> অতএব ফকীর যাকাতের মাল পাওয়ার হকদার। আল্লাহ তা'আলা বলেন,

إِنْ تُبَدِّلُوا الصَّدَقَاتِ فَعِمَّا هِيَ وَإِنْ تُخْفُوهَا وَتُؤْتُوهَا الْفُقَرَاءَ فَهُوَ خَيْرٌ لَكُمْ -

‘তোমরা যদি প্রকাশ্যে ছাদাক্তাহ প্রদান কর তবে উহা ভাল; আর যদি তা গোপনে কর এবং দরিদ্রদেরকে দাও তা তোমাদের জন্য আরো ভাল’ (বাক্তারাহ ২/২৭১)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

أَنَّ اللَّهَ افْتَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً فِي أَمْوَالِهِمْ، تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ وَتُرْدَ عَلَى فُقَرَائِهِمْ -

‘আল্লাহ তা‘আলা তাদের উপর তাদের সম্পদে ছাদাক্তাহ (যাকাত) ফরয করেছেন। যেটা তাদের ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর তাদের দরিদ্রের মাঝে বট্টন হবে’।<sup>১৩৬</sup>

(২) মিসকীন : যাকাত প্রদানের ৮টি খাতের মধ্যে দ্বিতীয় খাত হিসাবে আল্লাহ তা‘আলা মিসকীনকে উল্লেখ করেছেন। আর মিসকীন হল ঐ ব্যক্তি যে নিজের প্রয়োজন মিটাতেও পারে না, মুখ ফুটে চাইতেও পারে না। বাহ্যিকভাবে তাকে সচ্ছল বলেই মনে হয়। হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ الْمِسْكِينُ الَّذِي يَطُوفُ عَلَى النَّاسِ تَرْدُهُ اللُّقْمَةُ وَاللُّقْمَتَانِ وَالتَّمْرَةُ وَالتَّمْرَتَانِ، وَلَكِنَّ الْمِسْكِينُ الَّذِي لَا يَجِدُ غِنَى يُعْنِيهِ، وَلَا يُفْطَنُ بِهِ فَيُنَصَّدِّقُ عَلَيْهِ، وَلَا يَقُومُ فَيَسْأَلُ النَّاسَ -

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, এমন ব্যক্তি মিসকীন নয় যে এক মুঠো-দু'মুঠো খাবারের জন্য বা দুই একটি খেজুরের জন্য মানুষের দ্বারে দ্বারে ঘুরে বেড়ায় এবং তাকে তা দেওয়া হলে ফিরে আসে। বরং প্রকৃত মিসকীন হল সেই ব্যক্তি যার প্রয়োজন পূরণ করার মত

১৩৬. বুখারী হা/১৩৯৫, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত ওয়াজিব হওয়া’ অনুচ্ছেদ, বঙ্গমুবাদ বুখারী ২/৭৫ পঃ; মুসলিম হা/১৯।

যথেষ্ট সঙ্গতী নেই। অথচ তাকে চেনাও যায় না যাতে লোকে তাকে ছাদাক্তাহ্ করতে পারে এবং সে নিজেও মানুষের নিকট কিছু চায় না।<sup>১৩৭</sup>

(৩) যাকাত আদায়কারী ও হেফায়তকারী : আল্লাহ তা'আলা যাকাত প্রদানের তৃতীয় খাত হিসাবে ঐ ব্যক্তিকে উল্লেখ করেছেন, যে ব্যক্তি যাকাত আদায়, হেফায়ত ও বণ্টনের কাজে নিয়োজিত। অতএব উক্ত ব্যক্তি সম্পদশালী হলেও সে চাইলে যাকাতের অংশ গ্রহণ করতে পারবে।<sup>১৩৮</sup>

হাদীছে এসেছে,

عَنِ ابْنِ السَّاعِدِيِّ الْمَالِكِيِّ أَنَّهُ قَالَ إِسْتَعْمَلْنِيْ عُمَرُ بْنُ الْخَطَابِ رضى الله عنه عَلَى الصَّدَقَةِ فَلَمَّا فَرَغْتُ مِنْهَا وَأَدَيْتُهَا إِلَيْهِ أَمَرَ لِيْ بِعُمَالَةِ فَقُلْتُ إِنِّي عَمِلْتُ لِلَّهِ وَأَجْرِي عَلَى اللَّهِ، فَقَالَ خُذْ مَا أُعْطِيْتَ فَإِنِّي عَمِلْتُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَمَّلْنِيْ فَقُلْتُ مِثْلَ قَوْلِكَ فَقَالَ لِيْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أُعْطِيْتَ شَيْئًا مِنْ غَيْرِ أَنْ تَسْأَلَ فَكُلْ وَتَصَدَّقْ -

ইবনু সায়েদী আল-মালেকী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ওমর ইবনুল খাত্বাব (রাঃ) আমাকে যাকাত আদায়কারী হিসাবে নিযুক্ত করলেন। যখন আমি কাজ শেষ করলাম এবং তাঁর কাছে পৌছিয়ে দিলাম তখন তিনি নির্দেশ দিলেন আমাকে পারিশ্রমিক দেওয়ার জন্য। আমি বললাম, আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্যই আমি ইহা করেছি। সুতরাং আমি আল্লাহর নিকট থেকেই এর প্রতিদান নেব। তিনি বললেন, আমি যা দিছি তা নিয়ে নাও। কেননা আমিও রাসূলুল্লাহ (ছাঃ)-এর সময় যাকাত আদায়কারীর কাজ করেছি। তখন তিনিও আমাকে পারিশ্রমিক প্রদানের নির্দেশ দিয়েছিলেন। তখন আমিও তোমার মত একুশ কথা বলেছিলাম। রাসূল (ছাঃ) আমাকে বলেছিলেন, যখন তুমি না চাওয়া সত্ত্বেও তোমাকে কিছু দেওয়া হয়, তখন তুমি তা গ্রহণ কর। তুমি তা নিজে খাও অথবা ছাদাক্তাহ্ কর।<sup>১৩৯</sup>

১৩৭. বুখারী হা/১৪৭৯, ৮৫৩৯; মুসলিম হা/১০৩৯; মিশকাত হা/১৮২৮।

১৩৮. শারহুল মুনতে ৬/২২৫।

১৩৯. মুসলিম হা/১০৪৫; মিশকাত হা/১৮৫৪।

অন্য হাদীছে এসেছে,

عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَحْلِ الصَّدَقَةُ لِغَنِيٍّ إِلَّا لِخَمْسَةِ لَعَازِرٍ فِي سَيِّلِ اللَّهِ أَوْ لِعَامِلٍ عَلَيْهَا أَوْ لِغَارِمٍ أَوْ لِرَجُلٍ اشْتَرَاهَا بِمَا لَهُ أَوْ لِرَجُلٍ كَانَ لَهُ جَارٌ مِسْكِينٌ فَتُصْدِقَ عَلَى الْمِسْكِينِ فَأَهْدَاهَا الْمِسْكِينُ لِلْغَنِيِّ<sup>١٨٠</sup>

আতা ইবনু ইয়াসার (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, সম্পদশালী ব্যক্তির জন্য যাকাত গ্রহণ হালাল নয়। তবে পাঁচ শ্রেণীর ধনীর জন্য তা জায়েয়। (১) আল্লাহর পথে জিহাদরত ব্যক্তি। (২) যাকাত আদায়ে নিয়োজিত কর্মচারী। (৩) খণ্ড্রান্ত ব্যক্তি। (৪) যে ব্যক্তি যাকাতের মাল নিজ মাল দ্বারা ক্রয় করেছে এবং (৫) মিসকীন প্রতিবেশী তার প্রাপ্ত যাকাত থেকে ধনী ব্যক্তিকে উপটোকন দিয়েছে।<sup>১৮০</sup>

(৪) ইসলামের প্রতি আকৃষ্ট করার জন্য কোন অমুসলিমকে যাকাত প্রদান করা : ইসলামের প্রতি আকৃষ্ট করার লক্ষ্যে অথবা কোন অনিষ্ট বা কাফেরের ক্ষতি থেকে রক্ষা পাওয়ার লক্ষ্যে কোন অমুসলিমকে যাকাতের অর্থ প্রদান করা যায়।<sup>১৮১</sup>

হাদীছে এসেছে,

عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ بَعَثَ عَلَىٰ رَضِيَ اللَّهُ عَنْهُ وَهُوَ بِالْيَمِينِ بِذَهَبَةٍ فِي ثُرُبَتِهَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَسَمَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنَ أَرْبَعَةِ نَفَرٍ الْأَفْرَعُ بْنُ حَابِسٍ الْحَنْظَلِيُّ وَعَيْنِيَّةُ بْنُ بَدْرٍ الْفَزَارِيُّ وَعَلْقَمَةُ بْنُ عُلَيْتَةَ الْعَامِرِيُّ ثُمَّ أَحَدُ بَنِيِّ كَلَابٍ وَرَزِيدُ الْخَيْرِ الطَّائِيُّ ثُمَّ أَحَدُ بَنِيِّ تَبَهَّانَ قَالَ فَعَضِيبَتْ قُرْيَشٌ فَقَالُوا أَعْطِي صَنَادِيدَ نَجْدٍ وَتَدَعُنا فَقَالَ رَسُولُ اللَّهِ

১৮০. আবুদাউদ হা/১৬৩৫; মিশকাত হা/১৮৩৩; আলবানী, সনদ ছহীহ; ছহীহল জামে' হা/৭২৫০।

১৮১. শারহল মুনতে ৬/২২৬।

صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا فَعَلْتُ ذَلِكَ لِأَنَّا لَفَلَفْهُمْ فَحَمَاءَ رَجُلٌ كَثُرُ الْحِحَةِ  
 مُشْرِفٌ الْوَجْهَتَيْنِ عَائِرُ الْعِينَيْنِ نَاتِيُ الْجَهِينِ مَحْلُوقُ الرَّأْسِ فَقَالَ أَتَقِنَ اللَّهَ يَا  
 مُحَمَّدُ قَالَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَنْ يُطِعُ اللَّهَ إِنْ عَصَيَهُ  
 أَيُّمُنِي عَلَى أَهْلِ الْأَرْضِ وَلَا تَأْمُنُونِي قَالَ ثُمَّ أَذْبَرَ الرَّجُلُ فَاسْتَأْذَنَ رَجُلٌ مِنَ  
 الْقَوْمِ فِي قَتْلِهِ يُرَوْنَ أَنَّهُ حَالِدُ بْنُ الْوَلَيدِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ  
 إِنَّ مِنْ ضِئْضِيَ هَذَا قَوْمًا يَقْرَعُونَ الْقُرْآنَ لَا يُحَاوِرُ حَنَاجِرَهُمْ يَقْتَلُونَ أَهْلَ  
 الإِسْلَامِ وَيَدْعُونَ أَهْلَ الْأَوْثَانِ يَمْرُقُونَ مِنَ الإِسْلَامِ كَمَا يَمْرُقُ السَّهْمُ مِنَ  
 الرَّمِيَّةِ لَئِنْ أَدْرَكُهُمْ لَا قُتْلَتَهُمْ قُتْلَ عَادِ-

আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আলী (রাঃ) নবী (ছাঃ)-  
 এর নিকট কিছু স্বর্গের টুকরো পাঠালেন। তিনি তা চার ব্যক্তির মাঝে বণ্টন  
 করে দিলেন। (১) আল-আকরা ইবনু হানযালী যিনি মাজায়েশী গোত্রের লোক  
 ছিলেন। (২) উআইনা ইবনু বাদার ফায়ারী। (৩) যায়েদ তায়ী, যিনি পরে  
 বনী নাবহান গোত্রের ছিলেন। (৪) আলকামাহ ইবনু উলাছাহ আমেরী, যিনি  
 বনী কিলাব গোত্রের ছিলেন। এতে কুরাইশ ও আনসারগণ অসন্তুষ্ট হলেন  
 এবং বলতে লাগলেন, নবী (ছাঃ) নজদবাসী নেতৃবৃন্দকে দিচ্ছেন আর  
 আমাদেরকে দিচ্ছেন না। তখন নবী (ছাঃ) বললেন, আমি তো তাদেরকে  
 আকৃষ্ট করার জন্য এমন মনরঙ্গন করছি। তখন এক ব্যক্তি সামনে এগিয়ে  
 আসল, যার চোখ দুঁটি কোটরাগত, গওন্দয় ঝুলে পড়া, কপাল উঁচু, ঘন দাঢ়ি  
 এবং মাথা মোড়ানো ছিল। সে বলল, হে মুহাম্মাদ! আল্লাহকে ভয় করুন।  
 তখন তিনি বললেন, আমিই যদি নাফরমানী করি তাহলে আল্লাহর আনুগত্য  
 করবে কে? আল্লাহ আমাকে পৃথিবীবাসীর উপর আমানতদার বানিয়েছেন, আর  
 তোমরা আমাকে আমানতদার মনে করছ না। তখন এক ব্যক্তি তাঁর নিকট  
 তাকে হত্যা করার অনুমতি চাইল। (আবু সাঈদ (রাঃ) বলেন, আমি তাকে  
 খালিদ ইবনু ওয়ালিদ বলে ধারণা করছি। কিন্তু নবী (ছাঃ) তাকে নিষেধ  
 করলেন। অতঃপর যখন অভিযোগকারী লোকটি ফিরে গেল, তখন নবী (ছাঃ)

বললেন, এ ব্যক্তির বৎশ হতে বা এ ব্যক্তির পরে এমন কিছু সংখ্যক লোক হবে তারা কুরআন পড়বে, কিন্তু তা তাদের কঠিনালী অতিক্রম করবে না। দ্বীন হতে তারা এমনভাবে বের হয়ে যাবে যেমনি ধনুক হতে তীর বেরিয়ে যায়। তারা ইসলামের অনুসারীদেরকে হত্যা করবে আর মুর্তি পূজারীদেরকে হত্যা করা থেকে বিরত থাকবে। আমি যদি তাদেরকে পেতাম তাহলে তাদেরকে আদ জাতির মত অবশ্যই হত্যা করতাম।<sup>১৪২</sup>

(৫) দাস মুক্তির জন্য : যারা লিখিত কোন চুক্তির বিনিময়ে দাসে পরিণত হয়েছে। তাদেরকে মালিকের নিকট থেকে ক্রয়ের মাধ্যমে মুক্ত করার লক্ষ্যে যাকাতের অর্থ প্রদান করা যায়। অনুরূপভাবে বর্তমানে কোন মুসলিম ব্যক্তি অনুসলিমদের হাতে বন্দি হলে সে ব্যক্তিও এই খাতের অন্তর্ভুক্ত হবে।<sup>১৪৩</sup>

হাদীছে এসেছে,

عَنِ الْبَرَاءِ قَالَ جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ دُلْنِيْ عَلَى  
عَمَلِ يُقْرَبِنِي مِنَ الْجَنَّةِ وَيُبَاعِدِنِي مِنَ النَّارِ قَالَ لَكِنْ كُنْتَ أَفْصَرْتَ الْخُطْبَةَ لَقَدْ  
أَعْرَضْتَ الْمَسْأَلَةَ أَعْتَقَ النَّسَمَةَ وَفَكَ الرَّقَبَةَ قَالَ يَا رَسُولَ اللَّهِ أَوْلَيْسَا وَاحِدًا قَالَ  
لَا عَنْقُ النَّسَمَةِ أَنْ تُفْرِدَ بِعْتَقِهَا وَفَكُ الرَّقَبَةِ أَنْ تُعْيِنَ فِي ثَمَنِهَا وَالْمِنْحَةُ  
الْوَكْفُ وَالْفَيْءُ عَلَى ذِي الرَّحْمِ الظَّالِمِ فَإِنْ لَمْ تُطِقْ ذَلِكَ فَكُفَّ لِسَائِلَكَ إِلَّا  
مِنْ خَيْرٍ -

বারা ইবনু আয়েব (রাঃ)-এর নিকট এসে বলল, আমাকে এমন একটি আমল বলে দিন যা আমাকে জাহানের নিকটবর্তী করবে এবং জাহানাম থেকে দূরে রাখবে। রাসূল (ছাঃ) বললেন, প্রশ্ন তো তুমি অল্প কথায় বলে ফেললে; কিন্তু তুমি অত্যন্ত ব্যাপক বিষয় জানতে চেয়েছ। তুমি একটি প্রাণী আয়াদ করে

১৪২. বুখারী হা/৩০৪৪, বঙ্গানুবাদ বুখারী, (তাওহীদ পাবলিকেশন্স) ৩/৩৮০ পৃঃ; মুসলিম হা/১০৬৪।

১৪৩. শারহল মুনতে ৬/২৩০।

দাও এবং একটি দাস মুক্ত করে দাও। লোকটি বলল, এ উভয়টি কি একই কাজ নয়? তিনি বললেন, না (উভয়টি এক নয়)। কেননা একটি প্রাণী আয়াদ করার মানে হল, তুমি একাকী গোটা প্রাণীকে মুক্ত করে দিবে। আর একটি দাস মুক্ত করার অর্থ হল, তার মুক্তির জন্য কিছু মূল্য প্রাদানের মাধ্যমে সাহায্য করবে। (এড়িন জান্নাতে প্রবেশকারী কাজের মধ্যে অন্যতম হল) প্রচুর দুধ প্রদানকারী জানোয়ার দান করা এবং এমন নিকটতম আত্মীয়ের প্রতি অনুগ্রহ করা, যে তোমার উপর অত্যাচারী। যদি তুমি এ সমস্ত কাজ করতে সক্ষম না হও, ক্ষুদ্রার্থকে খাদ্য দান কর এবং পিপাসিতকে পানি পান করাও। সৎ কাজের আদেশ এবং অসৎ কাজ হতে নিষেধ কর। আর যদি তোমার দ্বারা এ কাজ করাও সম্ভব না হয়, তবে কল্যাণকর কথা ব্যতীত অন্য কথা থেকে তোমার জিহ্বাকে সংযত রাখ।<sup>188</sup>

উল্লিখিত হাদীছে ইসলাম দাসমুক্তিকে জান্নাত লাভের বিশেষ মাধ্যম হিসাবে উল্লেখ করেছে। আর দাসমুক্তির জন্য যেহেতু প্রচুর অর্থের প্রয়োজন হয়, সেহেতু আন্নাহ তা'আলা ইসলামী অর্থনীতির প্রধান উৎস যাকাত বণ্টনের খাত সমূহের মধ্যে দাসমুক্তিকে উল্লেখ করেছেন।

(৬) **খণ্ডন্ত ব্যক্তি :** খণ্ডন্ত ব্যক্তিকে তার খণ থেকে মুক্ত করার লক্ষ্যে যাকাত প্রদান করা যাবে। হাদীছে এসেছে,

عَنْ قَبِيْصَةَ بْنِ مُخَارِقِ الْهِلَالِيِّ قَالَ تَحَمَّلْتُ حَمَالَةً فَأَكَيْسْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْلَهُ فِيهَا فَقَالَ أَقِمْ حَتَّى تَأْتِيَنَا الصَّدَقَةُ فَنَامَ لَكَ بِهَا قَالَ ثُمَّ قَالَ يَا قَبِيْصَةُ إِنَّ الْمَسَالَةَ لَا تَحِلُّ إِلَّا لَأَحَدِ ثَلَاثَةِ رَجُلٍ تَحَمَّلْ حَمَالَةً فَحَلَّتْ لَهُ الْمَسَالَةُ حَتَّى يُصِيبَهَا ثُمَّ يُمْسِكُ وَرَجُلٌ أَصَابَتْهُ جَائِحَةً احْتَاجَتْ مَالَهُ فَحَلَّتْ لَهُ الْمَسَالَةُ حَتَّى يُصِيبَ قَوَاماً مِنْ عِيْشِ أَوْ قَالَ سِدَادًا مِنْ عِيْشِ وَرَجُلٌ أَصَابَتْهُ فَاقَةً حَتَّى يَقُومَ ثَلَاثَةً مِنْ ذُوِّ الْحِجَّا مِنْ قَوْمِهِ لَقَدْ أَصَابَتْ فُلَانًا فَاقَةً فَحَلَّتْ

188. মুসনাদে আহমাদ হা/১৮৬৭০; আদাৰুল মুফরাদ হা/৬৯; মিশকাত হা/৩৩৮-৪, বঙ্গানুবাদ মিশকাত (এমদাদিয়া) ৭/৩ পৃঃ; আলবাবী, সনদ ছহীহ।

لَهُ الْمَسْأَلَةُ حَتَّىٰ يُصِيبَ قَوَاماً مِنْ عَيْشٍ أَوْ قَالَ سِدَادًا مِنْ عَيْشٍ فَمَا سِوَاهُنَّ  
مِنَ الْمَسْأَلَةِ يَا فَيْصَةُ سُحْتًا يَا كُلُّهَا صَاحِبُهَا سُحْتًا-

কাবীছা ইবনু মাখারেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একবার আমি কিছু খণ্ডের যিম্মাদার হয়েছিলাম। অতএব এ ব্যাপারে কিছু চাওয়ার জন্য আমি রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট গেলাম। তিনি আমাকে বললেন, (মদীনায়) আবস্থান কর যতক্ষণ পর্যন্ত আমার নিকট যাকাতের মাল না আসে। তখন আমি তা হতে তোমাকে কিছু দেওয়ার নির্দেশ দান করব। অতঃপর রাসূল (ছাঃ) বললেন, মনে রেখ হে কাবীছা! তিনি ব্যক্তি ব্যতীত অন্য কারো জন্য (যাকাতের মাল হতে) সাহায্য চাওয়া হালাল নয়। (১) যে ব্যক্তি কোন খণ্ডের যিম্মাদার হয়েছে তার জন্য (যাকাতের মাল হতে) সাহায্য চাওয়া হালাল যতক্ষণ না সে তা পরিশোধ করে। তারপর তা বন্ধ করে দিবে। (২) যে ব্যক্তি কোন বালা মুছীবতে আক্রমণ হয়েছে যাতে তার সম্পদ ধ্বংস হয়ে গেছে তার জন্য (যাকাতের মাল হতে) সাহায্য চাওয়া হালাল যতক্ষণ না তার প্রয়োজন পূর্ণ করার মত অথবা তিনি বলেছেন, বেঁচে থাকার মত কোন কিছু লাভ করে এবং (৩) যে ব্যক্তি অভাবগ্রস্ত হয়েছে এমনকি তার প্রতিবেশীদের মধ্যে জ্ঞান-বুদ্ধি সম্পন্ন তিনি জন ব্যক্তি তার দারিদ্র্যের ব্যাপারে সাক্ষী প্রদান করেছে তার জন্য (যাকাতের মাল থেকে) সাহায্য চাওয়া হালাল যতক্ষণ না সে তার জীবিকা নির্বাহের মত অথবা তিনি বলেছেন, বেঁচে থাকার মত কিছু লাভ করে। হে কাবীছা! এরা ব্যতীত যারা (যাকাতের মাল থেকে) চায় তারা হারাম খাচ্ছে।<sup>১৪৫</sup>

(৭) আল্লাহর রাস্তায় : আল্লাহর দ্বীনকে সমৃদ্ধ করার লক্ষ্যে যে কোন ধরনের প্রচেষ্টা ‘ফী সাবিলিল্লাহ’ বা আল্লাহর রাস্তার অন্তর্ভুক্ত। জিহাদ, দ্বীনী ইলম অর্জনের যাবতীয় পথ এবং দ্বীন প্রচারের যাবতীয় মাধ্যম এ খাতের অন্তর্ভুক্ত। হাদীছে এসেছে,

আতা ইবনু ইয়াসার (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, সম্পদশালী ব্যক্তির জন্য যাকাত গ্রহণ হালাল নয়। তবে পাঁচ শ্রেণীর ধনীর

১৪৫. মুসলিম হা/১০৮৮; মিশকাত হা/১৮৩৭।

জন্য তা জায়েয়। (১) আল্লাহর পথে জিহাদরত ব্যক্তি। (২) যাকাত আদায়ে নিয়োজিত কর্মচারী। (৩) খণ্ডন্ত ব্যক্তি। (৪) যে ব্যক্তি যাকাতের মাল নিজ মাল দ্বারা ক্রয় করেছে এবং (৫) মিসকীন প্রতিবেশী তার প্রাপ্ত যাকাত থেকে ধনী ব্যক্তিকে উপটোকন দিয়েছে।<sup>১৪৬</sup>

(৮) **মুসাফির :** সফরে গিয়ে ঘার পাথের শেষ হয়ে গেছে সে ব্যক্তিকে যাকাতের অর্থ প্রদান করে বাড়ী পর্যন্ত পৌছানোর ব্যবস্থা করতে যাকাতের অর্থ দান করা যাবে। এক্ষেত্রে উক্ত মুসাফির সম্পদশালী হলেও তাকে যাকাত প্রদান করা যাবে।

### শক্তিশালী ও কর্মক্ষম ব্যক্তির যাকাতের মাল ভক্ষণের হ্রকুম

শক্তিশালী ও কর্মক্ষম ব্যক্তির জন্য যাকাতের মাল ভক্ষণ করা বৈধ নয়। হাদীছে এসেছে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَحْلِ الصَّدَقَةُ لِغَنِيٍّ  
وَلَا لِذِي مَرَّةٍ سَوِيٍّ

আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত, নবী (ছাঃ) বলেছেন, ‘সম্পদশালী ব্যক্তির জন্য যাকাত হালাল নয় এবং সুস্ত-সবল ব্যক্তির জন্যও হালাল নয়’।<sup>১৪৭</sup> অন্য হাদীছে এসেছে,

عَنْ عَدِيِّ بْنِ الْخَيَارِ قَالَ أَخْبَرَنِي رَجُلٌ أَنْهُمَا أَتَيَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ وَهُوَ يَقْسِمُ الصَّدَقَةَ فَسَأَلَاهُ مِنْهَا فَرَفَعَ فِينَا الْبَصَرَ وَخَفَضَهُ فَرَأَانَا جَلَدِينِ فَقَالَ إِنْ شِئْتُمَا أَعْطِيْتُكُمَا وَلَا حَظًّا فِيهَا لِغَنِيٍّ وَلَا لِقَوِيٍّ  
مُكْتَسِبٍ-

১৪৬. আবুদাউদ হা/১৬৩৫; মিশকাত হা/১৮৩৩; আলবানী, সনদ ছহীহ; ছহীহল জামে' হা/৭২৫০।

১৪৭. তিরমিয়ী হা/৬৫২; নাসাই হা/২৫৯৭; ইবনু মাজাহ হা/১৮৩৯; মিশকাত হা/১৮৩০; আলবানী, সনদ ছহীহ; ছহীহল জামে' হা/৭২৫১।

আদী ইবনুল খিয়ার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ‘দুই ব্যক্তি আমাকে বর্ণনা করেছেন যে, তারা বিদায় হজ্জের সময় রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকট আসলেন। তখন তিনি ছাদাকাহ (যাকাত) বণ্টন করছিলেন। তারা উভয়ে তাঁর নিকট (যাকাত) থেকে কিছু চাইলেন। তিনি আমাদের দিকে চোখ তুলে তাকালেন এবং নীচু করলেন। তিনি দেখলেন, আমরা দু'জনই স্বাস্থ্বান। তিনি বললেন, যদি তোমরা চাও আমি তোমাদেরকে দিব। তবে তাতে বিভিশালীর এবং কর্মক্ষম ব্যক্তির অংশ নেই’।<sup>১৪৮</sup>

### পিতা-মাতাকে যাকাত দেওয়ার বিধান

পিতা-মাতাকে যাকাতের মাল দেওয়া জায়েয নয়। কেননা সন্তান-সন্ততি ও তার সম্পদ মূলত পিতা-মাতারই। এছাড়া সন্তানের উপর একান্ত কর্তব্য হল, তার সম্পদ থেকে পিতা-মাতার ভরণ-পোষণ বহন করা। হাদীছে এসেছে,

عَنْ عَمِّرُو بْنِ شُعَيْبٍ أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِي مَالًا وَوَلَدًا وَإِنَّ وَالدِّيْ يَحْتَاجُ مَالِيْ قَالَ أَنْتَ وَمَالُكُ لِوَالدِّكَ إِنَّ أَوْلَادَكُمْ مِنْ أَطْيَبِ كَسْبِكُمْ فَكُلُّوا مِنْ كَسْبِ أَوْلَادِكُمْ -

আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত, এক ব্যক্তি নবী (ছাঃ)-এর নিকট এসে বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমার সম্পদ ও সন্তান রয়েছে। আমার পিতা আমার সম্পদের মুখাপেক্ষী। তিনি বললেন, তুম এবং তোমার সম্পদ তোমার পিতার জন্য। তোমাদের সন্তানেরা তোমাদের উত্তম উপার্জন। সুতরাং তোমরা তোমাদের সন্তানদের উপার্জন থেকে ভক্ষণ কর।<sup>১৪৯</sup>

### নিজের স্বামীকে যাকাত দেওয়ার বিধান

স্ত্রী যদি নিছাব পরিমাণ সম্পদের মালিক হয়। আর তার স্বামী যদি দরিদ্র হয় তাহলে সে তার স্বামীকে যাকাত দিতে পারে। হাদীছে এসেছে,

১৪৮. আবুদাউদ হা/১৬৩৩; নাসাই হা/২৫৯৮; মিশকাত হা/১৮৩২; আলবানী, সনদ ছহীহ; ছহীল্ল জামে' হা/১৪১৯।

১৪৯. আবুদাউদ হা/৩৫৩০; মিশকাতা হা/৩৩৫৪; আলবানী, সনদ ছহীহ; সিলসিলা ছহীহাহ হা/২৪১৪।

عَنْ زَيْبِ امْرَأَةِ عَبْدِ اللَّهِ قَالَتْ كُنْتُ فِي الْمَسْجِدِ فَرَأَيْتُ النَّبِيَّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ تَصَدَّقْنَ وَلَوْ مِنْ حُلِّيْكُنَّ وَكَانَتْ زَيْبُ تُنْفِقُ عَلَى عَبْدِ اللَّهِ وَإِيْتَامِ فِي حَجَرِهَا، قَالَ فَقَالَتْ لِعَبْدِ اللَّهِ سَلْ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْحَزِرِي عَنِّيْ أَنْ أُنْفِقَ عَلَيْكَ وَعَلَى إِيْتَامِيْ فِي حَجَرِيِّ مِنَ الصَّدَقَةِ فَقَالَ سَلِيْمَيْ أَنْتِ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَنْطَلَقْتُ إِلَى النَّبِيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَجَدْتُ امْرَأَةً مِنَ الْأَنْصَارِ عَلَى الْبَابِ، حَاجَتْهَا مِثْلُ حَاجَتِيْ، فَمَرَّ عَلَيْنَا بِالْأَلْلَامِ فَقُلْنَا سَلَّ النَّبِيَّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْحَزِرِي عَنِّيْ أَنْ أُنْفِقَ عَلَى زَوْجِيِّ وَإِيْتَامِ لِيِّ فِي حَجَرِيِّ وَقُلْنَا لَا تُخْبِرِ بِنَا فَدَخَلَ فَسَالَهُ فَقَالَ مَنْ هُمَا قَالَ زَيْبُ قَالَ أَئِ الْزَّيَّانِبِ قَالَ امْرَأَةُ عَبْدِ اللَّهِ قَالَ نَعَمْ لَهَا أَجْرُ الْقَرَابَةِ وَأَجْرُ الصَّدَقَةِ -

আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ)-এর স্ত্রী যয়নব (রাঃ) বলেন, আমি মসজিদে নববীতে ছিলাম। আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে দেখলাম, তিনি বললেন, তোমরা ছাদাক্তাহ কর যদিও তোমাদের অলংকার থেকে হয়। আর যয়নব (তাঁর স্বামী) আব্দুল্লাহ ইবনু মাসউদ ও তাঁর কোলের এতীমদের জন্য ব্যয় করতেন (যাকাত দিতেন)। তিনি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ)-কে বললেন, রাসূল (ছাঃ)-কে জিজেস করুন, আমি যদি যাকাতের মাল আপনার জন্য এবং আমার কোলের এতীমদের জন্য ব্যয় করি তাহলে যথেষ্ট হবে কি? আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) বললেন, বরং তুমি নিজেই জিজেস কর। তখন আমি নবী (ছাঃ)-এর নিকট গেলাম। দেখলাম আরেকজন আনসারী মহিলা দরজায় অপেক্ষা করছে, সেও আমার ন্যায় প্রয়োজনবোধে এসেছে। এমতাবস্থায় আমাদের নিকট দিয়ে বেলাল (রাঃ) অতিক্রম করছিলেন। আমরা বললাম, নবী (ছাঃ)-কে জিজেস করুন, আমি যদি আমার স্বামী এবং আমার কোলের এতীমদের যাকাত দেই তাহলে কি আমার যাকাত আদায় হবে? আর তাঁকে (রাসূল) আমাদের বিষয়ে বল না। বেলাল (রাঃ) গিয়ে জিজেস করলেন, তখন তিনি বললেন, তারা কারা? বেলাল (রাঃ) বললেন, যয়নব। তিনি আবার জিজেস করলেন, কোন যয়নব? বেলাল (রাঃ) বললেন, তিনি হলেন, ইবনে

মাসউদ (রাঃ)-এর স্ত্রী। তখন রাসূল (ছাঃ) বললেন, হ্যা, তার জন্য দু'টি বিনিময় হবে। ছাদাকুর বিনিময় এবং আত্মীয়তা রক্ষার বিনিময়।<sup>১৫০</sup>

### নিজের স্ত্রী ও সন্তানদেরকে যাকাত দেওয়ার বিধান

নিজের স্ত্রী ও সন্তানদেরকে যাকাতের সম্পদ দেওয়া যাবে না। হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ أَمْرَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالصَّدَقَةِ فَقَالَ رَجُلٌ يَا رَسُولَ اللَّهِ عِنْدِي دِينَارٌ فَقَالَ تَصَدَّقْ بِهِ عَلَى نَفْسِكَ قَالَ عِنْدِي آخَرُ قَالَ تَصَدَّقْ بِهِ عَلَى وَلَدِكَ قَالَ عِنْدِي آخَرُ قَالَ تَصَدَّقْ بِهِ عَلَى زَوْجِكَ أَوْ قَالَ زَوْجِكَ قَالَ عِنْدِي آخَرُ قَالَ تَصَدَّقْ بِهِ عَلَى خَادِمِكَ قَالَ عِنْدِي آخَرُ قَالَ أَنْتَ أَبْصَرُ

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ‘নবী (ছাঃ) ছাদাকুহ করার নির্দেশ দিলেন। তখন এক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল (ছাঃ)! আমার নিকট একটা দীনার রয়েছে। তিনি বললেন, তা তোমার নিজের জন্য ব্যয় কর। লোকটি বলল, আমার নিকট অন্য একটি আছে। তিনি বললেন, তা তোমার সন্তানের জন্য ব্যয় কর। লোকটি বলল, আমার নিকট অন্য একটি আছে। তিনি বললেন, তা তোমার স্বামী অথবা স্ত্রীর জন্য ব্যয় কর। লোকটি বলল, আমার নিকট অন্য আরো একটি আছে। তিনি বললেন, তা তোমার খাদেমের জন্য ব্যয় কর। লোকটি বলল, আমার নিকট অন্য একটি আছে। তিনি বললেন, সে ব্যাপারে তুমি ভেবে-চিন্তে সিদ্ধান্ত নাও’।<sup>১৫১</sup>

উল্লিখিত হাদীছ থেকে প্রমাণিত হয় যে, নিজের স্ত্রীর ভরণ-পোষণের দায়িত্ব স্বামীর উপর এবং পিতা হিসাবে সন্তানের ভরণ-পোষণের দায়িত্বও তার উপর। অতএব নিজের স্ত্রী ও সন্তানদেরকে যাকাত দেওয়া যাবে না।

১৫০. বুখারী হা/১৪৬৬।

১৫১. আবুদাউদ হা/১৬৯১; নাসাই হা/২৫৩৫; মিশকাত হা/১৯৪০; আলবানী, সনদ হাসান; ইরওয়াউল গালীল হা/৮৯৫।

## নিকটাতীয়কে যাকাত দেওয়ার বিধান

কোন নিকটাতীয় প্রকৃতপক্ষে যাকাতের হকদার হলে তাকে যাকাত দেওয়া যাবে। এমনকি এতে দ্বিগুণ ছওয়াব অর্জিত হবে।

হাদীছে এসেছে,

عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّدَقَةُ عَلَى  
الْمُسِكِينِ صَدَقَةٌ وَهِيَ عَلَى ذِي الرَّحْمَةِ شَيْءٌ صَدَقَةٌ وَصِلَةٌ—

সালমান ইবনু আমের (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘মিসকীনকে ছাদাক্তাহ দিলে একটি ছাদাক্তাহ হয়। কিন্তু সে যদি রঙ সম্পর্কীয় নিকটাতীয় হয়, তবে নেকী দ্বিগুণ হয়। (১) ছাদাক্তার নেকী (২) আতীয়তা রক্ষার নেকী’।<sup>১৫২</sup>

## অমুসলিমদেরকে যাকাত দেওয়ার বিধান

যাকাতের মাল কোন অমুসলিমকে দেওয়া শরী‘আত সম্মত নয়। কেননা শুধুমাত্র ধনী মুসলিমদের উপর যাকাত ফরয করা হয়েছে এবং গরীব মুসলিমদের মধ্যে তা বণ্টনের নির্দেশ দেওয়া হয়েছে।

রাসূল (ছাঃ) বলেছেন,

أَنَّ اللَّهَ افْتَرَضَ عَلَيْهِمْ صَدَقَةً فِي أَمْوَالِهِمْ، تُؤْخَذُ مِنْ أَغْنِيَائِهِمْ وَتُرْدَ عَلَى  
فُقَرَاءِهِمْ—

‘আল্লাহ তা‘আলা তাদের উপর তাদের সম্পদে ছাদাক্তাহ (যাকাত) ফরয করেছেন। যেটা তাদের ধনীদের নিকট থেকে গৃহীত হবে আর তাদের দারিদ্রের মাঝে বণ্টন হবে’।<sup>১৫৩</sup>

১৫২. মুসনাদে আহমাদ হা/১৬২৭৭; তিরমিয়ী হা/৬৫৮; মিশকাত হা/১৯৩৯; আলবানী, সনদ ছহীহ।

১৫৩. বুখারী হা/১৩৯৫, ‘যাকাত’ অধ্যায়, ‘যাকাত ওয়াজিব হওয়া’ অনুচ্ছেদ, বঙ্গমুবাদ বুখারী ২/৭৫ পঃ; মুসলিম হা/১৯।

## যাকাতের টাকা দিয়ে মসজিদ ও গোরস্থান তৈরীর বিধান

যাকাতের টাকা দিয়ে মসজিদ ও গোরস্থান তৈরী করা বৈধ নয়। কারণ আল্লাহ তা'আলা যাকাত বিতরণের খাতগুলি নির্ধারণ করে দিয়েছেন। যাকাত হল কেবল ফকৌর, মিসকীন, যাকাত আদায়কারী কর্মচারী, যাদের অন্তর (ইসলামের দিকে) আকর্ষণ করা প্রয়োজন, দাস মুক্তির জন্য, ঝাগ়িত, আল্লাহর রাস্তায় এবং মুসাফিরদের জন্য। এই হল আল্লাহর নির্ধারিত বিধান (তওবা ৯/৬০)। মসজিদ ও গোরস্থান উক্ত খাতের অন্তর্ভুক্ত নয়।

### নিজের প্রদানকৃত যাকাতের মাল পুনরায় ক্রয় করার হুকুম

কোন ব্যক্তিকে যাকাত ও ছাদাক্তাহ প্রদানের পরে পুনরায় উক্ত দানকৃত মাল ক্রয় করা জায়েয় নয়।

হাদীছে এসেছে,

عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ قَالَ سَمِعْتُ عُمَرَ رضى الله عنه يَقُولُ حَمَلْتُ عَلَى فَرَسٍ فِي سَبِيلِ اللهِ، فَأَصَابَهُ الَّذِي كَانَ عِنْدَهُ، فَأَرَدْتُ أَنْ أَشْتَرِيهُ، وَظَنَنتُ أَنَّهُ يَبِيعُ بِرُحْصِنِي، فَسَأَلْتُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَا تَشْتَرِ وَلَا تَعْدُ فِي صَدَقَاتِكَ، وَإِنْ أَعْطَاكَهُ بِدِرْهَمٍ، فَإِنَّ الْعَائِدَ فِي صَدَقَتِهِ كَالْعَائِدِ فِي قَيْمَهِ۔

যায়েদ ইবনু আসলাম (রাঃ)-কে বলতে শুনেছি, তিনি বলেন, ‘আমার একটি ঘোড়া আল্লাহর পথে দান করলাম। যার কাছে ঘোড়টি ছিল সে এর হক্ক আদায় করতে পারল না। তখন আমি তা ক্রয় করার ইচ্ছা করলাম। আমার ধারণা ছিল যে, সে তা কম মূল্যে বিক্রয় করবে। এ সম্পর্কে নবী (ছাঃ)-কে জিজেস করলাম। তিনি বললেন, তুমি তা ক্রয় করবে না এবং তোমার ছাদাক্তাহ ফিরিয়ে নিবে না যদিও সে তোমাকে তা এক দিরহামের বিনিময়ে দেয়। কেননা যে ব্যক্তি নিজের ছাদাক্তাহ ফিরিয়ে নেয় সে এই ব্যক্তির ন্যায় যে নিজের বমি পুনরায় ভক্ষণ করে।’<sup>১৫৪</sup>

১৫৪. বুখারী হা/১৪৯০, ‘যাকাত’ অধ্যায়, বঙ্গনুবাদ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ২/১২২ পৃঃ: মুসলিম হা/১৬২০; মিশকাত হা/১৯৫৪।

## নিজের প্রদানকৃত যাকাতের মালের ওয়ারিছ হলে তার হ্রকুম

যদি কোন ব্যক্তি এমন কাউকে যাকাত প্রদান করে, যার মৃত্যুর পরে সে উক্ত সম্পদের ওয়ারিছ হয়, তাহলে তার জন্য উক্ত ওয়ারিছ সূত্রে প্রাপ্ত সম্পদ ভক্ষণ জায়েয়।

হাদীছে এসেছে

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرِيْدَةَ أَنَّ امْرَأَةً أَتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ كُنْتُ تَصَدَّقْتُ عَلَىٰ أُمِّيْ بِوْلِيدَةٍ وَإِنَّهَا مَاتَتْ وَتَرَكَتْ تِلْكَ الْوِلِيدَةَ قَالَ قَدْ وَجَبَ أَجْرُكَ وَرَجَعَتْ إِلَيْكَ فِي الْمِيرَاثِ -

বুরায়দাহ (রাঃ) হতে বর্ণিত, এক মহিলা রাসূল (ছাঃ)-এর নিকট এসে বললেন, আমি আমার মাকে একটি দাসী দান করেছিলাম। আমার মা তাকে রেখে মৃত্যুবরণ করেছেন। তিনি বললেন, তুমি তোমার দানের নেকী পেয়ে গেছ এবং তা উত্তরাধিকার সূত্রে তোমার নিকট ফিরে এসেছে।<sup>۱۴۴</sup>

## ভুলবশত নির্ধারিত ৮ টি খাতের বাইরে প্রদান করলে যাকাত আদায় হবে কি?

ভুলবশত নির্ধারিত ৮ টি খাতের বাইরে যাকাত প্রদান করলে তা আদায় হয়ে যাবে। পুনরায় তা আদায় করতে হবে না।

হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ رَجُلٌ لَأَتَصَدِّقَنَّ اللَّيْلَةَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ زَانِيَةٍ فَاصْبَحُوا يَتَحَدَّثُونَ تُصْدِقَ اللَّيْلَةَ عَلَى زَانِيَةٍ قَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيَةٍ لَأَتَصَدِّقَنَّ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ غَنِيٍّ فَاصْبَحُوا يَتَحَدَّثُونَ تُصْدِقَ عَلَى غَنِيٍّ قَالَ اللَّهُمَّ لَكَ

১৪৪. আবুদাউদ হা/১৬৫৬, ‘যাকাত’ অধ্যায়, আলবানী, সনদ ছহীহ।

الْحَمْدُ عَلَىٰ غَنِّيٌ لَا تَصْدَقُنَ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ سَارِقٍ فَأَصْبَحُوا يَتَحَدَّثُونَ تُصْدِقَ عَلَىٰ سَارِقٍ فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَىٰ زَانِيَةٍ وَعَلَىٰ غَنِّيٌ وَعَلَىٰ سَارِقٍ فَأَتَيَ فَقِيلَ لَهُ أَمَّا صَدَقَتُكَ فَقَدْ قُبِلَتْ أَمَّا الزَّانِيَةُ فَلَعَلَّهَا تَسْتَعِفُ بِهَا عَنْ زِنَاهَا وَلَعَلَّ الْغَنِّيَ يَعْتَبِرُ فَيُنِيقُ مِمَّا أَعْطَاهُ اللَّهُ وَلَعَلَّ السَّارِقَ يَسْتَعِفُ بِهَا عَنْ سَرْقَتِهِ-

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘এক ব্যক্তি মনস্তির করে বলল, আমি আজ রাত্রে ছাদাক্তাহ করব। সে তার ছাদাক্তাহ নিয়ে বের হল এবং ব্যভিচারিণীর হাতে দিয়ে আসল। এতে লোকজন বলাবলি করতে লাগল, গত রাতে ব্যভিচারিণী ছাদাক্তাহ পেয়েছে। লোকটি বলল, হে আল্লাহ! ব্যভিচারিণীর ছাদাক্তাহ লাভের জন্য তোমার প্রশংসা করছি। পুনরায় আজ আমি ছাদাক্তাহ করব। সে তার ছাদাক্তাহ নিয়ে বের হল এবং একজন ধনী লোকের হতে দিয়ে আসল। এতে লোকজন বলাবলি করতে লাগল, গত রাতে ধনী ব্যক্তি ছাদাক্তাহ পেয়েছে। তখন লোকটি বলল, হে আল্লাহ! ধনী লোকের ছাদাক্তাহ লাভের জন্য আমি তোমার প্রশংসা করছি। আমি আবারও ছাদাক্তাহ করব। সে তার ছাদাক্তাহ নিয়ে বের হল এবং একজন চোরকে দিয়ে আসল। এতে লোকজন বলাবলি করতে লাগল, গত রাতে একজন চোর ছাদাক্তাহ পেয়েছে। লোকটি বলল, হে আল্লাহ! ব্যভিচারিণী, ধনী ও চোরের ছাদাক্তাহ লাভের জন্য তোমার প্রশংসা করছি। তারপর তাকে স্বপ্নে বলা হল, তুমি যে ব্যভিচারিণীকে ছাদাক্তাহ দিয়েছ, সম্ভবত সে তার ব্যভিচার থেকে বিরত থাকবে। আর তুমি যে ধনী ব্যক্তিকে ছাদাক্তাহ করেছ, সম্ভবত সে এটা থেকে উপদেশ গ্রহণ করবে এবং আল্লাহ তাকে যে সম্পদ দিয়েছেন সে তা থেকে দান করবে। আর তুমি যে চোরকে ছাদাক্তাহ দিয়েছ, সম্ভবত সে চুরি থেকে বিরত থাকবে।’<sup>১৫৬</sup>

## নির্ধারিত ৮ টি খাতে যাকাত বণ্টনের পদ্ধতি

আল্লাহ তা'আলা সূরা তওবার ৬০ নম্বর আয়াতে যাকাত প্রদানের যে ৮টি খাত নির্দিষ্ট করে দিয়েছেন তার মধ্যেই যাকাত বণ্টন সীমাবদ্ধ রাখতে হবে। এর বাইরে যাকাত প্রদান করা সিদ্ধ নয়। তবে যাকাতকে সমান ৮ ভাগে ভাগ করতে হবে না। বরং ৮টি খাতের মধ্যে যে খাতগুলো পাওয়া যাবে সেগুলোর মধ্যে প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে কম-বেশী করে যাকাত বণ্টন করতে হবে। এমনকি প্রয়োজনের উপর ভিত্তি করে কোন একটি খাতে সম্পূর্ণ যাকাত প্রদান করলেও তা আদায় হয়ে যাবে।<sup>১৫৭</sup>

## সপ্তম পরিচ্ছেদ

### যাকাতুল ফিতর

#### যাকাতুল ফিতর ফরয হওয়ার দলীল :

আল্লাহ তা'আলা সমগ্র মুসলিম জাতির জন্য আনন্দ ও খুশির দিন হিসাবে ঈদুল ফিতর ও ঈদুল আযহা নামক দু'টি দিন নির্ধারণ করেছেন। ঈদুল ফিতরের খুশির দিনে ধনীদের সাথে গরীবরাও যেন সমানভাবে আনন্দ ও খুশিতে শরীক হতে পারে সেজন্য মুসলমানদের উপর যাকাতুল ফিতর ফরয করা হয়েছে। আল্লাহ তা'আলা বলেন, ‘قَدْ أَفْلَحَ مَنْ تَرَكَى، أَবَشَّ يَحْيَى’ সাফল্য লাভ করবে, যে যাকাত (যাকাতুল ফিতর) আদায় করবে’ (আ'লা ৮৭/১৪)। হাদীছে এসেছে,

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الْفِطْرِ طُهْرَةً لِلصَّائِمِ مِنَ الْلَّعْنِ وَالرَّفْثِ وَطُعْمَةً لِلْمَسَاكِينِ مِنْ أَذَادَاهَا قَبْلَ الصَّلَاةِ فَهِيَ زَكَاةً مَقْبُوْلَةً وَمَنْ أَذَادَهَا بَعْدَ الصَّلَاةِ فَهِيَ صَدَقَةٌ مِنَ الصَّدَّاقَاتِ -

ইবনু আবুস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ‘রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিতর ফরয করেছেন ছিয়াম পালনকারীর অসারতা ও যৌনাচারের পক্ষিলতা থেকে পবিত্র করার জন্য এবং মিসকীনদের খাদ্য স্বরূপ। যে ব্যক্তি তা ছালাতের পূর্বে (ঈদের ছালাত) আদায় করবে তা যাকাত হিসাবে গ্রহণীয় হবে। আর যে ব্যক্তি ছালাতের পরে আদায় করবে তা (সাধারণ) ছাদাক্তার মধ্যে গণ্য হবে’।<sup>১৫৮</sup> অন্য হাদীছে এসেছে,

عَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الْفِطْرِ صَاعًا مِنْ تَمْرٍ، أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى الْعَبْدِ وَالْحُرِّ، وَالذَّكَرِ وَالْأُنْثَى، وَالصَّعِيرِ وَالْكَبِيرِ مِنَ الْمُسْلِمِينَ، وَأَمْرَ بِهَا أَنْ تُؤْتَ دَيْرَ قَبْلَ خُرُوجِ النَّاسِ إِلَى الصَّلَاةِ -

<sup>১৫৮.</sup> আবুদাউদ হা/১৬০৯; ইবনু মাজাহ হা/১৮২৭; আলবানী, সনদ হাসান।

ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, ‘রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিৎর হিসাবে মুসলমানদের ছোট-বড়, পুরুষ-নারী এবং স্বাধীন-দাস প্রত্যেকের উপর এক ছা’ খেজুর অথবা এক ছা’ ঘব ফরয করেছেন এবং তিনি ছালাতের উদ্দেশ্যে লোকেদের বের হওয়ার পূর্বেই তা আদায়ের নির্দেশ দিয়েছেন’।<sup>১৫৯</sup>

## যাকাতুল ফিৎর ফরয হওয়ার জন্য নিছাব পরিমাণ সম্পদের মালিক হওয়া শর্ত কি?

যাকাতুল ফিৎর ফরয হওয়ার জন্য নিছাব পরিমাণ সম্পদের মালিক হওয়া শর্ত নয়। কেননা যাকাতুল ফিৎর ব্যক্তির উপর ফরয; মালের উপর ফরয নয়। মালের সাথে এর কোন সম্পর্ক নেই। মালের কম-বেশীর কারণে এর পরিমাণ কম-বেশী হবে না। রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিৎর হিসাবে মুসলমানদের ছোট-বড়, পুরুষ-নারী এবং স্বাধীন-ক্রীতদাস প্রত্যেকের উপর এক ছা’ খেজুর অথবা এক ছা’ জব ফরয করেছেন।<sup>১৬০</sup>

অত্র হাদীছে রাসূলুল্লাহ (ছাঃ) ছোট ও ক্রীতদাসের উপর যাকাতুল ফিৎর ফরয বলে উল্লেখ করেছেন। যাকাতুল ফিৎর ফরয হওয়ার জন্য নিছাব পরিমাণ সম্পদের মালিক হওয়া শর্ত হলে, ছোট ও ক্রীতদাসের উপর যাকাত ফরয হত না। কেননা সবেমাত্র জন্ম গ্রহণ করা সত্তানও ছোটদের অন্তর্ভুক্ত, যার নিছাব পরিমাণ সম্পদের মালিক হওয়ার কোন প্রশ্নই আসে না। অনুরূপভাবে দাস সাধারণত নিছাব পরিমাণ সম্পদের মালিক হয় না। এজন্যই রাসূলুল্লাহ (ছাঃ) দাসের উপর যাকাতুল ফিৎর ব্যতীত তার সম্পদের যাকাত ফরয করেননি। যেমন হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَيْسَ فِي الْعَبْدِ صَدَقَةٌ إِلَّا صَدَقَةُ الْفِطْرِ

১৫৯. বুখারী হা/১৫০৩, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাদাকাতুল ফিৎর’ অনুচ্ছেদ; মুসলিম হা/৩৮৪; মিশকাত হা/১৮১৫।

১৬০. বুখারী হা/১৫০৩, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাদাকাতুল ফিৎর’ অনুচ্ছেদ; মুসলিম হা/৩৮৪; মিশকাত হা/১৮১৫।

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, ‘ছাদাক্তাতুল ফিৎর ব্যতীত ক্রীতদাসের উপর কোন ছাদাক্তাহ (যাকাত) নেই’।<sup>১৬১</sup>

এছাড়াও রাসূলুল্লাহ (ছাঃ) ধনী-গরীব সকলের উপর যাকাতুল ফিৎর ফরয বলে উল্লেখ করেছেন। তিনি বলেন,

أَدْوِا عَنْ كُلِّ إِنْسَانٍ صَاعِا مِنْ بُرٍّ عَنِ الصَّغِيرِ وَالْكَبِيرِ وَالذَّكَرِ وَالْأُنْثَى وَالْعَنْيِّ  
وَالْفَقِيرِ فَإِمَّا عَنِيْ فَبِرَّ كَيْفَ يَهُ اللَّهُ وَإِمَّا الْفَقِيرُ فَبِرُّ اللَّهِ عَلَيْهِ أَكْثَرُ مِمَّا أَعْطَى -

‘মানুষের মধ্যে প্রত্যেক ছোট-বড়, পুরুষ-নারী, ধনী-গরীবের নিকট থেকে এক ছা’ গম (যাকাতুল ফিৎর) আদায় কর। আর ধনী, যাকে আল্লাহ এর বিনিময়ে পরিত্র করবেন। আর ফকীর, যাকে আল্লাহ এর বিনিময়ে তার প্রদানকৃত যাকাতুল ফিৎরের অধিক ফিরিয়ে দিবেন’।<sup>১৬২</sup>

### যা দ্বারা যাকাতুল ফিৎর আদায় বৈধ

মুসলমানদের উপর যেমন যাকাতুল ফিৎর ফরয করা হয়েছে। তেমনি তা কি দ্বারা আদায় করবে তা ও নির্ধারণ করে দেওয়া হয়েছে। রাসূল (ছাঃ) বলেন, ‘তোমরা ছাদাক্তাতুল ফিৎর আদায় কর এক ছা’ ‘খাদ্যদ্রব্য দ্বারা’।<sup>১৬৩</sup>

অন্য হাদীছে এসেছে,

عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ كُنَّا نُخْرِجُ زَكَةَ الْفِطْرِ صَاعًا مِنْ طَعَامٍ، أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ، أَوْ صَاعًا مِنْ ثَمْرٍ، أَوْ صَاعًا مِنْ أَقْطِيلٍ، أَوْ صَاعًا مِنْ زَبِيبٍ -

১৬১. মুসলিম হা/৯৮২; মিশকাত হা/১৭৯৫।

১৬২. দারাকুতন্তী হা/২১২৭।

১৬৩. ছহীছল জামে’ হা/২৪২; সিলসিলা ছহীহাহ হা/১১৭৯।

আবু সাউদ খুদরী (রাঃ) বলেন, ‘আমরা এক ছা‘ ত্বা‘আম বা খাদ্য অথবা এক ছা‘ যব অথবা এক ছা‘ খেজুর অথবা এক ছা‘ পনির অথবা এক ছা‘ কিশমিশ থেকে যাকাতুল ফিৎৰ বের করতাম’।<sup>১৬৪</sup>

অত্র হাদীছে যাকাতুল ফিৎৰ প্রদানের ব্যাপারে বিভিন্ন খাদ্যশস্যের নাম সহ সাধারণভাবে ‘ত্বা‘আম’ বা খাদ্যের কথা এসেছে, যা দ্বারা পৃথিবীর ঐ সকল খাদ্যশস্যকে বুঝানো হয়েছে, যা মানুষ তাদের দৈনন্দিন জীবনে প্রধান খাদ্য হিসাবে গ্রহণ করে থাকে। হাদীছে সরাসরি চাউলের কথা উল্লেখ না থাকলেও তা যে ‘ত্বা‘আম’ বা খাদ্যের অন্তর্ভুক্ত, তাতে কোন সন্দেহ নেই। কিন্তু ধান খাদ্যের অন্তর্ভুক্ত নয়। কেননা ধান মানুষের সরাসরি খাদ্য নয়। যবের উপরে ধানের ক্ষিয়াস করা যাবে না। কেননা যব খোসা সহ পিষে খাওয়া যায়। কিন্তু ধান খোসা সহ পিষে খাওয়া যায় না। সুতরাং বাংলাদেশের প্রধান খাদ্য হিসাবে চাউল দ্বারা ফিৎৰা প্রদান করাই শরী‘আত সম্মত।

### টাকা দিয়ে যাকাতুল ফিৎৰ আদায় করার হুকুম

টাকা দ্বারা ফিৎৰা আদায়ের রীতি ইসলামের সোনালী যুগে ছিল না। রাসূলুল্লাহ (ছাঃ) ও ছাহাবায়ে কেরাম টাকা দ্বারা ফিৎৰা আদায় করেছেন মর্মে কোন প্রমাণ পাওয়া যায় না। রাসূলুল্লাহ (ছাঃ)-এর যুগে স্বর্ণ ও রৌপ্য মুদ্রা বাজারে চালু থাকা সত্ত্বেও তিনি খাদ্য বস্তু দ্বারা ফিৎৰা আদায় করেছেন, আদায় করতে বলেছেন এবং বিভিন্ন শস্যের কথা হাদীছে উল্লেখ রয়েছে। আবু সাউদ খুদরী (রাঃ) বলেন, ‘আমরা এক ছা‘ ত্বা‘আম বা খাদ্য, অথবা এক ছা যব, অথবা এক ছা খেজুর, অথবা এক ছা পনির, অথবা এক ছা কিশমিশ থেকে যাকাতুল ফিৎৰ বের করতাম।<sup>১৬৫</sup> ইবনু ওমর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিৎৰ হিসাবে মুসলমানদের ছোট-বড়, পুরুষ-নারী এবং স্বাধীন-দাস প্রত্যেকের উপর এক ছা‘ খেজুর অথবা এক ছা‘ যব ফরয করেছেন এবং তিনি ছালাতের উদ্দেশ্যে বের হওয়ার পূর্বেই তা আদায়ের নির্দেশ দিয়েছেন।<sup>১৬৬</sup>

১৬৪. বুখারী হা/১৫০৬; মুসলিম হা/৯৮৫; মিশকাত হা/১৮১৬।

১৬৫. বুখারী হা/১৫০৬; মুসলিম হা/৯৮৫; মিশকাত হা/১৮১৬।

১৬৬. বুখারী হা/১৫০৩, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাদাকাতুল ফিৎৰ’ অনুচ্ছেদ; মুসলিম হা/৩৮৪; মিশকাত হা/১৮১৫।

অতএব খাদ্যশস্য দ্বারা ‘যাকাতুল ফিৎর’ আদায় করাই ইসলামী শরী‘আতের বিধান। টাকা-পয়সা দ্বারা ফিৎরা প্রদান করা তার পরিপন্থী। ছায়েম নিজে যা খান, তা থেকেই ফিৎরা দানের মধ্যে অধিক মহৱত নিহিত থাকে। যে ব্যক্তি ২০ টাকা কেজি দরের চাউল খান সে উক্ত মানের চাউল এক ছা‘ ফিৎরা দিবেন। আর যে ব্যক্তি ৫০ টাকা কেজি দরের চাউল খান সে উক্ত মানের চাউল এক ছা‘ ফিৎরা দিবেন। উল্লেখ্য যে, বর্তমানে টাকা-পয়সার দ্বারা ফিৎরা আদায়ের ফলে একজন রিঞ্চ চালক যে ২০ টাকা কেজি দরের চাউল খায়, আর একজন দেশের মন্ত্রী যে ৭০-১০০ টাকা কেজি দরের চাউল খান, উভয়ের যাকাতুল ফিৎরের মান সমান হয়ে যায়। অর্থাৎ সরকার কর্তৃক নির্ধারিত টাকা দ্বারা রাজা প্রজা সকলেই ফিৎরা আদায় করে থাকে। যা ইসলাম ও মানুষের বিবেক বিরোধী।

### যাকাতুল ফিৎরের পরিমাণ

যাকাতুল ফিৎর হিসাবে কি পরিমাণ খাদ্যশস্য দিতে হবে তার স্পষ্ট বর্ণনা হাদীছে এসেছে,

فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَةَ الْفِطْرِ صَاعًا مِنْ ثَمْرٍ، أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ عَلَى الْعَبْدِ وَالْحُرِّ، وَالذَّكَرِ وَالْأُنْثَى، وَالصَّغِيرِ وَالْكَبِيرِ مِنَ الْمُسْلِمِينَ -<sup>১৬৭</sup>

অর্থাৎ রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিৎর হিসাবে মুসলমানদের ছেট-বড়, পুরুষ-নারী এবং স্বাধীন-দাস প্রত্যেকের উপর এক ছা‘ খেজুর অথবা এক ছা‘ যব ফরয করেছেন।<sup>১৬৭</sup>

অতএব প্রত্যেক মুসলিমকে যাকাতুল ফিৎর হিসাবে এক ছা‘ খাদ্যশস্য প্রদান করতে হবে। বর্তমানে বাংলাদেশে অর্ধ ছা‘ ফিৎরা প্রদানের যে প্রচলন রয়েছে তা কুরআন ও ছহীহ হাদীছ দ্বারা প্রমাণিত নয়। সর্বপ্রথম মু'আবিয়া (রাঃ) কোন এক প্রেক্ষাপটে শুধুমাত্র গমের ক্ষেত্রে অর্ধ ছা‘ ফিৎরা আদায়ের প্রচলন ঘটিয়েছিলেন। আর এটা ছিল মু'আবিয়া (রাঃ)-এর ইজতিহাদ যা আবু সাঈদ

১৬৭. বুখারী হা/১৫০৩, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাদাকাতুল ফিৎর’ অনুচ্ছেদ; মুসলিম হা/৩৮৪; মিশকাত হা/১৮১৫।

খুদরী (রাঃ) সহ অন্যান্য ছাহাবায়ে কেরাম প্রত্যাখ্যান করেছিলেন। হাদীছতি নিম্নরূপ-

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ كُنَّا نُخْرِجُ إِذْ كَانَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَةَ الْفِطْرِ عَنْ كُلِّ صَغِيرٍ وَكَبِيرٍ حُرًّا أَوْ مَمْلُوكٍ صَاعًا مِنْ طَعَامٍ أَوْ صَاعًا مِنْ أَقْطَطٍ أَوْ صَاعًا مِنْ شَعِيرٍ أَوْ صَاعًا مِنْ تَمْرٍ أَوْ صَاعًا مِنْ زَبِيبٍ فَلَمْ تَرَلْ نُخْرِجُهُ حَتَّى قَدِمْ عَلَيْنَا مُعَاوِيَةُ بْنُ أَبِي سُفْيَانَ حَاجًا أَوْ مُعْتَمِرًا فَكَلَمَ النَّاسَ عَلَى الْمِنْبَرِ فَكَانَ فِيمَا كَلَمَ بِهِ النَّاسَ أَنْ قَالَ إِنِّي أُرِي أَنَّ مُدَيْنَ مِنْ سَمْرَاءِ الشَّامَ تَعْدِلُ صَاعًا مِنْ تَمْرٍ فَأَحَدَ النَّاسُ بِذَلِكَ قَالَ أَبُو سَعِيدٍ فَأَمَّا أَنَا فَلَا أَزَالُ أُخْرِجُهُ كَمَا كُنْتُ أُخْرِجُهُ أَبَدًا مَا عِشْتُ۔

আবু সাউদ খুদরী (রাঃ) বলেন যে, আমরা রাসূলুল্লাহ (ছাঃ)-এর জীবন্দশায় প্রত্যেক ছোট-বড়, স্বাধীন-দাস এক ছা' করে খাদ্যবস্তু অথবা এক ছা' পরিন অথবা এক ছা' যব অথবা এক ছা' খেজুর অথবা এক ছা' কিশমিশ 'যাকাতুল ফিৎর' হিসাবে আদায় করতাম। আমরা এরূপভাবেই (যাকাতুল ফিৎর) বের করতাম। এমন সময় মু'আবিয়া ইবনু আবু সুফিয়ান (রাঃ) হজ্জ বা ওমরাহ উপলক্ষে মদীনায় এলেন। (তাঁর সঙ্গে সিরিয়ার গমও এল)। তিনি মসজিদের মিস্বরে দাঁড়িয়ে জনগণকে উদ্দেশ্য করে বললেন, 'আমি মনে করি সিরিয়ার দুই মুদ (অর্ধ ছা') গম (ম্ল্যের দিক দিয়ে) মদীনার এক ছা' খেজুরের সমতুল্য। অতঃপর লোকজন তা গ্রহণ করল। তখন আবুসাউদ খুদরী (রাঃ) বললেন, 'আমি যতদিন দুনিয়ায় বেঁচে থাকব ততদিন তা (অর্ধ ছা' গমের ফিৎরা) কখনোই আদায় করব না। বরং (রাসূলুল্লাহ (ছাঃ)-এর যামানায়) আমি যা দিতাম তাই-ই দিয়ে যাব'।<sup>১৬৮</sup>

একদা আবুসাউদ খুদরী (রাঃ) যাকাতুল ফিৎর সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেন,

১৬৮. বুখারী হা/১৫০৮; মুসলিম হা/৯৮৫।

لَا أَخْرُجُ إِلَّا مَا كُنْتُ أَخْرُجُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَاعَ تَمْرٍ أَوْ صَاعَ شَعْبِيرٍ أَوْ صَاعَ أَقْطَافَ رَجُلٍ مِّنَ الْقَوْمِ : لَوْ مُدَيْنٍ مِّنْ قَمْحٍ؟  
فَقَالَ : لَا تِلْكَ قِيمَةً مُعَاوِيَةً لَا أَقْبَلُهَا وَلَا أَعْمَلُ بِهَا-

অর্থাৎ আমি রাসূল (ছাঃ)-এর যামানায় যেমন এক ছা' খেজুর অথবা এক ছা' যব অথবা এক ছা' পনির হতে যাকাতুল ফির বের করতাম, কখনোই এর ব্যতিক্রম বের করব না । তখন গোত্রে কোন এক ব্যক্তি বললেন, যদি অর্ধ ছা' গম দ্বারা হয়? তিনি বললেন, না; এটা মু'আবিয়া (রাঃ) কর্তৃক নির্ধারিত মূল্য । আমি তা মানব না এবং তার উপর আমলও করব না ।<sup>۱۶۹</sup>

বুখারীর ভাষ্যকার হাফেয় ইবনু হাজার আসক্তালানী (রহঃ) বলেন,

فِي حَدِيثِ أَبِي سَعِيدٍ مَا كَانَ عَلَيْهِ مِنْ شِدَّةِ الاتِّبَاعِ وَالتَّمَسُّكِ بِالْأَثَارِ وَكَرْكِ الدُّولِ إِلَى الاجْتِهَادِ مَعَ وُجُودِ النَّصِّ وَفِي صَنْبِعِ مُعَاوِيَةٍ وَمُوَاقَفَةِ النَّاسِ لَهُ دَلَالَةٌ عَلَى جَوَازِ الاجْتِهَادِ وَهُوَ مَحْمُودٌ لِكُنْهِهِ مَعَ وُجُودِ النَّصِّ فَاسْدِ الإِعْتَبارِ -

অর্থাৎ উল্লিখিত হাদীছে নাচ বা দলীলের উপস্থিতিতে ইজতিহাদ বর্জন করার মাধ্যমে আবু সাওদ খুদরী (রাঃ)-এর হাদীছ ধারণের দ্রুতা ও পূর্ণ ইতিবা প্রমাণিত হয় । আবু মু'আবিয়া (রাঃ)-এর ইজতিহাদ এবং মানুষের তা এহণ করার মাধ্যমে ইজতিহাদ জায়েয় হওয়া প্রমাণ করে যা প্রশংসনীয় । কিন্তু যেখানে দলীল উপস্থিত সেখানে ইজতিহাদ অগ্রহণীয় ।<sup>۱۷۰</sup>

মুসলিমের ভাষ্যকার ইমাম মুহিউদ্দীন নববী (৬৩১-৬৭৬ হিঃ) বলেন,

وَلَيْسَ لِلْقَائِلِينَ بِنَصْفِ صَاعٍ حُجَّةٌ إِلَّا حَدِيثٌ مُعَاوِيَةٌ -

'যারা অর্ধ ছা' গমের কথা বলেন, তাদের মু'আবিয়া (রাঃ)-এর এই হাদীছ ব্যতীত কোন দলীল নেই ।<sup>۱۷۱</sup>

۱۶۹. ছবীহ ইবনু খুয়ায়মা হা/২৪১৯; মুস্তাদুরাক হাকেম হা/১৪৯৫; আল-আ'যামী, সনদ হাসান ।

۱۷۰. ফাতহল বারী ৩/৩৭৪ পঃ, ১৫০৮ নং হাদীছের ব্যাখ্যা ।

۱۷۱. শারহ মুসলিম, ইমাম নববী (রহঃ) ৩/৪৮৭ পঃ, ৩৮৪ নং হাদীছের ব্যাখ্যা ।

অতএব স্পষ্টভাবে প্রমাণিত হয় যে, অর্ধ ছা' গম দ্বারা ফিৎরা আদায় করা মু'আবিয়া (রাঃ)-এর নিজস্ব রায় মাত্র, রাসূল (ছাঃ)-এর উক্তি নয়। যাকে আবু সাউদ খুদরী (রাঃ) সহ অন্যান্য ছাহাবায়ে কেরাম প্রত্যাখ্যান করে রাসূল (ছাঃ)-এর উক্তি ও আমল এক ছা' খাদ্যবস্তু দ্বারা ফিৎরা আদায়ের উপর অটল ছিলেন। কেননা দলীল মওজুদ থাকতে 'ইজতিহাদ' বাতিল বলে গণ্য হয়। তাছাড়া হাদীছে যেসব খাদ্যবস্তুর নাম এসেছে তার সবগুলির মূল্য এক ছিল না। বরং মূল্যে পার্থক্য ছিল। তা সত্ত্বেও সকল খাদ্যবস্তু থেকে এক ছা' করে যাকাতুল ফিৎর আদায় করতে বলা হয়েছে। এতে স্পষ্ট বুঝা যায় যে, রাসূলুল্লাহ (ছাঃ) খাদ্যবস্তুর মূল্যের প্রতি দ্রুপাত না করে তার পরিমাণ বা ওয়নকেই প্রাধান্য দিয়েছেন। উল্লেখ্য যে, কুরআন ও ছহীহ হাদীছের বিপরীতে স্বয়ং রাষ্ট্রীয় আমীরের ভুকুমকে ছাহাবায়ে কেরাম অগ্রাহ্য করেছেন শুধুমাত্র হাদীছের সার্বভৌম অধিকারকে নিশ্চিত করার লক্ষ্যে। অনুরূপভাবে আমাদেরও উচিত হবে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের সার্বভৌম অধিকারকে নিশ্চিত করার লক্ষ্যে মাথা পিছু এক ছা' ফিৎরা আদায় করা।

### যাকাতুল ফিৎর আদায়ের সময়

রামায়ান শেষে শাওয়ালের চাঁদ উদয়ের পর থেকে ঈদের মাঠে গমনের পূর্ব পর্যন্ত সময়ে যাকাতুল ফিৎর আদায় করতে হবে। হাদীছে এসেছে,

عَنْ أَبْنِ عَبَّاسٍ قَالَ فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةً الْفُطْرِ طُهْرَةً لِلصَّائِمِ مِنَ الْلَّعْوِ وَالرَّفَثِ وَطُعْمَةً لِلْمَسَاكِينِ مَنْ أَدَّهَا قَبْلَ الصَّلَاةِ فَهِيَ زَكَاةً مَقْبُولَةً وَمَنْ أَدَّهَا بَعْدَ الصَّلَاةِ فَهِيَ صَدَقَةٌ مِنَ الصَّدَّاقَاتِ -

ইবনু আবুস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিৎর ফরয করেছেন ছিয়াম পালনকারীর অসারতা ও যৌনচারের পক্ষিলতা থেকে পবিত্র করার জন্য এবং মিসকীনদের খাদ্য স্বরূপ। যে ব্যক্তি তা ছালাতের পূর্বে (ঈদের ছালাত) আদায় করবে তা যাকাত হিসাবে গ্ৰহণীয় হবে। আর যে ব্যক্তি ছালাতের পরে আদায় করবে তা (সাধারণ) ছাদাক্তার মধ্যে গণ্য হবে।<sup>১৭২</sup>

১৭২. আবুদাউদ হা/১৬০৯; ইবনু মাজাহ হা/১৮২৭; আলবানী, সনদ হাসান।

অন্য হাদীছে এসেছে, আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ) বলেন,

وَأَمْرَ بِهَا أَنْ تُؤَدَّى قَبْلَ خُرُوجِ النَّاسِ إِلَى الصَّلَاةِ -

তিনি (রাসূল (ছাঃ) ছালাতের উদ্দেশ্যে বের হওয়ার পূর্বেই তা আদায়ের নির্দেশ দিয়েছেন।<sup>۱۷۳</sup>

**زَكَةُ الْفِطْرِ** (ছাঃ) নামকরণ করেছেন; **زَكَةُ الْفِطْرِ** (ছাঃ) নামকরণ করেননি। আর ফিৎর আরস্ত হয় রামাযান শেষে শাওয়ালের চাঁদ উদয়ের পর থেকে।<sup>۱۷۴</sup> অতএব শাওয়ালের চাঁদ উদয়ের পর থেকে সেদের মাঠে যাওয়ার পূর্ব পর্যন্ত সময় যাকাতুল ফিৎর আদায়ের প্রকৃত সময়। তবে প্রয়োজনে এক অথবা দু'দিন পূর্বে থেকে যকাতুল ফিৎর আদায় করা যায়। আব্দুল্লাহ ইবনু ওমর (রাঃ) সৈদুল ফিৎরের এক অথবা দু'দিন পূর্বে ফিৎরা আদায় করেছেন।

হাদীছে এসেছে,

كَانَ ابْنُ عُمَرَ رضي الله عنهما يُعْطِيهَا الَّذِينَ يَقْبِلُونَهَا، وَكَانُوا يُعْطُونَ قَبْلَ الْفِطْرِ بِيَوْمٍ أَوْ يَوْمَيْنِ -

ইবনু ওমর (রাঃ) জমাকারীদের নিকট ছাদাকাতুল ফিৎর প্রদান করতেন। আর তারা সৈদুল ফিৎরের একদিন অথবা দু'দিন পূর্বে তা আদায় করত।<sup>۱۷۵</sup>

ছান্দোল ইবনু খুয়ায়মাতে আব্দুল ওয়ারেছের সূত্রে আইয়ুব থেকে বর্ণিত হয়েছে যে, তাকে জিজেস করা হল,

مَتَى كَانَ ابْنُ عُمَرَ يُعْطِي الصَّاعَ؟ قَالَ إِذَا قَعَدَ الْعَامِلُ، قُلْتُ مَتَى كَانَ الْعَامِلُ يَقْعُدُ؟ قَالَ قَبْلَ الْفِطْرِ بِيَوْمٍ أَوْ يَوْمَيْنِ -

۱۷۳. বুখারী হা/১৫০৩, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাদাকাতুল ফিতর’ অনুচ্ছেদ; মুসলিম হা/৩৮৪; মিশকাত হা/১৮১৫।

۱۷۴. মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন, শারহুল মুমতে’ ৬/১৬৬ পৃঃ।

۱۷۵. বুখারী হা/১৫১১, ‘যাকাত’ অধ্যায়, ‘ছাদাকাতুল ফিতর’ অনুচ্ছেদ।

ইবনু ওমর (রাঃ) ছাদাকাতুল ফিৎৰ কখন প্রদান করতেন? তিনি বললেন, আদায়কারী বসলে। তিনি আবার বললেন, আদায়কারী কখন বসতেন? তিনি বললেন, স্টদের ছালাতের একদিন বা দু'দিন পূর্বে।<sup>১৭৬</sup>

ইমাম বুখারী (রহঃ) বলেন, ‘كَانُوا يُعْطُونَ لِلْحَمْعَ لَا لِلْفُقَرَاءِ,’ তাঁরা জমা করার জন্য দিতেন, ফকীরদের জন্য নয়।<sup>১৭৭</sup>

অতএব শাওয়ালের চাঁদ উদয়ের পর থেকে স্টদের মাঠে যাওয়ার পূর্ব পর্যন্ত সময়ের মধ্যে যাকাতুল ফিৎৰ জমাকারীর নিকট জমা করতে হবে। প্রয়োজনে এক দিন অথবা দু'দিন পূর্বে জমা করা জায়েয়। এই সংক্ষিপ্ত সময়ের মধ্যে যাকাতুল ফিৎৰ জমা করে স্টদের ছালাতের পূর্বে হকদারদের মাঝে বণ্টন করা সম্ভব হলে তা বণ্টন করা জায়েয়। তবে তা মানুষের জন্য কষ্টসাধ্য হয়ে পড়ে। আর কষ্ট সর্বদা সহজতা অঙ্গে করে। তাই স্টদের ছালাতের পূর্বে জমা করে স্টদের ছালাতের পরে বণ্টন করলে মানুষের জন্য সহজ হয়। সুতরাং সামাজিকভাবে যাকাতুল ফিৎৰ জমা করার ব্যবস্থা থাকলে স্টদের ছালাতের পূর্বে জমা করে স্টদের ছালাতের পরেও বণ্টন করবে। আর জমা করার ব্যবস্থা না থাকলে ব্যক্তিগতভাবে স্টদের ছালাতের পূর্বে ফকীর-মিসকীনদের মাঝে বণ্টন করবে।

### যাকাতুল ফিৎৰ বণ্টনের খাত সমূহ

যাকাতুল ফিৎৰ বণ্টনের খাত নিয়ে ওলামায়ে কেরামের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। তবে ছহীহ মত হল, যাকাতুল ফিৎৰ আল্লাহ নির্দেশিত যাকাত থেকে আলাদা নয়। আর আল্লাহ তা'আলা পবিত্র কুরআন মাজীদে যাকাত বণ্টনের ৮টি খাত উল্লেখ করেছেন। তিনি বলেন,

إِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِينِ وَالْعَامِلِينَ عَلَيْهَا وَالْمُؤْلَفَةِ قُلُوبُهُمْ وَفِي الرِّقَابِ  
وَالْعَارِمِينَ وَفِي سَبِيلِ اللَّهِ وَابْنِ السَّبِيلِ فَرِيْضَةٌ مِّنَ اللَّهِ وَاللَّهُ عَلِيهِ حَكِيمٌ

১৭৬. ছহীহ ইবনু খায়ায়মা হা/২৩৯৭; আলবানী, সনদ ছহীহ, ইরওয়াউল গানৌল  
হা/৮৪৬।

১৭৭. ফাতহুল বারী (বৈরূত : দারুল মা'রফা) ৩/৩৭৬ পৃঃ।

‘নিশ্চয়ই ছাদাক্তাহ্ (যাকাত) হচ্ছে ফকীর ও মিসকীনদের জন্য এবং এতে নিয়োজিত কর্মচারীদের জন্য, আর যাদের অন্তর আকৃষ্ট করতে হয় তাদের জন্য; (তা বটেন করা যায়) দাস আযাদ করার ক্ষেত্রে, ঝাগ্রস্তদের মধ্যে, আল্লাহর রাস্তায় এবং মুসাফিরদের মধ্যে। এটি আল্লাহর পক্ষ হতে নির্ধারিত, আর আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়’ (তাৱৰা ৯/৬০)।

তবে ফকীর ও মিসকীন যাকাতুল ফিৎরের অধিক হকদার। কেননা রাসূলুল্লাহ (ছাঃ) যাকাতুল ফিৎরকে طُعْمَةً لِّلْمَسَاكِينِ তথা মিসকীনদের খাদ্যস্বরূপ ফরয করার কথা উল্লেখ করেছেন। রাসূল (ছাঃ)-এর এই বাণী যাকাতুল ফিৎরকে শুধুমাত্র ফকীর-মিসকীনের জন্য খাচ বা নির্দিষ্ট করে দেয় না। বরং এর দ্বারা উদ্দেশ্য হল, যাকাতুল ফিৎরের মধ্যে ফকীর-মিসকীনের খাদ্য নিহীত রয়েছে। আল্লাহ আমাদের সকলকে বুঝার ও মানার তাওফীক দান করুন- আমীন!

## উপসংহার

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন বিধান। যার মধ্যে নিহিত আছে মানব জীবনের যাবতীয় সমস্যার সুষ্ঠু সমাধান। আর অর্থনৈতিক সমস্যা মানব জীবনের সবচেয়ে বড় সমস্যা। বর্তমান বিশ্বের অধিকাংশ দেশে দু'টি প্রধান অর্থনৈতিক মতবাদ প্রচলিত আছে। পুঁজিবাদ বা ধনতান্ত্রিক অর্থব্যবস্থা এবং সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা। এ্যাডম স্মীথের হাত ধরে যে পুঁজিবাদের যাত্রা তাতে শুধুই ব্যক্তিস্বার্থ ও ইন্দ্রিয়পরায়ণতার গন্ধ। ব্যক্তির ভোগ ও তৃপ্তি চূড়ান্ত হতে হবে, সর্বোচ্চ পরিমাণ তৃপ্তি বা উপযোগ লাভের সর্বাত্মক চেষ্টা পুঁজিবাদের মূল দর্শন। সমাজের হতদরিদ্র বা বিষিতদের জন্য ছাড় দেওয়ার কোন সুযোগ সেখানে নেই। সমাজতান্ত্রিক অর্থব্যবস্থাও এর কোন সমাধান বের করতে পারেনি। আদর্শিকভাবে এই দুই বিপরীত মেরুর বিরুদ্ধে ইসলাম আমাদেরকে যাকাতের বিধান দিয়েছে। যার ফলে ব্যক্তির নৈতিক ও মানসিক উন্নতি হয়। সমাজ থেকে শ্রেণীবৈষম্য বিদ্রূপিত হয়। গড়ে ওঠে অসহায় গরীব ও বিত্তবানদের মধ্যে এক সামঞ্জস্যপূর্ণ সম্পর্ক। হাস পায় গাছতলা ও পাঁচতলার ভেডাভেড। যাকাত ধনী-গরীবের মধ্যে পারস্পরিক সম্প্রীতির বন্ধন সুদৃঢ় করে। যাকাত আদায়ের ফলে অন্তর পরিষ্কার ও পরিশুন্দর হয় এবং কৃপণতার মত ঘৃণ্য চরিত্র থেকে মুক্তিলাভ করা যায়। যাকাত ব্যক্তিকে দানশীল, মহানুভব এবং অভাবে জর্জরিত বাধিত মানবতার প্রতি দয়া পরবশ হতে অভ্যন্ত করে। আল্লাহর পক্ষ থেকে বরকত ও বিনিময় লাভ করা যায়। গোনাহ সমূহ মোচন হয়। যাকাত প্রদানের কারণে অর্থের অঙ্ক মোহ হাস পায়। অপচয় হতে মুক্ত থাকা যায় ও গরীব-দুঃখীদের দুঃখ-দুর্দশা লাঘব করার মানসিকতা তৈরী হয়। ফলে দুনিয়াতে গড়ে ওঠে সুশীল ও সুন্দর সমাজ এবং পরকালে অর্জিত হয় জান্মাতের অফুরন্ত নে'মত। আল্লাহ আমাদেরকে তা অর্জন করার তাওফীক দিন। আমীন!

**سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنَّ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ**

### লেখকের বইসমূহ

- (১) কুরআন ও সুন্নাহৰ আলোকে জাহান্নামের ভয়াবহ আয়াব ।
- (২) কুরআন ও সুন্নাহৰ আলোকে তাক্বলীদ ।
- (৩) দৈনন্দিন জীবনে ইসলাম- পরিত্রিতা অধ্যায় ।
- (৪) দৈনন্দিন জীবনে ইসলাম- যাকাত অধ্যায় ।

# দৈনন্দিন জীবনে ইসলাম

যাকাত অধ্যায়

দৈনন্দিন জীবনে ইসলাম

যাকাত অধ্যায়

২.৫%



শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন